# জীববিজ্ঞান

গুরুত্ব বুঝে অধ্যয়ন | অধ্যায়ভিত্তিক সূচিপত্র | নিত্য সবার প্রয়োজন


| অধ্যায় ক্রমঃ | অধ্যায়ের নাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | জীববিজ্ঞান প্রথম পত্র | |
| অধ্যায় – ০১ | কোষ ও এর গঠন | ৬৫৩ |
| অধ্যায় – ০২ | কোষ বিভাজন | ৬৬২ |
| অধ্যায় – ০৩ | কোষ রসায়ন | ৬৬৬ |
| অধ্যায় – ০৪ | অণুজীব | ৬৭১ |
| অধ্যায় – ০৫ | শৈবাল ও ছত্রাক | ৬৭৭ |
| অধ্যায় – ০৬ | ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা | ৬৮০ |
| অধ্যায় – ০৭ | নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ | ৬৮২ |
| অধ্যায় – ০৮ | টিস্যু ও টিস্যুতন্ত্র | ৬৮৬ |
| অধ্যায় – ০৯ | উদ্ভিদ শারীরতত্ত্ব | ৬৮৯ |
| অধ্যায় – ১০ | উদ্ভিদ প্রজনন | ৬৯৫ |
| অধ্যায় – ১১ | জীব প্রযুক্তি | ৬৯৭ |
| অধ্যায় – ১২ | জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ | ৭০০ |

| অধ্যায় ক্রমঃ | অধ্যায়ের নাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | জীববিজ্ঞান দ্বিতীয় পত্র | |
| অধ্যায় – ০১ | প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস | ৭০৪ |
| অধ্যায় – ০২ | প্রাণীর পরিচিতি | ৭০৯ |
| অধ্যায় – ০৩ | পরিপাক ও শোষণ | ৭১৫ |
| অধ্যায় – ০৪ | রক্ত ও সঞ্চালণ | ৭১৯ |
| অধ্যায় – ০৫ | শ্বসন ও শ্বাসক্রিয়া | ৭২৫ |
| অধ্যায় – ০৬ | বর্জ্য ও নিষ্কাশন | ৭২৮ |
| অধ্যায় – ০৭ | চলন ও অঙ্গচালনা | ৭৩১ |
| অধ্যায় – ০৮ | সমন্বয় ও নিয়ন্ত্রণ | ৭৩৫ |
| অধ্যায় – ০৯ | মানব জীবনের ধারাবাহিকতা | ৭৪১ |
| অধ্যায় – ১০ | মানবদেহের প্রতিরক্ষা | ৭৪৪ |
| অধ্যায় – ১১ | জিনতত্ত্ব ও বিবর্তন | ৭৪৭ |
| অধ্যায় – ১২ | প্রাণীর আচরণ | ৭৫৩ |



জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা বইটির **জীববিজ্ঞান** অংশের

বিস্তারিত খুঁটিনাটি জানতে **আসপেক্ট বায়োলজি** বইটি দেখ!!!!!!

দেশের সবচেয়ে অভিজ্ঞ শিক্ষকবৃন্দের দীর্ঘদিনের অভিজ্ঞতায় দেশসেরা

আসপেক্ট সিরিজ-এর বইগুলো সর্বদাই অতুলনীয়



অধ্যায় ০১

# কোষ ও এর গঠন

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশন্স | RATINGS | | |
|---|---|---|---|
| | ★★★ | ★★ | ★ |
| কোষ | কোষের প্রকারভেদ, প্রাথমিক কথা | আবিষ্কার ও আবিষ্কারক | আদিকোষ ও প্রকৃতকোষ |
| কোষের বিভিন্ন অঙ্গাণু | কোষপ্রাচীর, প্লাস্টিড, মাইটোকন্ড্রিয়া, নিউক্লিয়াস | কোষঝিল্লি, রাইবোসোম, গলগিবস্তু | লাইসোসোম, সেন্ট্রিওল, ER |
| বংশগতি | ক্রোমোসোম, DNA | নিউক্লিক এসিড, RNA | কোড ও কোডন |

## TOPIC-01 কোষীয় অঙ্গাণুর আবিষ্কার ও বিভিন্ন নাম

**আবিষ্কারের পথে আবিষ্কারকের সাথে**

- কোষ- রবার্ট হুক (1665)
- প্রোটোপ্লাজম/প্রোটোপ্লাস্ট- পার্কিনজে
- কোষ প্রাচীর- রবার্ট হুক
- নিউক্লিয়াস- রবার্ট ব্রাউন (1831)
- মাইটোকন্ড্রিয়া- কলিকার (1850) (নামকারক-কার্ল বেন্ডা)।
- গলগি বস্তু- ক্যামিলো গলগি (1898)
- লাইসোজোম- আলেকজান্ডার ফ্লেমিং
- রাইবোজোম- প্যালেড
- নিউক্লিক এসিড- মিশার
- প্লাস্টিড- শিম্পার
- প্লাজমা মেমব্রেন- কার্ল নাগেলী (1855)
- পারঅক্সিসোম- দ্য দু'বে
- জিন- মেন্ডেল
- কৃত্রিম জিন/ জেনেটিক কোড- হর গোবিন্দ খোরানা
- জীবিত কোষ পর্যবেক্ষণ- লিউয়েন হুক
- ক্লোরোপ্লাস্ট- শিম্পার (1883)

**কি নামে ডাকিব তোমায়**

- মাইটোকন্ড্রিয়া- শক্তি ঘর বা পাওয়ার হাউজ
- রাইবোসোম- প্রোটিন ফ্যাক্টরি
- ক্লোরোপ্লাস্ট- শক্তি রূপান্তরের অঙ্গানু, কোষের রান্নাঘর, শর্করা জাতীয় খাদ্যের কারখানা।
- গল্‌গি বডি- লাইপোকন্ড্রিয়া, ডিকটিয়োসোম, ট্রাফিক পুলিশ, কার্বহাইড্রেট ফ্যাক্টরি, ইডিওসোম
- লাইসোসোম- আত্মঘাতী থলিকা, সুইসাইডাল স্কোয়াড, এনজাইমের আঁধার
- নিউক্লিয়াস- কোষের প্রাণ কেন্দ্র
- প্রোটোপ্লাজম- জীবনের ভৌত ভিত্তি
- ক্রোমোজোম- বংশগতির ভৌত ভিত্তি
- এনজাইম- প্রোটিন তৈরীর ফার্ম/ কর্মী
- অ্যামাইনো এসিড- প্রোটিন তৈরীর কাঁচামাল
- RNA- প্রোটিন তৈরীর ব্লু-প্রিন্ট
- DNA- প্রোটিন তৈরীর মাষ্টার প্ল্যান বলা হয়

## TOPIC-02 প্রাথমিক কথা

- জীবের গঠন ও কার্যিক একককে কোষ বলে
- সবচেয়ে ছোট কোষ মাইকোপ্লাজমা (PPLO- Pleuron Pneumonia Like Organism)
- সবচেয়ে বড় কোষ উট পাখির ডিম (17 × 12.5 সে.মি.)
- মানবদেহে সবচেয়ে দীর্ঘতম কোষ হচ্ছে নিউরন কোষ (1.37 মিটার লম্বা)
- জীববিদ্যার যে শাখায় কোষ নিয়ে আলোচনা করা হয় তাকে কোষবিদ্যা বা সাইটোলজি বলে।
- রবার্ট হুক কোষ বিদ্যার জনক তবে, আধুনিক কোষ বিদ্যার জনক সোয়ানসন
- "Cell" শব্দের প্রবর্তক - রবার্ট হুক

➤ **কোষ তত্ত্ব:** জার্মান উদ্ভিদবিজ্ঞানী শ্লেইডেন ও প্রাণীবিজ্ঞানী থিওডোর সোয়ান (১৮৩৮-১৮৩৯) সালে কোষ তত্ত্ব প্রদান করেন। ১৮৫৫ সালে আবার ভারচু কোষ তত্ত্ব প্রদান করেন।

➤ **এন্ডোসিমবায়োসিস:** নিউক্লিয়াস বিশিষ্ট একটি পোষক কোষে বায়বীয় ও ফটোসিনথেটিক ব্যাকটেরিয়া প্রবেশ করে টিকে থাকার প্রক্রিয়াকে বলা হয় এন্ডোসিমবায়োসিস।

➤ **উদ্ভিদকোষ ও প্রাণিকোষের পার্থক্য:**

| পার্থক্যের বিষয় | উদ্ভিদকোষ | প্রাণিকোষ |
|---|---|---|
| কোষপ্রাচীর | থাকে, সেলুলোজ নির্মিত, পুরু, ভেদ্য | থাকে না |
| মাইক্রোভিলাই | থাকে না | থাকে |
| প্লাস্টিড | থাকে (ব্যতিক্রম-ছত্রাক) | থাকে না |
| সেন্ট্রোজোম | থাকে না | থাকে |
| লাইসোজোম | থাকে না | থাকে |
| পিনোসাইটিক গহ্বর | গঠিত হয় না | গঠিত হয় |
| প্লাজমোডেজমাটা | গঠিত হয় | হয় না |

## TOPIC-03 কোষের বিভিন্ন অঙ্গাণু পরিচিতি

**01. কোষপ্রাচীর:**

- উদ্ভিদ কোষের অনন্য বৈশিষ্ট্য।
- দুটি পাশাপাশি কোষের প্রাচীরের সূক্ষ্ম ছিদ্র পথে নলাকার সাইটোপ্লাজমিক সংযোগ স্থাপিত হয় একে **প্লাজমোডেসমাটা** বলে।
- মুখোমুখি দুটি কূপকে **পিট পেয়ার** বলে।
- মাইসেলিকে কোষপ্রাচীরের ক্ষুদ্রতম একক ধরা হয়।
- কোষপ্রাচীরের প্রধান রাসায়নিক উপাদান **সেলুলোজ**।
- সেলুলোজ অণু $\xrightarrow{১০০০-৩০০০}$ সেলুলোজ চেইন $\xrightarrow{১০০}$ মাইসেলি $\xrightarrow{২০}$ মাইক্রোফাইব্রিল $\xrightarrow{২৫০}$ ম্যাক্রোফাইব্রিল $\rightarrow$ কোষপ্রাচীর।

**02. নির্জীব বস্তু:** তিনভাগে করা যায়:

i. **সঞ্চিত পদার্থ-** সঞ্চিত পদার্থের অধিকাংশই সঞ্চিত খাদ্য হিসাবে বিরাজ করে। **উদাহরণ-** শর্করা, আমিষ, চর্বি।

ii. **নিঃসৃত পদার্থ:** প্রধান নিঃসৃত পদার্থ- PHEN

| P | H | E | N |
|---|---|---|---|
| পিগমেন্ট | হরমোন | এনজাইম | নেকটার |

iii. **বর্জ্য পদার্থ:** প্রধান খনিজ ক্রিষ্টাল হলো ক্যালসিয়াম অক্সালেট। এরা সূচের মত অবস্থান করলে র‍্যাফাইড বলে, আঙ্গুরের থোকার মত ক্যালসিয়াম কার্বনেটের ক্রিষ্টালকে সিষ্টোলিথ বলে। **উদাহরণ-** রেজিন, ট্যানিন, গাম, ল্যাটেক্স, অ্যালকালয়েড, জৈব এসিড, উদ্বায়ী তেল, খনিজ পদার্থ।

**03. প্রোটোপ্লাজম:** কোষের অভ্যন্তরে অর্ধ-স্বচ্ছ, আঠালো, এবং জেলির ন্যায় অর্ধ তরল, কলয়ডাল ধর্মী সজীব পদার্থকে প্রোটোপ্লাজম বলে। প্রোটোপ্লাজমের জৈবিক বৈশিষ্ট্যই জীবের বৈশিষ্ট্য (হাক্সলের মতে, প্রোটোপ্লাজম জীবনের ভৌত ভিত্তি)।

**04. কোষঝিল্লী:** লিপিড, মেমব্রেন প্রোটিন, গ্লাইকোক্যালিক্স ও কোলেস্টেরল দ্বারা গঠিত যা বৃহৎ অণু সংশ্লেষ করে (মোট ওজনের ৭৫ ভাগই লিপিড)।

| মতবাদের নাম | প্রবক্তা |
|---|---|
| প্রোটিন ক্রিস্টাল মডেল | Vanderkoff ও Green |
| একক পর্দা হাইপোথিসিস | রবার্টসন |
| মাইসেলার মডেল | Hiller ও Hoffman |
| Sandwitch model | Danielli & Davson, দ্বিস্তরী |
| Fluid Mosaic model/ আইসবার্গ মডেল/হিমশৈল | Singer ও Nicholson, দ্বিস্তরী- সর্বাধিক গ্রহণযোগ্য |

**05. সাইটোপ্লাজম:** সাইটোপ্লাজমের মাতৃকাকে হায়ালোপ্লাজম বা সাইটোসোল বলে।

**06. রাইবোসোম:**

- সর্বজনীন অঙ্গাণু।
- *E.Coli* কোষের শুষ্ক ওজনের ২২ ভাগই রাইবোসোম।
- 70S (50S + 30S সাব ইউনিট) রাইবোসোমে 52 প্রকারের প্রোটিন অণু ও 3 প্রকারের rRNA থাকে।
- 80S (60S + 40S সাব ইউনিট) রাইবোসোমে 80 প্রকারের প্রোটিন অণু ও 4 প্রকারের rRNA থাকে।
- রাসায়নিক গঠন → প্রোটিন + rRNA।



CamScanner

**07. গলগি বডি:**

- **লাইসোসোম** তৈরি করে।
- কোষ বিভাজনকালে কোষপ্লেট তৈরি করে।
- শুক্রাণুর অ্যাক্রোসোম তৈরি করে।
- মাইটোকন্ড্রিয়া ATP সৃষ্টির জন্য প্রয়োজনীয় এনজাইম সৃষ্টি করে।

**08. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম:** পরিণত কোষে সাইটোপ্লাজমে যে জালিকা বিন্যাস দেখা যায় তাকে এন্ডোপ্লাজমিক রেটিকুলাম বলে।

- অমসৃণ জালিতে RNA ও গ্লাইঅক্সিসোম নামক ক্ষুদ্রাকার কণা থাকতে পারে।
- অমৃসণ রেটিকুলামের ক্ষুদ্র ক্ষুদ্র বিচ্ছিন্ন অংশকে মাইক্রোসোম বলে।
- ১৫ ধরনের এনজাইম পাওয়া যায়।
- **পরিণত লোহিত কণিকা ও আদিকোষ** ছাড়া প্রায় সকল উদ্ভিদ ও প্রাণিকোষে থাকে।

সি → সিস্টারনি (শাখাহীন); ভে → ভেসিকল (বর্তুলাকার);
ট. → টিউবিউলস (শাখান্বিত)।

**09. মাইটোকন্ড্রিয়া:** মাইটোকন্ড্রিয়াতে ক্রিস্টি, অক্সিজোম, ম্যাট্রিক্স, বৃত্তাকার DNA বিদ্যমান

- RBC-তে থাকে না। 100/70 প্রকারের এনজাইম ও কো-এনজাইম রয়েছে।
- শক্তি ঘর বা Power House বলা হয়।

➤ **সংখ্যা:** প্রতিটি উদ্ভিদ কোষে 300-400টি এবং প্রাণী কোষে 200-300টি মাইটোকন্ড্রিয়া থাকে। তবে যকৃত কোষে 1000 বা ততোধিক (Amoeba তে আরো বেশি) থাকে।

**10. প্লাস্টিড:** প্লাস্টিড ৩ প্রকার-

i. ক্লোরোপ্লাস্ট- সবুজ অঙ্গে (পাতা) পাওয়া যায়।
ii. ক্রোমোপ্লাস্ট- রঙিন অংশে (ফুলের পাপড়ি) পাওয়া যায়।
iii. লিউকোপ্লাস্ট- ভূনিমস্থ কান্ড: অ্যামাইলোপ্লাস্ট- স্টার্চ, ইলায়োপ্লাস্ট- চর্বি, অ্যালিউরোপ্লাস্ট- প্রোটিন।

(a) লিউকোপ্লাস্ট $\xrightarrow{\text{আলো}}$ ক্রোমোপ্লাস্ট, ক্লোরোপ্লাস্ট।

(b) ক্লোরোপ্লাস্ট $\xrightarrow{\text{আলোর অনুপস্থিতিতে}}$ লিউকোপ্লাস্ট।

(c) ক্লোরোপ্লাস্ট $\xrightarrow{\text{আলো}}$ ক্রোমোপ্লাস্ট।

* ক্লোরোপ্লাস্টে গ্রানা, থাইলাকয়েড, কোয়ান্টোজোম, স্ট্রোমা বিদ্যমান।
* শৈবালের ক্লোরোপ্লাস্টে বৈচিত্র্য বেশি।

➤ **বিভিন্ন আকৃতির ক্লোরোপ্লাস্ট:**

- পেয়ালাকৃতি- *Chlamydomonas*
- জালিকাকার- *Oedogonium*
- বেল্ট বা ফিতা বা আংটি আকৃতি- *Ulothrix*
- সর্পিলাকার- *Spirogyra*
- তারকাকার- *Zygnema*
- গোলাকার- *Pithophora*

**11. সেন্ট্রিয়োল:**

- স্বপ্রজননক্ষম অঙ্গানু।
- একজোড়া সেন্ট্রিয়োলকে একত্রে **ডিপ্লোসোম** বলে।
- সেন্ট্রিয়োলের চারপাশে অবস্থিত গাঢ় তরল পদার্থকে **সেন্ট্রোস্ফিয়ার** বলে।
- সেন্ট্রিয়োল প্রাচীর **৯টি ত্রয়ী** অণুনালিকা দিয়ে গঠিত।
- সেন্ট্রিয়োল DNA, RNA থাকে না।
- কোষ বিভাজনের মাকুতন্ত্র গঠন করে।
- শুক্রাণুর লেজ গঠন করে।

**12. কোষীয় কঙ্কাল:** সকল প্রকৃত কোষের সাইটোপ্লাজমীয় অঙ্গাণুগুলোর অন্তর্বর্তী স্থানে কতগুলো সূত্রক সম্মিলিত ভাবে জালিকার ন্যায় গঠন তৈরী করে। এদের কোষীয় কঙ্কাল বা সাইটোস্কেলিটন বলে।

**13. পারঅক্সিসোম:** বিষাক্ত $H_2O_2$ কে **ক্যাটালেজ** এনজাইমের সাহায্যে ভেঙ্গে $H_2O$ এবং $O_2$ এ রূপান্তর করে কোষকে রক্ষা করে।

- প্রাণীর কিডনি ও লিভার কোষে বেশি থাকে।

**14. কোষ গহ্বর:** প্রোটোপ্লাজম নিয়ে গঠিত যে পাতলা পর্দা কোষ গহ্বরকে বেষ্টন করে রাখে তাকে টনোপ্লাস্ট বা টনোপ্লাজম বলে।

- এ পর্দা রাবার জাতীয়। কোষ গহ্বরের অভ্যন্তরের রসকে কোষ রস বলে।

**15. নিউক্লিয়াস:** শুক্রাণুর 90% নিউক্লিয়াস।

- একাধিক নিউক্লিয়াস বিশিষ্ট কোষকে সিনোসাইট বলে।
- সিনোসাইটের উদাহরণ: (ভূপেন বস)।

ভূ- *Vaucheria* পেন- *Penicillium*
ব- *Botrydium* স- *Sphaeroplea, Saprolegnia*

- যাদের নিউক্লিয়াস থাকে না বা নাই :

**Mnemonic : অণুর Red Sea তে লাল নিউক্লিয়াস নাই-**

| ছন্দ | অণুর | Red | Sea | লাল |
|---|---|---|---|---|
| তথ্য | অনুচক্রিকা | লোহিত রক্তকণিকা (RBC) | সীভকোষ | লেঙ্গ কোষ |

## TOPIC-04 বংশগতীয় বস্তু

**০১. ক্রোমোসোম:** কোষস্থ নিউক্লিয়াসের মধ্যে অবস্থিত অনুলিপন ক্ষমতাসম্পন্ন, বং ধারণকারী নিউক্লিয়োপ্রোটিন দ্বারা গঠিত যে সব সূত্রাকৃতির ক্ষুদ্রাঙ্গ বংশগতির উপাদান মিউটেশন, প্রকরণ প্রভৃতি কাজে ভূমিকা পালন করে এরাই ক্রোমোসোম।

➤ **ভৌত গঠন:**

- **ক্রোমাটিন:** ক্রোমোসোমের মূল উপাদান।
  i. হেটারোক্রোমাটিন- অধিক কুন্ডলিত, নিষ্ক্রিয় DNA ধারণ করে।
  ii. ইউক্রোমাটিন- কম কুন্ডলিত, অধিক সক্রিয় DNA ধারণ করে।
- **ক্রোমাটিড:** ক্রোমোসোম লম্বালম্বি ভাবে দুটি অংশে বিভক্ত হয় প্রত্যেকটি অংশকে ক্রোমাটিড বলে।
- **অন্যান্য অংশ:** সেন্ট্রোমিয়ার, বাহু, কাইনেটোকোর, ক্রোমোমিয়ার, গৌন কুঞ্চন, স্যাটেলাইট, টেলোমিয়ার (জরা রোধ করে), ম্যাট্রিক্স, পেলিকল (ক্রোমোসোমের বাইরে পাতলা আবরণ) ইত্যাদি থাকে।

➤ **ক্রোমোসোম সংখ্যা:**

| নাম | সংখ্যা | নাম | সংখ্যা |
|---|---|---|---|
| পাট | 14 | কিউলেক্স মশা | 6 |
| পিঁয়াজ | 16 | মানুষ | 46 |
| মুলা | 18 | গরু | 60 |
| ভুট্টা | 20 | গিনিপিগ | 64 |
| ধান | 24 | ঘোড়া | 64 |
| টমেটো | 24 | কবুতর | 80 |
| গম (6 প্রস্থি) | 42 | গোলআলু | 48 |

**০২. নিউক্লিক এসিড:**

(a) ১ অণু নাইট্রোজেনঘটিত ক্ষারক + ১ অনু পেন্টোজ শুগার → নিউক্লিয়োসাইড + ১ অনু ফসফেট → নিউক্লিয়োটাইড

➤ **DNA:** Deoxyribonucleic acid- এর অ্যাক্রোনিম একে জীবনের আণবিক ভিত্তি বলা হয়। এটি রঞ্জিতকরনে Feulgen stain ব্যবহৃত হয়।

**ভৌত গঠন:**

- **পাঁচ কার্বন বিশিষ্ট** Deoxyribose শুগার।
- চার ধরণের নাইট্রোজেনাস ক্ষারক- অ্যাডিনিন (A), গুয়ানিন (G), সাইটোসিন (C), থাইমিন (T)
- Chargaff's rules অনুযায়ী নাইট্রোজেনাস ক্ষারকের অর্ধেক হবে পিউরিন (A,G) এবং অর্ধেক পাইরিমিডিন (T, C)।

➤ **RNA:** Ribonucleic acid- এর অ্যাক্রোনিম।

- RNA এক সূত্রক যার প্রধান কাজ প্রোটিন তৈরী, নিসল কণা তৈরী হয় RNA থেকে।
- ১টি কোষের সাইটোপ্লাজমে ৯০ ভাগ এবং নিউক্লিয়াসে ১০ ভাগ RNA থাকে।

**ভৌত গঠন:**

i. **পাঁচ কার্বন বিশিষ্ট** Ribose শুগার
ii. চার ধরণের নাইট্রোজেনাস ক্ষারক- অ্যাডিনিন (A), গুয়ানিন (G), সাইটোসিন (C), ইউরাসিল (U)
iii. ফসফেট শুগার

| Dhaka তে University নাই, Romna তে Thana নাই | | | |
|---|---|---|---|
| DNA | Uracil | RNA | Thyamine |



CamScanner

রেপ্লিকেশন: DNA থেকে DNA তৈরীর প্রক্রিয়াকে বলা হয় প্রতিলিপন বা রেপ্লিকেশন।

> প্রয়োজনীয় এনজাইম: [*তারকা চিহ্নিত গুলো বেশি গুরুত্বপূর্ণ]

| এনজাইম | কাজ |
|---|---|
| টপোআইসোমারেজ | DNA অণুকে অতি মাত্রায় প্যাচানো অবস্থা থেকে মুক্ত করে রাখে। |
| হেলিকেজ* | দুটি হেলিক্সের মাঝে হাইড্রোজেন বন্ধনী ভেঙে দিয়ে সূত্র দুটি পৃথক করে। |
| SSBP/HDP | একক হেলিক্সের সাথে জড়িয়ে থেকে পিছন দিকে পুনঃপাক সৃষ্টি প্রতিহত করে। |
| DNA পলিমারেজ | নিউক্লিয়োটাইড অণু যুক্ত করে 5' প্রান্ত থেকে 3' প্রান্ত নির্দেশিত পরিপূরক স্ট্র্যান্ড বা শিকল গঠন করে থাকে। DNA প্রুফ রিডিং করে। |
| প্রাইমেজ* | RNA প্রাইমার যুক্ত করে। |
| লাইগেজ | ছোট ছোট DNA খন্ডের মধ্যে (ওকাজাকি) বন্ধনী সৃষ্টি ও মেরামত সাধন করে। |
| গাইরেজ (দু'প্রকার) (আদি কোষে) | অনুলিপনশীল DNA অণুর প্রতি পাক খুলে দেয়, আবার DNA অণুর অনুলিপন শেষে অতি পাক তৈরি করে। |

> **Transcription:** DNA অণুকে গ্রোথিত রাসায়নিক তথ্যগুলোকে RNA অণুতে কপি করার প্রক্রিয়াকে Transcription বলে।

☞ **Reverse Transcription:** RNA কে ছাঁচ হিসেবে ধরে নিয়ে কমপ্লিমেন্টারি DNA তৈরি। উদাহরণ: HIV

> **ট্রান্সলেশন:** mRNA থেকে প্রোটিন তৈরি প্রক্রিয়া হলো ট্রান্সলেশন।

- ট্রান্সলেশন হলো DNA-এর ভাষাকে mRNA-এর এর মাধ্যমে প্রোটিনের ভাষায় অনুবাদ বা রূপান্তর করা।

> **জিনের বিভিন্ন একক:**

- **রেকন (Recon) :** জিন রিকম্বিনেশন এর একক।
- **মিউটন (muton) :** জিন মিউটেশনের একক বলা হয়।
- **সিস্ট্রন (Cistron):** জিন কার্যের একক।
- **রেপ্লিকন (Replicon) :** DNA এর যে অংশ DNA এর অনুলিপন নিয়ন্ত্রণ করে তাকে রেপ্লিকন বলে।

> **জেনেটিক কোড:**

- তিনটি করে নিউক্লিয়োটাইডের বিশেষ বিন্যাসকে কোডন বলে।
- জেনেটিক ইনফরমেশন এর মূল একক ট্রিপলেট। দেহে ৬৪ ধরনের কোডন থাকে।
- Start Codon- AUG (মেথিওনিন); Stop Codon-UAA, UAG, UGA।

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- কোষের ঝিল্লিযুক্ত অঙ্গাণু- ক্লোরোপ্লাস্ট, মাইটোকন্ড্রিয়া, গলজি বস্তু, লাইসোজোম, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম, নিউক্লিয়াস, মাইক্রোবডিস।
- কোষের ঝিল্লিবিহীন অঙ্গাণু-রাইবোজোম, সেন্ট্রিওল, মাইক্রোটিউব্যুল, মাইক্রোফিলামেন্ট, ইন্টারমিডিয়েট ফিলামেন্ট, প্রোটিয়োজোম।
- কোষীয় বস্তু বা সেল ইনক্লুশান- সঞ্চিত খাদ্যবস্তু, ক্ষরিত পদার্থ এবং বর্জ্য পদার্থসমূহ।
- উদ্ভিদকোষের এক অনন্য বৈশিষ্ট্য- কোষপ্রাচীর।
- জড় পদার্থ নির্মিত মৃত কোষপ্রাচীর থাকে- উদ্ভিদকোষে।
- কোষপ্রাচীর থাকে না- প্রাণিকোষ, পরাগরেণু ও উদ্ভিদের জননকোষে।
- কোষগুলোকে পরস্পর থেকে পৃথক রাখে- কোষপ্রাচীর।
- পূর্ণ বিকশিত উদ্ভিদকোষের কোষপ্রাচীর- ৩ স্তরবিশিষ্ট।
- এক স্তরবিশিষ্ট হলো- মধ্যপর্দা।
- কোষপ্রাচীরের দুটি কোষের মধ্যবর্তী সাধারণ স্তর বা পর্দা- মধ্যপর্দা।
- মধ্যপর্দার সূচনা ঘটে- টেলোফেজ পর্যায়।
- মধ্যপর্দা পূর্ণতা পায়- সাইটোকাইনেসিস পর্যায়ে।
- সেকেন্ডারি কোষপ্রাচীরের তিনটি সূক্ষ্ম স্তর হলো- অন্তঃস্তর, মধ্যস্তর ও বহিঃস্তর।
- কোষপ্রাচীর প্রধানত গঠিত হয়- Cellulose দিয়ে।
- সেকেন্ডারি কোষপ্রাচীর গঠনের উপাদান- সুবেরিন ও লিগনিন।
- কোষপ্রাচীর গঠনের ক্রসলিংক হিসেবে কাজ করে- Xyloglucan।
- কোষপ্রাচীরে মুখোমুখি অবস্থিত দুটি কূপকে বলা হয়- পিট পেয়ার বা পিট জোড়।
- প্রোটোপ্লাজমের সুতার মতো অংশ হলো- প্লাজমোডেসমা।
- পাশাপাশি দুটি কোষের মধ্যে বিভিন্ন পদার্থের আদান-প্রদান ঘটায়- প্লাজমোডেসমাটা।
- কোষপ্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক- মাইসেলি।
- প্রতিটি মাইসেলিতে সেলুলোজ অণুর সংখ্যা- প্রায় ১০০টি।
- কোষপ্রাচীর গঠনের মূল একক- মাইক্রোফাইব্রিল।
- মাইক্রোফাইব্রিলের আঁটি গঠন করে- মাইসেলি।
- কয়টি মাইক্রোফাইব্রিল মিলিত হয়ে একটি ম্যাক্রোফাইব্রিল গঠিত হয়- ২৫০টি।
- অনেকগুলো ম্যাক্রোফাইব্রিল মিলিত হয়ে গঠন করে- তন্তু।
- কোষপ্রাচীর দ্বারা পরিবেষ্টিত কোষের সমুদয় সজীব ও নির্জীব পদার্থ হলো- প্রোটোপ্লাস্ট।
- হাক্সলের মতে জীবনের ভৌত ভিত্তি হলো- প্রোটোপ্লাজম।
- কোষের সজীব বা জীবন্ত বস্তু- প্রোটোপ্লাজম।
- প্রোটোপ্লাজমে পানির পরিমাণ- ৭০-৯০%।
- পানির চেয়ে আপেক্ষিক গুরুত্ব বেশি- প্রোটোপ্লাজমের।
- প্রোটোপ্লাজমের নামকরণ বা প্রবর্তন করেন- পারকিনজি (১৮৪০)।
- প্রোটোপ্লাজমের চলনকে বলে- সাইক্লোসিস।
- প্রোটোপ্লাজমকে বেষ্টনকারী বৈষম্যভেদ্য পর্দা- কোষঝিল্লি।
- বায়োমেমব্রেন বলা হয়- কোষঝিল্লিকে।
- কোষঝিল্লির প্রধান গঠন উপাদান- লিপিড ও প্রোটিন।
- কোষপর্দার স্থানে স্থানে যে ভাঁজ সৃষ্টি হয় তাকে বলা হয়- মাইক্রোভিলাই।
- প্লাজমামেমব্রেন কোন প্রক্রিয়ায় কঠিন ও তরল বস্তু গ্রহণ করে- ফ্যাগোসাইটোসিস ও পিনোসাইটোসিস।
- প্লাজমামেমব্রেন গঠন সম্পর্কীয় স্যান্ডউইচ মডেল প্রস্তাব করেন- Danielli & Davson (1935)।
- একক পর্দা (ইউনিট মেমব্রেন) মডেল প্রস্তাব করেন- Robertson (1959)এ
- প্লাজমামেমব্রেন গঠনের সর্বাধিক স্বীকৃত ও আধুনিকতম মডেল- ফ্লুইড মোজাইক মডেল বা আইসবার্গ মডেল।
- ফ্লুইড মোজাইক মডেল প্রস্তাব করেন- Singer & Nicolson (1972)।
- কোষঝিল্লির স্তর- ২টি।
- কোষঝিল্লির প্রোটিন- ৩ ধরনের।
- প্লাজমামেমব্রেনের ফ্লুইড মোজাইক মডেলের তরল অংশটি হলো- লিপিড।
- গ্লাইকোলিপিড ও গ্লাইকোপ্রোটিনকে একত্রে বলা হয়- গ্লাইকোক্যালিক্স।
- বিভিন্ন তথ্যের ভিত্তি ও কোষের চিহ্নিতকারক হিসেবে কাজ করে- গ্লাইকোক্যালিক্স।
- কোষঝিল্লির অনেকটা তরল পদার্থের ন্যায় আচরণ করাকে বলা হয়- Flip-flop movement।
- কোষঝিল্লির শুষ্ক ওজনের মোট শুষ্ক ওজনের-৭৫ ভাগ লিপিড।
- কোষঝিল্লির প্রোটিনসমূহের অধিকাংশেরই প্রকৃতি হলো- এনজাইম।
- কোষের বিভিন্ন প্রকার স্নায়ু উদ্দীপনার কাজ করে- কোষঝিল্লি।
- নিউক্লিয়াস ব্যতীত প্রোটোপ্লাজমের অবশিষ্ট অংশই- সাইটোপ্লাজম।
- সাইটোপ্লাজমের তরল অংশকে বলা হয়- সাইটোপ্লাজমীয় মাতৃকা বা ধাত্র।
- সাইটোপ্লাজমের মাতৃকাকে বলা হয়- হায়ালোপ্লাজম বা সাইটোসল।
- সাইটোপ্লাজমের মাতৃকার কোষ অঙ্গাণু ও নির্জীব বস্তুগুলোকে একত্রে বলা হয়- ট্রোফোপ্লাজম।
- সাইটোপ্লাজমীয় মাতৃকার বহিঃস্থ অপেক্ষাকৃত বেশি ঘন অঞ্চল হলো- এক্টোপ্লাজম
- সাইটোপ্লাজমীয় মাতৃকার কেন্দ্রস্থ অপেক্ষাকৃত কম ঘন অঞ্চল হলো- এন্ডোপ্লাজম।
- কোষগহ্বরের চারদিকে সাইটোপ্লাজমের হালকা স্তরকে বলা হয়- টনোপ্লাজম/ টনোপ্লাস্ট।
- জীবের সকল বিপাকীয় কাজের নিয়ন্ত্রক- সাইটোপ্লাজম।
- বিভিন্ন ক্ষুদ্রাঙ্গ ধারণ করে- সাইটোপ্লাজম।
- কোষের অভ্যন্তরের pH রক্ষা করে- সাইটোপ্লাজম।
- কোষের সাইটোপ্লাজমে পানির পরিমাণ- ৬৫-৯৬% (উদ্ভিদ কোষে ৭৫% এবং প্রাণিকোষে ৬৭%)।
- সাইটোপ্লাজমে অবস্থিত পানিতে দ্রবীভূত জৈব ও অজৈব পদার্থের সংখ্যা- ৩৬।
- সাইটোপ্লাজমের দৃশ্যমান ফাঁকা অংশ- কোষগহ্বর।
- কোষগহ্বরের অভ্যন্তরের রস- কোষরস (টনোপ্লাজম)।



CamScanner

- রাইবোজোম আবিষ্কার করেন এবং মাইক্রোজেম নাম দেন- Alber Claude (1954)।
- প্রোটিন ফ্যাক্টরি বা প্রোটিন সংশ্লেষণের যন্ত্র- রাইবোজোম।
- ক্ষুদ্রাকার রাইবোজোম হলো- রাইবোনিউক্লিও প্রোটিন কণা (RNP)।
- কোষের সার্বজনীন অঙ্গাণু- রাইবোজোম।
- আদিকোষী রাইবোজোমের উপএকক বা সাব-ইউনিট- 50S ও 30S।
- প্রকৃতকোষী রাইবোজোমের উপএকক- 60S ও 40S।
- রাইবোজোমের বড় উপএককে সাইট বা অঞ্চল থাকে- ৪টি (E-সাইট, P-সাইট, A-সাইট ও mRNA এর সংযুক্তির স্থান)।
- রাইবোজোমের প্রধান উপাদান- প্রোটিন ও RNA (এদের অনুপাত ১:১)
- mRNA-এর সঙ্গে বহু রাইবোজোম যুক্ত হয়ে যে রাইবোজোম শৃঙ্খল তৈরি হয় তাকে- পলিরাইবোজোম থেকে- ৫-৫০টি।
- কোনো জীবকোষে প্রাপ্ত রাইবোজোমের একটি উপ-একক 40S হলে, অপরটি- 60S।
- কোষ 'Translation' প্রক্রিয়ার সঙ্গে জড়িত অঙ্গাণুটি হলো- রাইবোজোম।
- গলজি বস্তুর আবিষ্কারক- C. Golgi (1889)।
- গলজি বস্তুকে বলা হয় কোষের- প্যাকেজিং কেন্দ্র বা কোষের ট্রাফিক পুলিশ।
- উদ্ভিদ কোষে গলজি বডিকে বলা হয়- কার্বোহাইড্রেট ফ্যাক্টরি।
- ফ্যাটি এসিড, ভিটামিন-C ও ভিটামিন-K, ATPase ও ট্রান্সফারেজ এনজাইম পাওয়া যায়- গলজি বস্তুতে।
- কোষ বিভাজনকালে কোষপ্লেট তৈরি করে- গলজি বস্তু।
- শুক্রাণুর অ্যাক্রোজোম গঠনে সহায়তা করে- গলজি বস্তু।
- লাইসোজোমের নামকরণ করেন- de Duve (1955)।
- লাইসোজোমকে বলা হয়- কোষের পাকস্থলী/সুসাইডাল স্কোয়াড/আত্মঘাতী থলিকা/ডাইজেস্টিভ ব্যাগ।
- অন্তঃকোষীয় পরিপাকে সাহায্য করে- লাইসোজোম।
- উদ্ভিদকোষে লাইসোজোমের অপর নাম- Spherosome বা Oleosome।
- অটোলাইসিস বা অটোফ্যাগি ঘটে- লাইসোজোমে।
- কোষে কেরাটিন প্রস্তুত করে- লাইসোজোম।
- কোন কোষীয় অঙ্গানু জীবদেহের অকেজো কোষ ধ্বংস করে- লাইসোজোম।
- লাইসোজোম তৈরি করে- গলজি বস্তু।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম আবিষ্কার, নামকরণ ও প্রত্যক্ষ করেন- Porter (1945)।
- সর্বপ্রথম কোন কোষে এন্ডোপ্লাজমিক রেটিকুলাম আবিষ্কৃত হয়- মুরগীর ভ্রূণীয় কোষে।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলামের গায়ে দানাদার বস্তু হলো- রাইবোজোম।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম অনুপস্থিত- আদিকোষে।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলামের অবস্থান- সাইটোপ্লাজমে।
- অমসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলামের ক্ষুদ্র ক্ষুদ্র বিচ্ছিন্ন অংশকে বলা হয়- মাইক্রোজোম।
- প্রোটোপ্লাজমের কাঠামো হিসেবে কাজ করে- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলামে এনজাইম বিদ্যমান- ১৫ ধরনের।
- গঠন ও কাজের ভিত্তিতে কোন জোড়াটি অধিক মিলসম্পন্ন- গলজি বস্তু ও এন্ডোপ্লাজমিক রেটিকুলাম।
- মাইটোকন্ড্রিয়া প্রথম প্রত্যক্ষ ও আবিষ্কার করেন- Kolliker (1850)।
- মাইটোকন্ড্রিয়া নামকরণ করেন- Benda (1898)।
- মাইটোকন্ড্রিয়াকে বায়োপ্লাস্ট নামে অভিহিত করেন- Altman (1894)।
- মাইটোকন্ড্রিয়াকে বলা হয়- কনড্রিওজোম ও প্লাজমোজোম।
- মাইটোকন্ড্রিয়াকে বলা হয় কোষের- শক্তিঘর বা পাওয়ার হাউস।
- ক্রেবস চক্র, ফ্যাটি এসিড চক্র, ETC, অক্সিডেটিভ ফসফোরাইলেশন প্রভৃতি ঘটে- মাইটোকন্ড্রিয়নে।
- সাধারণত উদ্ভিদের প্রতিকোষে মাইটোকন্ড্রিয়া সংখ্যা- ৩০০-৪০০।
- কোষে অন্তঃমিথোজীবী বা এন্ডোসিমবায়োন্ট হিসেবে থাকে- মাইটোকন্ড্রিয়ন ও ক্লোরোপ্লাস্ট।
- কোষের অর্ধস্বনির্ভরশীল অঙ্গাণু- মাইটোকন্ড্রিয়ন ও ক্লোরোপ্লাস্টে।
- মাইটোকন্ড্রিয়নে আঙ্গুলের মতো প্রবর্ধক হল - ক্রিস্টি।
- ATP সিন্থেসেজ নামক- গোলাকার বস্তু পাওয়া যায়- মাইটোকন্ড্রিয়নে
- ক্রিস্টি ধারণ করে- মাইটোকন্ড্রিয়া।
- মাইটোকন্ড্রিয়নের শুষ্ক ওজনে প্রোটিনের পরিমাণ- ৬৫%।
- মাইটোকন্ড্রিয়ায় প্রায় কত ধরনের এনজাইম ও কো-এনজাজইম পাওয়া যায়- 100 ধরনের।
- মাইটোকন্ড্রিয়নে পাওয়া যায়- ভিটামিন-E।
- ক্ষুদ্র গোলাকার DNA পাওয়া যায়- মাইটোকন্ড্রিয়নে।
- মাইটোকন্ড্রিয়নের রাইবোজোমের প্রকৃতি- 70S।
- মাইটোকন্ড্রিয়ার ঝিল্লি- লিপো-প্রোটিন সমৃদ্ধ।
- মাইটোকন্ড্রিয়ার অন্তঃপর্দার বিশেষ ফসফোলিপিড হলো- কার্ডিওলিপিন।
- লিপিড সংশ্লেষণের সকল এনজাইম থাকে- মাইটোকন্ড্রিয়নে।
- প্লাস্টিড কত প্রকার- ৩ প্রকার (লিউকোপ্লাস্ট, ক্রোমোপ্লাস্ট ও ক্লোরোপ্লাস্ট)।
- সাধারণত প্লাস্টিড থাকে না- প্রাণিকোষ ও ছত্রাকে।
- বর্ণহীন প্লাস্টিড- লিউকোপ্লাস্ট।
- সূর্যের আলো পৌঁছায় না- লিউকোপ্লাস্টে।
- স্টার্চ বা শ্বেতসার সঞ্চয় করে- অ্যামাইলোপ্লাস্ট।
- প্রোটিন জাতীয় পদার্থ সঞ্চয় করে- অ্যালিউরোপ্লাস্ট।
- তেল ও স্নেহ বা লিপিড জাতীয় পদার্থ সঞ্চয় করে- ইলায়োপ্লাস্ট।
- জ্যান্থোফিলের বর্ণ- হলুদ।
- সবুজ ব্যতীত অন্যান্য বর্ণের প্লাস্টিডগুলোকে বলা হয়- ক্রোমোপ্লাস্ট।
- ফল ও বীজের বিস্তরণে ভূমিকা রাখে- ক্রোমোপ্লাস্ট।
- সূর্যালোকের উপস্থিতিতে রঞ্জক পদার্থ ধারণ করে- অ্যামাইলোপ্লাস্ট।
- সর্বপ্রথম উদ্ভিদকোষে সবুজ বর্ণের প্লাস্টিড লক্ষ করেন এবং ক্লোরোপ্লাস্ট নামকরণ করেন- Schimper (1883)।
- সবুজ বর্ণের প্লাস্টিড- ক্লোরোপ্লাস্টকে।
- উচ্চশ্রেণির উদ্ভিদকোষে কতটি ক্লোরোপ্লাস্ট থাকে- ১০-৪০টি।
- *Chalmydomonas*-এর ক্লোরোপ্লাস্ট- পেয়ালাকার।
- *Spirogyra*-এর ক্লোরোপ্লাস্ট- সর্পিলাকার বা ফিতাকৃতি।
- ক্লোরোপ্লাস্টে জ্যান্থোফিল অণু বিদ্যমান- ৩০০-৪০০টি।
- ক্লোরোপ্লাস্টের ম্যাট্রিক্সকে বলা হয়- স্ট্রোমা।
- প্রতিটি ক্লোরোপ্লাস্টে গ্রানার সংখ্যা প্রায়- 40-60টি।
- থাইলাকয়েড থাকে- ক্লোরোপ্লাস্টে।
- প্রতিটি গ্রানামে থাইলাকয়েডের সংখ্যা- 10-100টি।
- গ্রানাম চক্রের সংযোগ সাধনকারী নালিকার নাম- স্ট্রোমা ল্যামেলি।
- কোয়ান্টোজোম পাওয়া যায়- ক্লোরোপ্লাস্টে।
- সেন্ট্রিওল আবিষ্কার করেন- Van Benden (1887)।
- সেন্ট্রিওল নামকরণ করেন- T. Bovery (1888)।
- কোষের স্বপ্রজননক্ষম অঙ্গাণু- সেন্ট্রিওল।
- সেন্ট্রিওলের অংশ- ৩টি।
- সেন্ট্রিওলের প্রাচীরে কয়টি ত্রয়ী অনুনালিকা থাকে- ৯টি।
- সেন্ট্রিওলের চারপাশে অবস্থিত গাঢ় তরলকে বলা হয়- সেন্ট্রোস্ফিয়ার।
- সেন্ট্রোস্ফিয়ারসহ সেন্ট্রিওলকে বলা হয়- সেন্ট্রোজোম।
- সেন্ট্রিওলের প্রধান গঠন উপাদান- লিপিড, প্রোটিন ও ATP।
- শুক্রাণুর লেজ গঠনে সাহায্য করে- সেন্ট্রিওল।
- নিউক্লিয়াস আবিস্কার ও প্রথম বর্ণনা করেন- Robert Brown (1831)
- নিউক্লিয়াসকে বলা হয়- কোষের মস্তিষ্ক বা প্রাণকেন্দ্র বা কেন্দ্রিকা।
- বহু নিউক্লিয়াস বিশিষ্ট গঠনকে বলা হয়- সিনোসাইট।
- কোষের ১০-১৫% স্থান দখল করে থাকে- নিউক্লিয়াস।
- কোন অঙ্গাণুটির ৯০% অংশই নিউক্লিয়াস- শুক্রাণু।
- কোষের মাঝখানে অবস্থান করে- নিউক্লিয়াস।
- নিউক্লিয়াসের আবরণীকে বলা হয়- নিউক্লিওপর্দা।
- নিউক্লিয়াসের প্রধান রাসায়নিক উপাদান- ২টি (প্রোটিন ও নিউক্লিক এসিড)।
- নিউক্লিওপর্দায় বেষ্টিত অর্ধতরল জেলিসদৃশ পদার্থটি - নিউক্লিওপ্লাজম।
- নিউক্লিওপ্লাজমের অপর নাম- ক্যারিওলিম্ফ।
- নিউক্লিওলাস প্রথম আবিষ্কার করেন- Fontana (1781)।
- নিউক্লিওলাসের রাসায়নিক উপাদান- DNA, RNA ও প্রোটিন।
- নিউক্লিওটাইডের ভান্ডার হিসেবে কাজ করে- নিউক্লিওলাস।
- কোষস্থ খনিজ ক্রিস্টাল-.ক্যালসিয়াম অক্সালেট।
- কোষস্থ খনিজ ক্রিস্টাল সুচের মতো হলে তাকে বলা হয়- র‍্যাফাইড।
- আঙ্গুরের থোকার মতো ক্যালসিয়াম কার্বনেটের ক্রিস্টাল হলো- সিস্টোলিথ।
- নিউক্লিয়াসের হেটারোক্রোমাটিনযুক্ত অঞ্চলকে বলা হয়- ক্যারিওজোম।



CamScanner

- বংশগতির ধারক ও বাহক- ক্রোমোজোম।
- বংশগতির ভৌত ভিত্তি হিসেবে অভিহিত হয়- ক্রোমোজোম।
- সর্বপ্রথম ক্রোমোজোম আবিষ্কার করেন- Strasburger (1875)।
- সর্বপ্রথম ক্রোমোজোম শব্দটি ব্যবহার করেন- Waldeyer (1888)।
- সর্বপ্রথম মানুষের ক্রোমোজোম সংখ্যা প্রকাশ করেন- Painter (1921)।
- সপুষ্পক উদ্ভিদে সর্বনিম্ন সংখ্যক ক্রোমোজোম পাওয়া গেছে- *Haplopappus gracilis*।
- সপুষ্পক উদ্ভিদে সর্বোচ্চ সংখ্যক ক্রোমোজোম পাওয়া গেছে- *Poa littarosa*।
- প্রাণীতে সর্বনিম্ন সংখ্যক ক্রোমোজোম পাওয়া গেছে- *Ascaris megalocephala sub. sp. univalens*।
- প্রাণীতে সর্বোচ্চ সংখ্য ক্রোমোজোম পাওয়া গেছে- *Aulacantha sp.*।
- মানবদেহে ক্রোমোজোমের সংখ্যা- ৪৬টি (২৩ জোড়া)।
- ক্রোমোজোমের কোন অংশটি নিউক্লিওলাসের পুনর্গঠন (নিউক্লিওলাস গঠন) অঞ্চল নামে পরিচিত- গৌণ কুঞ্চন।
- ক্রোমোজোমকে রঞ্জিত করলে এর মধ্যবর্তী অরঙিন অংশ- সেন্ট্রোমিয়ার।
- কোনটি বংশগতির সক্রিয় অংশ- ইউক্রোমাটিন।
- কোষ বিভাজনের কোন ধাপে ক্রোমোজোমগুলো V, L, J ও I এর আকার ধারণ করে- অ্যানাফেজ।
- ক্রোমোজোমের মাঝখানে সেন্ট্রোমিয়ার অবস্থান করলে তাকে বলা হয়- মেটাসেন্ট্রিক।
- সেন্ট্রোমিয়ার ক্রোমোজোমের একপ্রান্তে অবস্থান করলে তাকে বলা হয়- টেলোসেন্ট্রিক।
- ক্রোমাটিনকে পুঁতির মালার মতো দেখালে তাকে বলা হয়- নিউক্লিওজোম।
- মানুষের একটি কোষে নিউক্লিওজোমের সংখ্যা- প্রায় $3 \times 10^7$ টি।
- ক্রোমাটিনের একক- নিউক্লিওজোম।
- SAT কথাটির অর্থ- Sine Acid Thymonuclenico।
- স্যাটেলাইট থাকে- ছোলার 1নং ক্রোমোজোমে এবং মানুষের 13, 14, 15, 21 ও 22 তম ক্রোমোজোমগুলোতে।
- ক্রোমোজোমের ৯০% গঠন করে- DNA।
- ক্রোমোজোমে প্রোটিনের পরিমাণ- ৫৫%
- ক্রোমোজোমের রাসায়নিক উপাদান- প্রোটিন, নিউক্লিক এসিড (DNA ও RNA) ও কিছু ধাতব আয়ন।
- বংশগতীয় বস্তুর প্রধান উপাদান হচ্ছে- নিউক্লিক এসিড (DNA ও RNA)। অনেকের মতে, DNA।
- সর্বপ্রথম নিউক্লিক এসিড আবিষ্কার করেন এবং এদের নাম দেন নিউক্লিন - Miescher (1869)।
- নিউক্লিনকে নিউক্লিক এসিড নামে অভিহিত করেন- Altman, 1889।
- নিউক্লিক এসিডকে DNA এবং RNA ভাগ করেন- Lavine।
- নিউক্লিক এসিডে নাইট্রোজেনের পরিমাণ- ১৫%।
- অসংখ্য নিউক্লিওটাইড এর পলিমার- নিউক্লিক এসিড।
- নিউক্লিওটাইডের মূল উপাদানগুলো হলো- পেন্টোজ সুগার, নাইট্রোজেন বেস ও ফসফোরিক এসিড বা অজৈব ফসফেট।
- নিউক্লিওসাইডের মূল উপাদানগুলো হলো- পেন্টোজ, সুগার ও নাইট্রোজেন বেস।
- নিউক্লিওটাইড = নিউক্লিওটাইড + অজৈব ফসফেট।
- পিউরিন- এর সাধারণ সংকেত- $C_5H_4N_4$।
- পাইরিমিডিন-এর সাধারণ সংকেত- $C_4H_4N_2$।
- পিউরিন বেসগুলো হলো- অ্যাডিনিন এবং গুয়ানিন।
- পেন্টোজ সুগার- রাইবোজ (RNA-তে) ও ডিঅক্সিরাইবোজ (DNA-তে)।
- পাইরিমিডিন বেসগুলো হলো- সাইটোসিন, থাইমিন (DNA-তে থাকে) এবং ইউরাসিল (RNA-তে থাকে)।
- DNA এর নাইট্রোজেন বেসগুলো হলো- অ্যাডিনিন, গুয়ানিন, সাইটোসিন ও থাইমিন।
- RNA এর নাইট্রোজেন বেসগুলো হলো- অ্যাডিনিন, গুয়ানিন, সাইটোসিন ও ইউরাসিল।
- নিউক্লিওসাইডের পেন্টোজ সুগারের কত নম্বর কার্বনে নাইট্রোজেন বেস যুক্ত হয়- ১ নম্বর।
- নিউক্লিওসাইড গঠনের ক্ষেত্রে পেন্টোজ সুগারের ১ নম্বর কার্বন পিউরিনের ৯নং স্থানের কিংবা পাইরিমিডিনের ১নং স্থানের নাইট্রোজেনের সাথে গ্লাইকোসাইড বন্ধনী দিয়ে যুক্ত থাকে।
- নিউক্লিওসাইডের পেন্টোজ সুগারের 3'- OH বা 5'-OH এর সাথে একটি ফসফেট, এস্টার বন্ধনী বা ফসফোএস্টারবন্ধনী দ্বারা যুক্ত হয়ে নিউক্লিওটাইড গঠিত।
- জীবের বংশগতীয় পদার্থ- DNA।
- বংশগতির রাসায়নিক ভিত্তি বা মাস্টার মলিকিউল হলো- DNA।
- ক্রোমোজোমের মূল রাসায়নিক উপাদান- DNA।
- জেনেটিক ইনফরমেশনের মূল একক- DNA।
- DNAঅণুর মূল কাঠামো - নিউক্লিওটাইড।
- DNA অণুর ডাবল হেলিক্স মডেল প্রদান করেন - Watson & Crick (1953)।
- DNA অণুর দ্বিসূত্রক মডেল আবিষ্কারের কৃতিত্বের জন্য নোবেল পুরস্কার লাভ করেন- Watson, Crick ও উইলকিন্স (1962)।
- DNA-এর পরিমান কোন এককে প্রকাশ করা হয়- পিকোগ্রাম।
- দ্বিসূত্রক নিউক্লিক এসিডের নাইট্রোজেন ঘটিত ক্ষারকের ক্রম- ATGC।
- অ্যাডিনিন (A) থাইমিনের (T) সাথে যুক্ত হয়- ২টি হাইড্রোজেন বন্ডের মাধ্যমে।
- গুয়ানিন (G) সাইটোসিনের (C) সাথে যুক্ত হয়- ৩টি হাইড্রোজেন বন্ডের মাধ্যমে।
- DNA অণুর ডাবল হেলিক্সের প্রতিটি সম্পূর্ণ প্যাঁচ বা ঘূর্ণনের দূরত্ব- ৩৪Å (=৩.৪nm)।
- DNA অণুর হেলিক্সের ব্যাস-২০Å।
- DNA অণুর হেলিক্সে কতটি নিউক্লিওটাইডের পর একেকটি প্যাঁচ সম্পন্ন হয় -১০টি।
- DNA অণুর হেলিক্সের এক ধাপ থেকে অপর ধাপের দূরত্ব- ৩.৪Å (=০.৩৪nm)।
- DNA অণুর ডাবল হেলিক্সের প্রতি প্যাঁচে প্রায় কতটি হাইড্রোজেন বন্ড থাকে- ২৫টি।
- DNA এর পরিবৃত্তির মূল কারণ- মিউটেশন।
- রাইবোনিউক্লিওটাইডের পলিমারই হলো RNA।
- একটিমাত্র পলিনিউক্লিওটাইড চেইন দ্বারা গঠিত- RNA।
- RNA সর্বদাই উৎপন্ন হয়- DNA থেকে।
- RNA-এর কত ভাগ সাইটোপ্লাজমে থাকে - প্রায় ৯০%।
- RNA-এর কত ভাগ নিউক্লিয়াসে থাকে- প্রায় ১০%।
- RNA জেনেটিক পদার্থরূপে কাজ করে - উদ্ভিদ ভাইরাসে।
- RNA সাধারণ কত প্রকার- ৫ প্রকার।
- একটি কোষের মোট RNA-এর শতকরা কত ভাগ mRNA-৫-১০ ভাগ।
- একটি কোষের মোট RNA-এর শতকরা কত ভাগ t RNA-প্রায় ১৫ ভাগ।
- একটি কোষের মোট RNA-এর শতকরা কত ভাগ rRNA-প্রায় ৮০-৯০ ভাগ।
- কোন RNA এর 3' প্রান্তে CCA লেজ আছে-tRNA।
- tRNA এর কোন প্রান্তে অ্যামিনো এসিড সংযুক্ত হয়-3' প্রান্তে।
- tRNA সবসময় কোন ধারায় বেস সজ্জিত থাকে-CCA।
- tRNA- তে কয়টি বেস নিয়ে অ্যান্টিকোডন বিদ্যমান - ৩টি।
- রাইবোনিউক্লিয় প্রোটিন গঠন করে- rRNA.
- DNA অনুলিপন সম্পর্কে মডেল বা অনুকল্প সংখ্যা - ৩টি।
- DNA অণুর রেপ্লিকেশন কোন পদ্ধতিতে হয় - অর্ধসংরক্ষণশীল।
- DNA অনুলিপনের সময় হাইড্রোজেন বন্ড ভাঙে কোন এনজাইম- হেলিকেজ।
- DNA অনুলিপনের অত্যাবশ্যকীয় এনজাইম হলো - পলিমারেজ।
- DNA অনুলিপনে অনুলিপন ফর্ক উৎপন্ন হয় - Y আকৃতির।
- অপত্য DNA যে এনজাইমের প্রভাবে কুণ্ডলিত হয় - গাইরেজ।
- DNA অনুলিপনের নতুন সূত্র সবসময়ই বৃদ্ধি পায়-5' → 3' মুখী হয়ে।
- DNA অনুলিপনের সময় ছাঁচের বেসের অনুক্রম ACGT হলে নতুন সূত্রের ক্রম হবে- TGCA।
- DNA অনুলিপনে ল্যাগিং সূত্র সৃষ্টির সময় সৃষ্ট খণ্ডগুলোকে বলা হয়-ওকাজাকি খণ্ড।
- অনুলিপনে DNA অণুর খণ্ডগুলো সংযুক্ত করে- লাইগেজ।
- DNA অনুলিপনে নতুন করে হাইড্রোজেন বন্ড তৈরিতে সাহায্য করে কোন এনজাইম- লাইগেজ।
- DNA এর নিজস্ব নিয়ন্ত্রণে যে ভুল হয় তার নাম- Mismatch।
- Mismatch ভুলের কারণে মানুষের কোন রোগ হয়- কোলন ক্যান্সার।
- UV রশ্মি দ্বারা DNA-এর ক্ষত হলে মানুষে হয়- স্কিন ক্যান্সার।
- জীববিজ্ঞান কেন্দ্রীয় প্রত্যয় - রেপ্লিকেশন, ট্রান্সক্রিপশন ও ট্রান্সলেশন।
- DNA সংকেত mRNA-তে স্থানান্তরের প্রক্রিয়া- ট্রান্সক্রিপশন।
- ট্রান্সক্রিপশন কোথায় সংঘটিত হয়- সাইটোপ্লাজমে (আদিকোষ) একং নিউক্লিয়াসে (প্রকৃতকোষ)।
- RNA (mRNA) থেকে প্রোটিন তৈরির প্রক্রিয়া- ট্রান্সলেশন।



CamScanner

# অধ্যায় ০২ কোষ বিভাজন

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশন্স | RATINGS | | |
|---|---|---|---|
| | ★★★ | ★★ | ★ |
| কোষ বিভাজন | প্রোফেজ-১ এর বিভিন্ন পর্যায় | মাইটোসিসের বিভিন্ন পর্যায় | অপর নাম এবং বিভাজনের স্থান |
| কোষচক্র | S-দশা | $G_1$, $G_2$ দশা | - |
| গুরুত্ব | মাইটোসিসের | মায়োসিসের | ক্রসিংওভার |

## TOPIC-01 এক নজরে বিভাজন মনের সাথে করো সংযোজন

**কোষ বিভাজন**

**অ্যামাইটোসিস (প্রত্যক্ষ বিভাজন)**
- Prokaryotic জীবে ঘটে
- দুটি কোষ তৈরি হয়, এককোষী জীবে ঘটে (ব্যাকটেরিয়ার দ্বিভাজন, নীলাভ সবুজ শৈবাল, অ্যামিবা, ঈস্ট)
- ক্রোমোসোম সংখ্যা সমান থাকে

**মাইটোসিস (সমীকরণিক বিভাজন)**
- Eukaryotic জীবে ঘটে; দুটি কোষ তৈরি হয়, দেহ কোষে ঘটে
- ক্রোমোসোম সংখ্যা সমান থাকে
- নিউক্লিয়াস ও ক্রোমোসোম একবার বিভক্ত হয়

→ প্রোফেজ/প্রাক পর্যায়- নিউক্লিয়োলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটতে শুরু করে, দীর্ঘস্থায়ী পর্যায়
→ প্রোমেটাফেজ/প্রাকমধ্যপর্যায়- স্পিন্ডল যন্ত্রের তৈরি এবং ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়, স্বল্পস্থায়ী পর্যায়
→ মেটাফেজ/মধ্যপর্যায়- ক্রোমোসোম সুপার কয়েলিং প্রক্রিয়ায় সবচেয়ে খাটো ও মোটা হয়, মেটাকাইনেসিস ঘটে, সেন্ট্রোমিয়ারের বিভাজন
→ অ্যানাফেজ/গতিপর্যায়- ক্রোমোসোমের মেরুমুখী চলন শুরু হয় এবং V,L,J,I আকৃতি ধারণ করে
→ টেলোফেজ/অন্তপর্যায়- নিউক্লিয়োলাসের পুনঃআবির্ভাব ঘটে এবং সাইটোকাইনেসিস ঘটে

**মিয়োসিস (হ্রাসমূলক বিভাজন)**
- Eukaryotic জীবে ঘটে
- চারটি কোষ তৈরি হয়, জনন কোষে ঘটে
- ক্রোমোসোম সংখ্যা অর্ধেক হয়
- নিউক্লিয়াস দু'বার ও ক্রোমোসোম একবার বিভক্ত হয়

**মিয়োসিস-১**
- ক্যারিওকাইনেসিস-১
- সাইটোকাইনেসিস-১

প্রোফেজ-১ | মেটাফেজ-১ | অ্যানাফেজ-১ | টেলোফেজ-১

→ লেপ্টোটিন- পোলারাইজড বিন্যাস, ফুলের তোড়া/বুকে বিন্যাস দেখা যায়
→ জাইগোটিন- সিন্যাপসিস ঘটে এবং বাইভ্যালেন্ট তৈরি হয়
→ প্যাকাইটিন- টেট্রাড, ক্রসিংওভার ঘটে এবং কায়াজমাটা তৈরী হয়
→ ডিপ্লোটিন- প্রান্তীয়করণ ঘটে, লুপের সৃষ্টি হয়।
→ ডায়াকাইনেসিস- নিউক্লিয়োলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটে

**মিয়োসিস-২**
- ক্যারিওকাইনেসিস-২
- সাইটোকাইনেসিস-২

প্রোফেজ-২ | মেটাফেজ-২ | অ্যানাফেজ-২ | টেলোফেজ-২

## TOPIC-02 কোষ বিভাজনের বিভিন্ন টার্ম

- ইন্টারফেজ: ইন্টারফেজ অবস্থাটি বেশ দীর্ঘ। পরবর্তী বিভাজন পর্যা... সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ইন্টারফেজ অবস্থায় নিউক্লিয়াসে বহু ... ক্রিয়া-বিক্রিয়া ঘটে থাকে। তাই ইন্টারফেজ অবস্থায় কোষের নিউক্লি... বলা হয় বিপাকীয় নিউক্লিয়াস।
- কোষচক্র: একটি কোষ সৃষ্টি, এর বৃদ্ধি এবং পরবর্তীতে বিভাজন এ ... কাজ যে চক্রের মাধ্যমে সম্পন্ন হয় তাকে বলা হয় কোষচক্র।
- মেটাকাইনেসিস: ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান করে ... মেটাকাইনেসিস বলে।
- ইন্টারকাইনেসিস: মায়োসিস প্রক্রিয়ায় নিউক্লিয়াসের প্রথম ও ২য় বি... অন্তবর্তীকালীন বা মধ্যবর্তী সময়কে ইন্টারকাইনেসিস বলা হয়।
- ক্যারিওকাইনেসিস (শ্লাইখার নামকরণ করেন): নিউক্লিয়াসের বিভাজন
- সাইটোকাইনেসিস: সাইটোপ্লাজমের বিভাজন। সাইটোকাইনেসিস ... একই কোষে বহু নিউক্লিয়াসের সৃষ্টি হয়। একে মুক্ত নিউক্লিয়ার বি... বলে। যেমন-ডাবের পানি। এ ধরনের উদ্ভিদ কোষকে সিনোসাইট... প্রাণীকোষকে প্লাজমোডিয়াম বলে।

➤ বিভাজন ক্ষমতাবিহীন যে সকল কোষ:
- পরিণত জনন কোষ বা গ্যামেট (শুক্রাণু, ডিম্বাণু)।
- প্রাণীদেহের স্নায়ুকোষ, পেশীকোষ ও হৃদপেশী কোষ।
- সকল চলমান রক্তকোষ (RBC, WBC, Platelet)।
- উদ্ভিদের স্থায়ী কোষ।

## TOPIC-03 কোষ বিভাজনের গুরুত্ব

➤ মাইটোসিসের গুরুত্ব:

| ছন্দ | তথ্য |
|---|---|
| দে | দেহ গঠন ও দৈহিক বৃদ্ধি |
| ব | বংশবৃদ্ধি (এককোষী সুকেন্দ্রিক জীবে *Chlamydomonas*) |
| জা | জননাঙ্গ সৃষ্টি ও জনন কোষের সংখ্যা বৃদ্ধি |
| নি | নির্দিষ্ট আকার-আয়তন রক্ষা, নিউক্লিয়াস ও সাইটোপ্লাজ... ভারসাম্য রক্ষা |
| কোটি | ক্রোমোসোমের সমতা রক্ষা |
| পুনরায় | পুনরুৎপাদন |
| ক্ষতি | ক্ষতস্থান পূরণ, ক্ষয়পূরণ |
| গ্রন্থ | গুণগত বৈশিষ্ট্যের স্থিতিশীলতা রক্ষা |

➤ অনিয়ন্ত্রিত মাইটোসিস: কোষের অভ্যন্তরীণ ও বাহ্যিক বিভিন্ন ফ্যাক্ট... মাইটোসিস নিয়ন্ত্রিত হয়। কোনো কারণে এই নিয়ন্ত্রণ অকার্যকর হলে অনি... মাইটোসিস ঘটে থাকে, ফলে টিউমার ও ক্যান্সার সৃষ্টি হয়।
- টিউমার সৃষ্টি হওয়াকে বলা হয় Oncogenesis।
- কোষ চক্র বিনষ্টকারী জিন হলো Oncogene; যে সব রাসায়নিক ... ক্যান্সার সৃষ্টিতে উৎসাহিত করে তা হলো Mutagens।
- মিউটাজিনিক পদার্থই Carcinogenic হয়।
- দেহের বিভিন্ন অংশে টিউমার ছড়িয়ে পড়া হলো Metastasis।
- কোষের মৃত্যু- দুইটি উপায়ে মৃত্যু ঘটে।

  i. Necrosis: পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে...

  ii. Apoptosis: এটি হলো কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃ... (উদাহরণ- খাদ্যের ঘর্ষণে অন্ত্রের এপিথেলিয়াম লাইনিং কোষ ও হা... পাঁচটি আঙুলের টিস্যুর মৃত্যু।)
- মাইটোটিক ইনডেক্স (Mitotic index): কোনো টিস্যুর মোট কোষ সং... এবং মাইটোসিসরত কোষ সংখ্যার অনুপাত হলো মাইটোটিক ইনডেক্স (MI)

$$MI = \frac{\text{মাইটোসিসরত কোষ সংখ্যা}}{\text{মোট কোষ সংখ্যা}}$$

- চিকিৎসক MI দেখে অনুমান করতে পারেন টিউমার কত তাড়া... বৃদ্ধি পাবে এবং কি ধরনের ট্রিটমেন্ট প্রয়োজন। MI বেশি হলে ... টিউমার বর্ধনশীল।



CamScanner

> মিয়োসিসের গুরুত্ব:

**Mnemonic:** অভি প্রজাতির বৈচিত্র্যের জন্য মেন্ডেলের কাছে গেল

| ছন্দ | তথ্য |
|---|---|
| অভি | অভিব্যক্তি |
| প্রজাতির | প্রজাতির স্বকীয়তা ঠিক রাখা |
| বৈচিত্র্যের | বৈচিত্র্যের সৃষ্টি |
| জন্য | জননকোষ সৃষ্টি, জনুক্রম |
| মেন্ডেলের | মেন্ডেলের সূত্র |
| কাছে | ক্রোমোসোম সংখ্যা ধ্রুব রাখা |
| গেল | গ্যামিট সৃষ্টি ও বংশবৃদ্ধি |

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সর্বপ্রথম সামুদ্রিক স্যালামান্ডারের কোষ বিভাজন প্রত্যক্ষ এবং মাইটোসিস শব্দটি প্রবর্তন করেন W. Fleming।
- কোষচক্র আবিষ্কার করেন Howard & Pelc।
- কোষচক্রের মাইটোসিসে ব্যয় হয় ৫-১০% সময়।
- নিউক্লিয়াস ও ক্রোমোজোম একবার করে বিভাজিত হয়- মাইটোসিসে।
- ক্রোমোজোমগুলোকে সর্বাধিক খাটো, মোটা ও স্পষ্ট হয় - মেটাফেজে।
- ক্রোমোজোম গতিপ্রাপ্ত হয় কোন ধাপে- অ্যানাফেজ।
- অপত্য ক্রোমোজোম মেরুমুখী হয়- অ্যানাফেজে।
- জীবের দৈহিক বৃদ্ধি ঘটে- মাইটোসিস বিভাজনে।
- জীবদেহের যেকোনো ক্ষতস্থান পূরণ হয়- মাইটোসিস প্রক্রিয়ায়।
- সকল উন্নত প্রাণীর গ্যামিট সৃষ্টিতে ঘটে- মিয়োসিস কোষ বিভাজন।
- মিয়োসিস কোষ বিভাজনে ক্রোমোজোমের বিভাজন ঘটে- একবার; কিন্তু সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস দু'বার বিভাজিত হয়।
- বাইভ্যালেন্ট সৃষ্টি হয় কোন উপধাপে- জাইগোটিন।
- মিয়োসিসের কোন উপ-পর্যায়ে নন-সিস্টার ক্রোমাটিডের অংশ বিনিময় ঘটে- প্যাকাইটিনে।
- বাইভ্যালেন্টে সৃষ্ট চারটি ক্রোমাটিডকে একত্রে বলে- টেট্রাড।
- মিয়োসিস কোষ বিভাজনের কোন পর্যায়ে কায়াজমাটা দৃষ্টিগোচর হয়- প্যাকাইটিনে।
- ক্রসিংওভারের সময় সৃষ্ট কায়াজমার আকৃতি হয়- X এর মতো।
- কোষ বিভাজন কে আবিষ্কার করেন- ফ্লেমিং।
- অ্যামাইটোসিস অপর নাম- প্রত্যক্ষ কোষ বিভাজন।
- আদিকোষের (ব্যাক্টেরিয়া, এককোষী জীব) বিভাজন প্রক্রিয়া- অ্যামাইটোসিস।
- নিউক্লিয়াসের বিভাজনকে বলা হয়- ক্যারিওকাইনেসিস।
- সাইটোপ্লাজমের বিভাজনকে বলা হয়- সাইটোকাইনেসিস।
- সাইটোপ্লাজমের বিভাজন শুরু হয়- টেলোফেজ দশায়।
- নিউক্লিয়াসের বিভাজনকে প্রত্যক্ষ করে ক্যারিওকাইনেসিস নাম দেন- Schleicher।
- কোষ বিভাজনে অভ্যন্তরীণ উদ্দীপনা দান করে-Cyclin Cdk যৌগ।
- কোষ বিভাজনে বাহ্যিক উদ্দীপনা প্রদান করে- বিভিন্ন হরমোন ও গ্রোথ ফ্যাক্টর।
- ইন্টারফেজ দশার নিউক্লিয়াস হলো- বিপাকীয় নিউক্লিয়াস।
- ইন্টারফেজ কী নাম পরিচিত- প্রস্তুতি পর্যায়।
- কোষচক্রের কোন পর্যায়ে DNA এর প্রতিলিপন ঘটে- ইন্টারফেজ।
- ইন্টারফেজ এর দশা বা উপপর্যায় কয়টি- ৩টি ($G_1$,S ও $G_2$ দশা)।
- কোষচক্রের $G_1$দশায় কত শতাংশ সময় ব্যয় হয়- ৩০-৪০%।
- কোষচক্রের $G_2$ দশায় কত শতাংশ সময় ব্যয় হয়- ১০-২০%।
- কোষচক্রের S দশায় বা সংশ্লেষণ দশায় ব্যায়িত সময়- ৩০-৫০%।
- মাইটোসিস কোষ বিভাজনের অপর নাম- সমীকরণিক বিভাজন বা পরোক্ষ বিভাজন।
- মাইটোসিসের ফলে একটি কোষ থেকে কয়টি অপত্য কোষ সৃষ্টি হয়-২টি।
- অপত্য কোষ ও মাতৃকোষের মধ্যে ক্রোমোজোমের সংখ্যা সমান থাকে- মাইটোসিসে।
- মাইটোসিস সংঘটিত হয়- দেহকোষে (ব্যতিক্রম-প্রাণীর স্নায়ুকোষ) ও জনন মাতৃকোষ ছাড়া জননাঙ্গের অন্যান্য কোষে।
- মাইটোসিসের কোন ধাপে নিউক্লিয়ার মেমব্রেন ও নিউক্লিয়ালাসের সম্পূর্ণ বিলুপ্তি ঘটে- মেটাফেজ।
- মাইটোসিস কোষবিভাজনের পর্যায়- ৫টি।
- মাইটোসিসের দীর্ঘস্থায়ী পর্যায়ে- প্রোফেজ।
- কোষ বিভাজনের কোন পর্যায়ে স্পিন্ডল যন্ত্রের সৃষ্টি হয়- প্রো- মেটাফেজ।
- ক্রোমোজোমীয় নৃত্য পরিলক্ষিত হয় কোষ বিভাজনের কোন পর্যায়ে - প্রো মেটাফেজ।
- ক্রোমোজোম গুলো বিষুবীয় বা নিরক্ষীয় অঞ্চলে অবস্থান করে কোন ধাপে- মেটাফেজ।
- স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে ক্রোমোজোমের বিন্যস্ত হওয়াকে বলা হয়- মেটাকাইনেসিস।
- মেটাকাইনেসিস ঘটে- মেটাফেজ পর্যায়ে।
- ক্রোমোজোম গতিপ্রাপ্ত হয় কোন ধাপে- অ্যানাফেজ।
- মাইটোসিসের ক্ষণস্থায়ী পর্যায়- প্রো-মেটাফেজ।
- মাইটোসিস কোষ বিভাজনে ক্রোমোজোমের দ্বিতন হয় কোন পর্যায়ে - অ্যানাফেজ।
- অ্যাক্রোসেন্ট্রিক ক্রোমোজোমকে অ্যানাফেজ পর্যায়ে দেখতে কেমন- J-Shaped।
- মাইটোসিস কোষ বিভাজনের কোন পর্যায়ে প্রতিটি ক্রোমোটিড একটি অপত্য ক্রোমোজোম পরিণত হয়- অ্যানাফেজ।
- কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোজোমগুলো ক্রমশ সরু, লম্বা ও অদৃশ্য হয়- টেলোফেজ।
- মাইটোসিসের কোন পর্যায় বিলুপ্ত নিউক্লিয়াসের পুনঃরাবির্ভাব ঘটে- নিউক্লিলাসের।
- টেলোফেজে স্যাট ক্রোমোজোমের গৌণ কুঞ্চনে আর্বিভাব ঘটে- নিউক্লিওলাসের।
- টেলোফেজে শেষের দিকে কোন পর্যায়ে শুরু হয়- সাইটোকাইনেসিস।
- জীবের দৈহিক বৃদ্ধি ঘটে- মাইটোসিস বিভাজন।
- দুটি উপায়ে কোষের মৃত্যু ঘটে, যথা- Necrosis (পুষ্টির অভাবে বা বিষাক্ত দ্রব্যের প্রভাবে মৃত্যু) এবং Apoptosis বা, Programmed cell Death
- মিয়োসিসের অপর নাম-হ্রাসমূলক কোষ বিভাজন।
- মিয়োসিস কোথায় ঘটে- ডিপ্লয়েড ও পলিপ্লয়েড জীবের জনন মাতৃকোষে এবং হ্যাপ্লয়েড জীবের জাইগোট।
- সকল উন্নত প্রাণীর গ্যামিট সৃষ্টিতে ঘটে- মিয়োসিস কোষ বিভাজন।
- মিয়োসিসে একটি মাতৃকোষ হতে কয়টি অপত্য কোষ সৃষ্টি হয়- ৪টি।
- কোন কোষ বিভাজনে অপত্যকোষে ক্রোমোজোমের সংখ্যা মাতৃকোষের ক্রোমোজোমের সংখ্যার অর্ধেক হয়- মিয়োসিস।
- পদ্ধতিগত ভাবে সম্পূর্ণ মিয়োসিসকে ভাগ করা হয়- ২ ধাপে।
- কোন বিভাজন মাইটোসিসের অনুরূপ- মিয়োসিস-২।
- মায়োসিসের ফলে সৃষ্টি হয়- গ্যামিট।
- স্পোরোফাইটিক উদ্ভিদে কোথায় মিয়োসিস ঘটে- জাইগোট।
- ডিপ্লয়েড জীবে জননকোষ সৃষ্টি হয়- মিয়োসিসে।
- বংশগতীয় বৈশিষ্ট্যর পুনর্বিন্যাস ঘটে- মিয়োসিসে।
- প্রোফেজ-১ এর কোন দশায় প্রাণিকোষে সেন্ট্রিওল অবিভক্ত থাকে- লেপ্টোটিন।
- মিয়োসিস কোষ বিভাজন কোন উপধাপে সিন্যাপসিস ঘটে- জাইগোটিনে।
- কোন উপ-পর্যায়ে হেমোলোগাস ক্রোমোজোম জোড় বাঁধে- জাইগোটিনে।
- মিয়োসিস কোষ বিভাজনের কোন দশায় ক্রসিংওভার ঘটে- প্যাকাইটিন।
- কোন পর্যায়ে সর্বপ্রথম বাইভ্যালেন্টের দুটি সেন্টোমিয়ার ও চারটি ক্রোমাটিড পরিলক্ষিত হয়- প্যাকাইটিন।
- হোমালোগাস ক্রোমোজোমের জোড় সৃষ্টি হলো- সিন্যাপসিস।
- জোড়বদ্ধ দুটি সমসংস্থ ক্রোমোজোম হলো- বাইভ্যালেন্ট।
- একই ক্রোমোজোম হতে প্রাপ্ত দুটি ক্রোমাটিড- সিস্টার ক্রোমোটিড।
- নন-সিস্টার ক্রোমাটিডের অংশ বিনিময়- ক্রসিং ওভার।
- মায়োসিসের প্রোফেজ-১ এর প্যাকাইটিন উপদশায় দৃশ্যমান 'X' আকৃতির অংশকে বলা হয়- কায়াজমা।
- মিয়োসিসেরে কোন পর্যায়ে হোমালোগাস ক্রোমোজোম পৃথক হয়- অ্যানাফেজ-১
- ক্রসিংওভারের হার নির্ণয় করা হয়- ক্রোমোজোম ম্যাপে।
- নন-সিস্টার ক্রোমাটিডের নির্দিষ্ট অংশ ভাঙ্গে- এন্ডোনিউক্লিয়েজ।
- কায়াজমা অংশে ক্রোমাটিডগুলো জোড়া দেয়- লাইগেজ এনজাইম।
- ক্রোমোজোম থেকে প্রান্তের দিকে কায়াজমার চলন- প্রান্তীয়গমন।
- ডিপ্লয়েড জীবে-টার্মিনাল মায়োসিস, সপুষ্পক উদ্ভিদে-স্পোরিক মায়োসিস এবং ছত্রাক ও শৈবালে- জাইগোটিক মায়োসিস ঘটে।



CamScanner

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

01. ক্রসিং ওভার সম্পর্কে প্রথম ধারণা কে দেন? [JU-D, Set-P. 2021-22; BSMRSTU:H, 18-19]
A. Flemming B. Strusburger C. Morgan D. Moore
S(C) Why থমাস হান্ট মর্গান (1866-1945) 1909 সালে ড্রুট উদ্ভিদে প্রথম ক্রসিং ওভার সম্পর্কে ধারণা দেন। 1933 খ্রিস্টাব্দে তিনি নোবেল পুরষ্কার পান।

02. বিভাজন ক্ষমতা নাই কোন কোষের? [CU. 15-16; JUST. 15-16; IU. 13-14; RU. 12-13]
A. পেশী কোষ B. স্নায়ু কোষ
C. জনন মাতৃকোষ D. আবরণী কোষ (AB)

03. নিচের কোনটিতে কোষ বিভাজন হয়? [JUST. 15-16]
A. RBC B. WBC C. স্নায়ু কোষ
D. ডিম্বাণু E. জনন মাতৃকোষ (E)

04. স্পোরোফাইটিক উদ্ভিদে কোথায় মায়োসিস ঘটে? [য.বো. ২০২৩]
A. দেহকোষে B. জনন কোষে
C. জনন মাতৃ কোষে D. জাইগোটে (C)

05. কোষ বিভাজনের কোন পর্যায়ে স্পিন্ডল তন্তু তৈরির জন্য মাইক্রোটিউবিউলস সৃষ্টি হয়? [JU-D, Set-M. 23-24]
A. ইন্টারফেজ B. প্রো-মেটাফেজ C. টেলোফেজ D. সবকটিই (A)

06. মাইটোসিস কোষ বিভাজনে ডিএনএ রেপ্লিকেশন হয় যে দশায়- [RU-C, পদ্মা-২: 23-24]
A. G1 B. G2 C. S D. সবগুলোয় (C)

07. পুষ্টির অভাবজনতি কোষের মৃত্যুকে কী বলে? [সি.বো. ২০২২]
A. অ্যাপোপটসিস B. টক্সিকটোসিস C. নিউটোটপসিস D. নেক্রোসিস (D)

08. ক্রোমোসোমীয় নৃত্য কোষ বিভাজনের কোন দশায় ঘটে? [DU. 09-10; D. Board 15; RU-C, Jupitar-1, Set-1. 2021-22]
A. Prophase B. Prometaphase
C. Anaphase D. Telophase (B)

09. ক্রোমোজোমের সেন্ট্রোমিয়ার সংযুক্তকারী তন্তুকে কী বলা হয়? [JU-D, Set-U. 23-24]
A. স্পিন্ডল ফাইবার B. ট্রাকশন ফাইবার
C. বাস্ট ফাইবার D. কোনটিই নয়
S(B) Why মাইটোসিসের প্রো-মেটাফেজ বা প্রাক-মধ্যপর্যায়:
- স্পিন্ডল যন্ত্রের সৃষ্টি হয়। স্পিন্ডল যন্ত্রের দুই মেরুর মধ্যবর্তী অঞ্চলকে ইকুয়েটর বা বিষুবীয় অঞ্চল বলে। ক্রোমোজোমের সেন্ট্রোমিয়ার সংযুক্তকারী তন্তুকে ট্রাকশন ফাইবার বলা হয়।
- প্রাণিকোষে দুই মেরুতে অবস্থিত সেন্ট্রিওল থেকে অ্যাস্টার তন্তু বিচ্ছুরিত হয়।
- মাইটোটিক সেন্টার (মাইক্রোটিউবিউলস এর ব্যবস্থা করে) অবস্থান করে। প্রাণীকোষে এ কাজটি সেন্ট্রোসোম করে।
- ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।

10. কোষ বিভাজনের সময় বিষুবীয় অঞ্চলে ক্রোমোজোমের বিন্যস্ত হওয়াকে কি বলে? [JU-D, Set-Q. 23-24]
A. সাইটোকাইনেসিস B. মেটাকাইনেসিস
C. ক্যারিওকাইনেসিস D. সবগুলো (B)

11. মাইটোসিস কোষ বিভাজনের কোন ধাপে নিউক্লিওলাসের বিলুপ্তি ঘটে? [JU-D, Set-H. 2022-23; DU-7Clg. 22-23]
A. প্রোফেজ B. ইন্টারফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ (A)

12. কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান করে? [JU-D, Set-T. 2021-22; CoU: A, 19-20]
A. অ্যানাফেজ B. টেলোফেজ C. মেটাফেজ D. প্রোফেজ (C)

13. উদ্ভিদ জননাঙ্গের গঠন ও বৃদ্ধি কোন প্রক্রিয়ায় ঘটে? [JU-D, Set-T. 2021-22]
A. মাইটোসিস B. মিয়োসিস
C. অ্যামাইটোসিস D. সাইটোকাইনেসিস
S(A) Why মাইটোসিস: মাইটোসিস প্রাণী ও উদ্ভিদের বিভাজন ক্ষমতাসম্পন্ন দৈহিক কোষে ঘটে থাকে, যেমন: উদ্ভিদের কাণ্ড বা তার শাখা-প্রশাখার শীর্ষ, মূলের বর্ধিষ্ণু শীর্ষ, ক্যাম্বিয়াম প্রভৃতি অঞ্চলে মাইটোসিস হয়ে থাকে। জীবদেহের সকল অঙ্গ-প্রত্যঙ্গ মাইটোসিস প্রক্রিয়ারই ফল। জননাঙ্গের গঠন এবং বৃদ্ধিও মাইটোসিস প্রক্রিয়ার মাধ্যমেই হয়ে থাকে।

14. মাইটোসিস কোষ বিভাজনের সবচেয়ে স্বল্পস্থায়ী পর্যায় কোনটি? [JU-D, Set-R. 2021-22]
A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ C. মেটাফেজ D. এনাফেজ
S(B) Why মাইটোসিসের সবচেয়ে দীর্ঘস্থায়ী পর্যায় প্রোফেজ ও স্বল্পস্থায়ী পর্যায় প্রো-মেটাফেজ।

15. মাইটোসিস বিভাজনের কোন পর্যায়ে সেন্ট্রোমিয়ার বিভাজন হয়? [JU-D, Set-N. 2021-22]
A. প্রো-মেটাফেজ B. মেটাফেজ C. এনাফেজ D. টেলোফেজ (B)

16. মাইটোসিস কোষ বিভাজনের সবচেয়ে দীর্ঘস্থায়ী পর্যায় কোনটি? [JU-D, Set-H. 2021-22]
A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ C. মেটাফেজ D. এনাফেজ
S(A) Why মাইটোসিস কোষ বিভাজনের সবচেয়ে দীর্ঘস্থায়ী পর্যায় প্রোফেজ ও সবচেয়ে স্বল্পস্থায়ী পর্যায় প্রো-মেটাফেজ।

17. কোন দশায় নিউক্লিয়াসের বিভাজন ঘটে? [JU. 17-18]
A. মেটাকাইনেসিস B. ইন্টারকাইনেসিস
C. ক্যারিওকাইনেসিস D. সাইটোকাইনেসিস (C)

18. অপত্য ক্রোমোসোমগুলো মেরুর কাছাকাছি পৌছালেই কোন পর্যায়ের সমাপ্তি ঘটে? [RU-C, সুরমা-৩: 23-24]
A. প্রফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ (C)

19. দেহের বিভিন্ন অংশে ক্যান্সার কোষ ছড়িয়ে পড়াকে কি বলে? [RU-C, Jupitar-1, Set-1. 2021-22]
A. Oncogenesis B. Necrosis C. Metastasis D. Apoptosis
S(C) Why • টিউমার সৃষ্টি হওয়াকে বলা হয় Oncogenesis।
- কোষ চক্র বিনষ্টকারী জিন হলো Oncogene; যে সব রাসায়নিক পদার্থ ক্যান্সার সৃষ্টিতে উৎসাহিত করে তা হলো Mutagens।
- মিউটাজিনিক পদার্থই Carcinogenic হয়।
- দেহের বিভিন্ন অংশে টিউমার ছড়িয়ে পড়া হলো Metastasis।

20. শীর্ষ ভাজক কলায় যে কোষ বিভাজন হয় তার নাম কি? [CU. 12-13]
A. অ্যামাইটোসিস B. মাইটোসিস C. মেয়োসিস-1
D. মিয়োসিস-2 E. ডায়াকাইনেসিস (B)

21. ক্রোমাটিডের মেরুমুখী চলন কোষ বিভাজনের কোন ধাপে শুরু হয়? [DU-7Clg: 19-20]
A. প্রোফেজ B. প্রোমেটাফেজ C. মেটাফেজ D. অ্যানাফেজ (D)

22. কোষ বিভাজনের কোন ধাপে ক্রোমোসোম গুলো পানি শোষণ করে ক্রমান্বয়ে সংকুচিত হয়ে সরু ও লম্বা হয়? [SUST. 04-05]
A. প্রোফেজ B. এনাফেজ C. মেটাফেজ D. টেলোফেজ (D)

23. মানবদেহের ক্ষত নিরাময়ে কোনটি অপরিহার্য? [MAT. 2021-22]
A. মাইটোসিস (mitosis) B. মিয়োসিস (meiosis)
C. অ্যামাইটোসিস (amitosis) D. সিনপসিস (synopsis)
S(A) Why বহুকোষী জীবদেহে সৃষ্ট যেকোন ক্ষতস্থানে Mitosis প্রক্রিয়ায় কোষ বিভাজনের মাধ্যমে পূরণ হয়।
- মিয়োসিস (meiosis): প্রজাতির স্বকীয়তা বজায় রাখা, জননকোষ সৃষ্টি করা।
- অ্যামাইটোসিস (amitosis): এককোষী জীবের সংখ্যাবৃদ্ধি প্রক্রিয়া।

24. মাইটোসিস কোষ বিভাজনের সময় স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে ক্রোমোজোমের বিন্যস্ত হওয়াকে কি বলে? [DAT. 18-19]
A. মেটাকাইনেসিস B. ডায়াকাইনেসিস
C. সাইটোকাইনেসিস D. ক্যারিওকাইনেসিস (A)

25. নিচের কোন প্রক্রিয়াটি কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃত্যু? [AFMC: 2021-22; MAT. 17-18; DAT. 19-20; NSTU. 19-20; CU-A, Shift-4. 20-21]
A. Epistasis B. Apoptosis C. Hypostasis D. Necrosis
S(B) Why Apoptosis এটি হলো কোষের জেনেটিক্যালি নিয়ন্ত্রিত মৃত্যু।
- Epistasis: একটি জিন যখন অন্য একটি নন-অ্যালিলিক জিনের কার্যকারিতা প্রকাশে বাধা দেয় তখন এ প্রকিয়াকে এপিস্ট্যাসিস বলে।
- Hypostasis: মৃত্যুর পরে বা সংবহন জটিলতার কারণে মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে শরীরের নিচের অংশে তরল বা রক্ত জমার প্রক্রিয়া।
- Necrosis: পুষ্টির অভাব হলে অথবা বিষাক্ত দ্রব্যের কারণে ক্ষতিগ্রস্থ হলে কোষ মরে যায়।



CS CamScanner

26. মাইটোসিস এর কোন পর্যায়ে ক্রোমোজোম হতে পানি বিয়োজন ঘটে? [কু.বো. ২০২৩]
A. প্রোফেজ B. মেটাফেজ C. এনাফেজ D. টেলোফেজ Ⓐ

27. ক্রোমোজোমের খাটো ও মোটা হওয়াকে বলে- [য.বো. ২০২২]
A. সিন্যাপসিস B. বাইভ্যালেন্ট
C. অ্যাপোপটোসিস D. কনডেনসেসন Ⓓ

28. মাইটোসিস বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়? [চ.বো. ২১; দি.বো. ১৭]
A. প্রোমেটাফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ Ⓐ

29. প্রোফেজ-I এর কোন পর্যায়ে কায়াজমা সৃষ্টি হয়? [DU. 20-21]
A. লেপ্টোটিন B. জাইগোটিন C. প্যাকাইটিন D. ডিপ্লোটিন Ⓒ

30. কোষ বিভাজনের কোন পর্যায়ে টেট্রাডসমূহ পাওয়া যায়? [DU. 18-19]
A. লেপ্টোটিন B. জাইগোটিন
C. প্যাকাইটিন D. ডায়াকাইনেসিস Ⓒ

31. মায়োসিস কোষ বিভাজনের কোন উপধাপে সমসংস্থ ক্রোমোজোমগুলো পরস্পরের সাথে জোড়া বাঁধে? [DU. 15-16; JU. 15-16; CU. 15-16, 14-15, 01-02; BU. 13-14; BAU. 04-05, 00-01; CU. 17-18]
A. লেপ্টোটিন B. জাইগোটিন C. প্যাকাইটিন D. ডিপ্লোটিন Ⓑ

32. প্রথম মায়োসিস কোষ বিভাজনের কোন উপদশায় ক্রসিং-ওভার ঘটে- [DU. 11-12, 00-01,; MAT. ৮৮-৮৯; ; CU. 19-20,15-16,16-17, 09-10,04-05,00-01; IU. 11-12; JnU. 15-16, 12-13, 07-08; JU-D, Set-H. 2021-22, 17-18; BAU. 01-02,02-03; RU. 18-19, 17-18, 16-17]
A. লেপ্টোটিন B. জাইগোটিন C. প্যাকাইটিন D. ডিপ্লোটিন Ⓒ

33. 'মায়োসিস'-এর ফলে সৃষ্টি হয়- [DU. 05-06; HSTU. 16-17]
A. Gamete B. Meiocyte C. Mesophyll D. Zygote Ⓐ

34. মেন্ডেলের সূত্রের ব্যাখ্যা সম্ভব কোন বিভাজনের মাধ্যমে? [JU-D, Set-P. 2021-22]
A. মাইটোসিস B. মিয়োসিস
C. অ্যামাইটোসিস D. ক্যারিওকাইনেসিস

S Ⓑ WhY মেন্ডেলের সূত্রসমূহ সাধারণত বংশ পরম্পরায় জনুক্রম নিয়ে কাজ করে। মিয়োসিস বিভাজনের মাধ্যমে বংশগতির ধারাবাহিকতা বজায় থাকে।

35. হ্যাপ্লয়েড জীবে কোথায় মিয়োসিস কোষ বিভাজন হয়? [CU-A. 23-24]
A. জনন-মাতৃকোষে B. জাইগোটে
C. দেহকোষে D. মাইক্রোস্পোর-এ

S Ⓑ WhY মিয়োসিস সংঘটনের স্থান:
- সর্বদা জনন মাতৃকোষে সম্পন্ন হয়।
- নিম্নশ্রেণির হ্যাপ্লয়েড জীবে নিষেকের পর জাইগোটে।
- উচ্চ শ্রেণির জীবে নিষেকের পূর্বে জনন মাতৃকোষ হতে গ্যামিট সৃষ্টিকালে।

36. ক্রসিং ওভার কোন পর্যায়ে ঘটে? [AFMC. 22-23]
A. Zygotene B. Leptotene C. Pachytene D. Metaphase

S Ⓒ WhY প্যাকাইটিন উপপর্যায়ে ননসিস্টার ক্রোমাটিডের জোড়াস্থলকে কায়াজমা/কায়াজমাটা (X-আকৃতির) বলে। ক্রোমোসোম অংশের এ বিনিময়কে ক্রসিং ওভার বলে।

37. সেন্ট্রোমিয়ারের বিভাজন ঘটায়– [সি.বো. ২০২৩]
A. মেটাফেজ-২ B. প্রোফেজ-২ C. মেটাফেজ-১ D. প্রোফেজ-১ Ⓐ

38. মাইটোসিস কোষ বিভাজনে DNA- এর প্রতিলিপি সৃষ্টি হয়? [Ref: হাফিজুর স্যার]
A. মেটাফেজ B. অ্যানাফেজ C. প্রোফেজ D. ইন্টারফেজ Ⓓ

39. ক্রোমোজোমগুলো সর্বাধিক মোটা ও খাটো হয় কোন ধাপে? [Ref: আজিবুর স্যার]
A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ Ⓑ

## PRIME TEST

01. কোষ বিভাজন সর্বপ্রথম কোন প্রাণিদের মধ্যে লক্ষ্য করা হয়?
Ⓐ সামুদ্রিক তিমি Ⓑ ব্যাঙ
Ⓒ সামুদ্রিক কাছিম Ⓓ সামুদ্রিক স্যালামান্ডার

02. শ্লাইখার Mitosis বিভাজনের নাম দেন-
Ⓐ ইকুয়েশনাল ডিভিশন Ⓑ ক্যারিওকাইনেসিস
Ⓒ সাইটোকাইনেসিস Ⓓ কোনটিই নয়

03. কত সালে স্ট্রাসবুর্গার মিয়োসিস কোষ বিভাজন প্রত্যক্ষ করেন?
Ⓐ ১৮৮০ Ⓑ ১৮৯২ Ⓒ ১৮৮৩ Ⓓ ১৮৮৮

04. মেটাফেজকে কী বলা হয়?
Ⓐ অন্তপর্যায় Ⓑ মধ্যপর্যায়
Ⓒ গতিপর্যায় Ⓓ প্রাকমধ্যপর্যায়

05. জীবজগতে কয় ধরনের কোষ বিভাজন দেখা যায়?
Ⓐ ২ Ⓑ ৪ Ⓒ ৫ Ⓓ ৩

06. পর্যায়ক্রম অনুযায়ী নিম্নের কোনটি সঠিক?
Ⓐ $S \rightarrow G_1 \rightarrow G_2 \rightarrow M$ Ⓑ $M \rightarrow S \rightarrow G_1 \rightarrow G_2$
Ⓒ $G_1 \rightarrow S \rightarrow G_2 \rightarrow M$ Ⓓ $M \rightarrow G_2 \rightarrow G_1$

07. কোষচক্র নিচের কোনগুলো নিয়ে গঠিত?
Ⓐ মাইটোসিস, মায়োসিস
Ⓑ $G_1$, S ও $G_2$ দশা
Ⓒ প্রোফেজ, মেটাফেজ, অ্যানাফেজ ও টেলোফেজ
Ⓓ ইন্টারফেজ ও মাইটোসিস

08. মেরুদন্ডী প্রাণিদের ক্ষেত্রে কোথায় Amitosis ঘটে?
Ⓐ ভ্রূণপর্দায় Ⓑ মাছের ডিম গঠনের অন্তিম পর্যায়ে
Ⓒ ভ্রূণথলিতে Ⓓ A ও C উভয়ই

09. কোনটিকে প্রত্যক্ষ কোষ বিভাজন বলা হয়?
Ⓐ মাইটোসিস Ⓑ মায়োসিস
Ⓒ অ্যামাইটোসিস Ⓓ ইন্টারকাইনেসিস

10. প্রাণিকোষের সেন্ট্রিওল বিভক্ত হয়ে মেরুর দিকে যেতে থাকে মাইটোসিসের কোন ধাপে?
Ⓐ প্রোফেজ Ⓑ অ্যানাফেজ
Ⓒ প্রো-মেটাফেজ Ⓓ টেলোফেজ

11. মাইটোসিস অ্যানাফেজ দশার ক্ষেত্রে কোনটি সত্য নয়?
Ⓐ সেন্ট্রোমিয়ার সম্পূর্ণরূপে বিভক্ত হয়
Ⓑ প্রতিটি ক্রোমাটিড অপত্য ক্রোমোসোমে পরিণত হয়
Ⓒ ক্রোমোসোমগুলো বিভিন্ন আকৃতি ধারণ করে
Ⓓ সেন্ট্রোমিয়ার পশ্চাৎগামী ও বাহুদ্বয় অগ্রগামী

12. লোহিত রক্তকোষের পুনরুৎপাদন হয় কোন প্রক্রিয়ায়?
Ⓐ মাইটোসিস Ⓑ মিয়োসিস
Ⓒ অ্যামাইটোসিস Ⓓ অনিয়ন্ত্রিত মাইটোসিস

13. কোষকে বিভাজন হতে বিরত রাখায় ভূমিকা রাখে নিচের কোনটি?
Ⓐ $P^{25}$ Ⓑ Al Ⓒ $P^{53}$ Ⓓ $P^{35}$

14. মিয়োসিস প্রক্রিয়ার বৈশিষ্ট্য নয়-
Ⓐ বাইভ্যালেন্ট সৃষ্টি Ⓑ ডিপ্লয়েড গ্যামেট সৃষ্টি
Ⓒ কায়াজমা সৃষ্টি Ⓓ ক্রসিং ওভার

15. মিয়োসিস-২ কে বলা হয়-
Ⓐ ইকুয়েশনাল ডিভিশন Ⓑ শ্লাইখারের বিভাজন
Ⓒ হ্রাসমূলক বিভাজন Ⓓ কোনটিই নয়

16. নিচের কোনটি মায়োসিসের গুরুত্ব নয়?
Ⓐ জননকোষ সৃষ্টি Ⓑ ক্ষতপূরণ Ⓒ বৈচিত্র্যের সৃষ্টি Ⓓ অভিব্যক্তি

17. মাইটোসিস কোষ বিভাজন কোন কোষে ঘটে?
Ⓐ সকল ভ্রূণকোষ Ⓑ দেহকোষ Ⓒ মূলের বর্ধিষ্ণু শীষ Ⓓ সবগুলো

18. ক্রসিং ওভারের কোন মডেল ব্যাপক গৃহীত?
Ⓐ ডাবল ক্রসিং Ⓑ ডাবল হেলিক্স Ⓒ কায়াজমেটিক Ⓓ হোয়াইট হাউস

19. ক্রোমোসোম ম্যাপিং-এ কোন বৈশিষ্ট্য ব্যবহৃত হয়?
Ⓐ অ্যামাইটোসিস Ⓑ ক্রসিংওভার Ⓒ মিয়োসিস Ⓓ মাইটোসিস

20. অপত্য ক্রোমোজোমগুলো মেরুর কাছাকাছি পৌছালে কোন পর্যায়ের সমাপ্তি ঘটে?
Ⓐ টেলোফেজ Ⓑ মেটাফেজ Ⓒ অ্যানাফেজ Ⓓ প্রোফেজ

### Answer Analysis

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.D | 02.B | 03.D | 04.B | 05.D | 06.C | 07.D | 08.A | 09.C | 10.A |
A. অযৌন জনন B. যৌন জনন
C. দ্বি-বিভাজন D. অ্যানাইসোগ্যামাস Ⓒ

**42. নাইট্রিফিকেশনে অ্যামোনিয়া নাইট্রেটে পরিণত করতে কিসের সহযোগিতা নিতে হয়?** [HSTU.13-14]
A. ভাইরাস B. প্রোটোজোয়া C. ব্যাকটেরিয়া D. ছত্রাক
S Ⓒ WhY *Nitrococcus, Nitrobacter* প্রভৃতি ব্যাকটেরিয়া এ কাজ করে থাকে।

**43. কোন ব্যাকটেরিয়া মুক্ত অক্সিজেন ছাড়া বাঁচে?** [MAT. 23-24]
A. *Mycobacterium* B. *Clostridium*
C. *Vibrio cholerae* D. *Salmonella typhi* Ⓑ

**44. মানুষের লোহিত কণিকায় ম্যালেরিয়া পরজীবীর বহুবিভাজন প্রক্রিয়ায় অযৌন জননকে কী বলে?** [CoU. A, 19-20]
A. এরিথ্রোসাইটিক সাইজোগনি B. এক্সো-এরিথ্রোসাইটিক সাইজোগনি
C. হেপাটিক সাইজোগনি D. প্রি-এরিথ্রোসাইটিক সাইজোগনি
S Ⓐ WhY মানুষের রক্তের লোহিত কণিকায় ম্যালেরিয়া জীবাণুর অযৌন জননকে এরিথ্রোসাইটিক সাইজোগনি বলে।

**45. বিনাইন টারশিয়ান ম্যালেরিয়ার পরজীবি কোনটি?** [KU.18-19; NSTU. 14-15, JnU. 11-12, 19-...]
A. *Plasmodium vivax* B. *Plasmodium malariae*
C. *Plasmodium ovale* D. *Plasmodium falciparum* Ⓐ

**46. মানবদেহে ম্যালেরিয়া জীবাণুর সুপ্তিকাল-** [MBSTU: Unit-B, 19-20]
A. 11 দিন B. 14 দিন C. 16 দিন D. 18 দিন Ⓓ

## PRIME TEST

**01. ভাইরাসের কেন্দ্রীয় বস্তু হলো-**
Ⓐ ক্যাপসিড Ⓑ নিউক্লিক এসিড Ⓒ ক্যাপসোমিয়ার Ⓓ পেপলোমিয়ার

**02. এইডস রোগের ভাইরাস আবিষ্কার করেন-**
Ⓐ গ্যালো Ⓑ শেফারম্যান Ⓒ মরিস Ⓓ পিরি ও বদেন

**03. ডিম্বাকার ভাইরাস কোনটি?**
Ⓐ ভ্যাকসিনিয়া Ⓑ হার্পিস Ⓒ ইনফ্লুয়েঞ্জা Ⓓ $T_4$ ফায

**04. TMV এ ক্যাপসোমিয়ার আছে-**
Ⓐ ২২০০ Ⓑ ১৫৮ Ⓒ ৩০০০ Ⓓ ৬৫০০

**05. লাইটিক চক্রের ধাপ নয় নিম্নের কোনটি?**
Ⓐ সংযুক্তকরণ বা অ্যাডজরবশন Ⓑ শোষণ বা অ্যাবসরবশন
Ⓒ অনুপ্রবেশ বা পেনিট্রেশন Ⓓ সংশ্লেষ বা সিনথেসিস

**06. "হাম" রোগ হয় কোন ভাইরাসের কারণে?**
Ⓐ ফ্ল্যাভি ভাইরাস Ⓑ রুবিওলা Ⓒ ভেরিওলা Ⓓ TMV

**07. পেঁপের রিংস্পট রোগের কারণ কোনটি?**
Ⓐ Papaya virus Ⓑ Pot virus Ⓒ ব্যাকটেরিয়া Ⓓ Poty virus

**08. কোন ভাইরাসটি দূরারোগ্য?**
Ⓐ HAV Ⓑ HDV Ⓒ HCV Ⓓ HEV

**09. ডেঙ্গুজ্বর এর মাত্রা-**
Ⓐ $104^\circ - 105^\circ F$ Ⓑ $103^\circ - 105^\circ F$ Ⓒ $104^\circ - 105^\circ C$ Ⓓ $103^\circ - 105^\circ C$

**10. ব্যাকটেরিয়া তত্ত্বকে প্রতিষ্ঠিত করেন-**
Ⓐ Antony Van Leeuwenhoek Ⓑ ©G. Ehrenberg
Ⓒ Louis Pasteur Ⓓ W. M. Stanley

**11. ব্যাকটেরিওফায এক ধরনের-**
Ⓐ ভাইরাস Ⓑ ব্যাকটেরিয়া Ⓒ ছত্রাক Ⓓ শৈবাল

**12. প্রতিকূল পরিবেশে ব্যাকটেরিয়াকে রক্ষা করে কে?**
Ⓐ কোষ প্রাচীর Ⓑ ক্যাপসিউল Ⓒ মেসোসোম Ⓓ প্লাজমামেমব্রেন

**13. ⒹP.T এর অন্তর্ভুক্ত নয় কোনটি?**
Ⓐ Diphtheria Ⓑ Typhoid Ⓒ Pertussis Ⓓ Tetanus

**14. কোন রোগটি ব্যাকটেরিয়া সৃষ্ট?**
Ⓐ ম্যালেরিয়া Ⓑ ডেঙ্গু Ⓒ কলেরা Ⓓ হেপাটাইটিস

**15. ম্যালেরিয়া রোগের জীবাণু সর্বপ্রথম দেখতে পান-**
Ⓐ ল্যাভেরন Ⓑ ডারউইন Ⓒ রিচার্ডসন Ⓓ লিউয়েন হুক

**16. কোন প্রজাতি মানুষের ম্যালেরিয়া রোগ সৃষ্টি করতে পারে না?**
Ⓐ *P.vivax* Ⓑ *P. falciparum* Ⓒ *P. malariae* Ⓓ *P. maxicana*

**17. মানুষকে একবার দংশনে কি পরিমাণ স্পোরোজয়েট প্রবেশ করে?**
Ⓐ ২০% Ⓑ ১০% Ⓒ ১০-২০% Ⓓ ৩০%

**18. মশকীর লালাগ্রন্থিতে স্পোরোজয়েট অবস্থান করে কত দিন?**
Ⓐ এক সপ্তাহ Ⓑ এক মাস Ⓒ দেড় মাস Ⓓ দু'মাস

**19. "A virus is a virus" এই মন্তব্য করেন কে?**
Ⓐ লুই পাস্তুর Ⓑ বারে সিনৌসী Ⓒ A Lowff Ⓓ লুক মঁতনেইয়া

**20. নিম্নের কোনটি নাইট্রোজেন সংবদ্ধন করে না?**
Ⓐ *Clostridium* Ⓑ *Azotobacter*
Ⓒ *Pseudomonas* Ⓓ *Bacillus denitrificans*

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.A | 03.C | 04.A | 05.B | 06.B | 07.A | 08.C | 09.B | 10.C |
| 11.A | 12.B | 13.B | 14.C | 15.A | 16.D | 17.B | 18.D | 19.C | 20.D |



CamScanner

অধ্যায় ০৫

# শৈবাল ও ছত্রাক

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশন্স | RATINGS ★★★ | ★★ | ★ |
|---|---|---|---|
| শৈবাল | সঞ্চিত খাদ্য, বৈশিষ্ট্য | প্রকারভেদ, গুরুত্ব | জনন |
| ছত্রাক | ছত্রাকের বৈশিষ্ট্য ও গঠন | গুরুত্ব, সংঘটিত রোগ | জনন ও লাইকেন |

## TOPIC-01 শৈবাল

01. শৈবালের বৈশিষ্ট্য:
- দেহে ভাস্কুলার টিস্যু নেই।
- সঞ্চিত খাদ্য শর্করা।
- শৈবাল বিদ্যাকে Algology, গবেষণা করাকে Phycology বলে।
- শৈবালে কখনও সত্যিকার মূল, কাণ্ড ও পাতা সৃষ্টি হয় না, অর্থাৎ এরা থ্যালয়েড (সমাঙ্গদেহী)।
- কোষ প্রাচীর সেলুলোজ ও পেকটিন দ্বারা গঠিত।
- একনজরে কিছু শৈবাল:

| নাম | ফাইটোপ্লাংটন | বেনথিক | লিথোফাইট | এন্ডোফাইট | এপিফাইট |
|---|---|---|---|---|---|
| বৈশিষ্ট্য | সম্পূর্ণ ভাসমান | পানির নিচে আবদ্ধ | পাথরের গায়ে জন্মায় | উচ্চশ্রেণীর জীবের টিস্যু অভ্যন্তরে | শৈবালের গায়ে |

02. শৈবালের দৈহিক গঠন:

| নাম | উদাহরণ |
|---|---|
| বাদামী শৈবাল (সবচেয়ে বড়, 60 মি. লম্বা হতে পারে) | *Macrocystis sp.* |
| এককোষী সচল শৈবাল বা ফ্লাজেলাযুক্ত* | *Chlamydomonas, Euglena* |
| নিশ্চল এককোষী শৈবাল বা ফ্লাজেলাবিহীন* | *Chlorella, Chlorococcum, Gloeocapsa* |
| সচল কলোনী (সিনোবিয়াম) | *Pandorina, Volvox, Eudorina, Pyrobotrys* |
| নিশ্চল কলোনী | *Hydrodictyon, Pediastrum, Eucapsis, Microcystis* |
| পামেলা দশা* | *Chlamydomonas, Chromulina* |
| পর্ব ও পর্বমধ্য বিশিষ্ট শৈবাল | *Chara, Nitella* |
| সর্বাপেক্ষা উন্নত ও জটিল থ্যালাস | *Sargassum, Macrocystis* |
| দেহ লম্বা পাতার ন্যায়/ চ্যাপ্টা | *Ulva* |
| বহুকোষী অশাখ সূত্রবৎ | *Ulothrix, Spirogyra* |
| বহুকোষী শাখান্বিত সূত্রবৎ | *Cladophora, Pithophora, Trentipohlia, Chaetophora* |
| বহুকোষী হেটোরেট্রাইকাস | *Trentepholia, Fritschilla, Chaetophora* |
| সাইফন সদৃশ/সিনোসাইট* | *Vaucheria, Botridium* |

03. বিভিন্ন শৈবালের সঞ্চিত খাদ্য:

| শৈবালের শ্রেণী | সঞ্চিত খাদ্য |
|---|---|
| Chlorophyta- সবুজ শৈবাল (*Ulothrix*) | Starch |
| Chrysophyta- গোল্ডেন ব্রাউন (*Navicula*) | Chrysolaminarin |
| Rhodophyta-লোহিত শৈবাল (*Polysiphonia*) | Floridian starch, Agar-agar, Carrageenan |
| Phaeophyta- বাদামী শৈবাল (*Sargassum*) | Laminarin, Mannitol, Algin |
| Pyrrhophyta- অগ্নি শৈবাল (*Gymnodinium*) | Paramylon |
| ইউগ্লেনয়েড (*Euglenophyta*) | Paramylon/Paramylum |
| নীলাভ-সবুজ শৈবাল (BGA) | Cyanophycean starch |

04. শৈবালের জনন:

| নাম | প্রকার | | উদাহরণ |
|---|---|---|---|
| অঙ্গজ জনন | কোষের বিভাজন/দ্বি-বিভাজন | | *Euglena, Chlorella* |
| | খণ্ডায়ন* | | *Ulothrix, Oedogonium, Nostoc, Oscillatoria* |
| | টিউবার বা বুলবিল সৃষ্টির মাধ্যমে | | *Chara* |
| | কুঁড়ি সৃষ্টি বা বাডিং | | *Protosiphon* |
| | হরমোগোনিয়াম এর মাধ্যমে* | | *Nostoc, Ocillatoria* |
| অযৌন জনন | চলরেণু বা জুস্পোর সৃষ্টির মাধ্যমে | | *Ulothrix, Oedogonium, Ectocarpus* |
| | অচলরেণু বা অ্যাপ্লানোস্পোর সৃষ্টির মাধ্যমে* | | *Vaucheria, Microspora, Ulothrix* |
| | হিপনোস্পোর সৃষ্টির মাধ্যমে | | *Pediastrum, Sphaerella, Ulothrix* |
| | পামেলা দশার মাধ্যমে* | | *Chlamydomonas, Volvox, Ulothrix* |
| | অটোরেণু বা অটোস্পোর | | *Chlorella, Scenedesmus* |
| | অ্যাকাইনিটির মাধ্যমে | | *Nostoc, Pithophora, Cladophora, Revularia* |
| যৌন জনন | হোমোথ্যালিক (সহবাসী) | | *Spirogyra* |
| | হেটারোথ্যালিক (পুং ও স্ত্রী জননকোষ ভিন্ন ভিন্ন দেহে উৎপন্ন হয়)* | আইসোগ্যামাস | *Ulothrix, Chlamydomonas* |
| | | অ্যানাইসোগ্যামাস | *Pandorina, Eudorina* |
| | | উগ্যামাস | *Oedogonium, Fucus, Volvox, Vaucheria, Chara* |

## TOPIC-02 ছত্রাক

01. ছত্রাকের বৈশিষ্ট্য:
- ছত্রাক ক্লোরোফিলবিহীন, অসবুজ, সালোকসংশ্লেষণের অক্ষম অপুষ্পক উদ্ভিদ।
- ছত্রাকের কোষপ্রাচীর কাইটিন নির্মিত।
- ছত্রাকের সঞ্চিত খাদ্য প্রধানত গ্লাইকোজেন, কখনো কখনো কিছু পরিমাণ ভলিউটিন, তৈলবিন্দু ও চর্বি থাকতে পারে।
- তীব্র অভিযোজন ক্ষমতা (কতক 5° সে. নিম্নতাপমাত্রায় এবং কতক 50° সে.-এর তাপমাত্রায় জন্মাতে পারে)।
- উদ্ভিদ বিজ্ঞানের যে শাখায় ছত্রাক সম্বন্ধে আলোচনা করা হয় তাকে মাইকোলজি (Mycology)।

02. ছত্রাকের দৈহিক গঠন:
- ছত্রাকের দেহ সূত্রাকার, শাখান্বিত এবং আণুবীক্ষনিক এই সূত্রাকার শাখাকে হাইফা বলে।
- ছত্রাকের যে দৈহিক অংশ যা অসংখ্য শাখা প্রশাখা বিশিষ্ট সূত্রাকার হাইফি দ্বারা গঠিত তাকে মাইসেলিয়াম বলে।
- পোষক দেহ থেকে খাদ্য শোষণকারী হাইফাকে হস্টোরিয়াম (*Phytophthora*) বলে।
- পরিবেশ থেকে খাদ্য শোষনকারী হাইফাকে রাইজয়েড (*Rhizopus stolonifer*) বলে।
- কোন কোন উচ্চ শ্রেণীর ছত্রাকে মাইসেলিয়াম শক্ত রশির মত গঠন সৃষ্টি করে যাকে রাইজোমর্ফ (*Agaricus*) বলে।
- উদ্ভিদের সরু মূল বা মূলরোমের চারদিকে বা অভ্যন্তরে নির্দিষ্ট ছত্রাক জালের মতো বেষ্টন করে রাখে, এদেরকে মাইকোরাইজাল (*Saprolegnia sp*) ছত্রাক বলে।
- উদ্ভিদ মূল ও ছত্রাকের মধ্যকার এই এসোসিয়েশনকে বলা হয় মাইকোরাইজা (*Mycorrhiza, Mycorrhiniae*)।
- বহু নিউক্লিয়াস বিশিষ্ট প্রস্থ প্রাচীরবিহীন মাইসেলিয়ামকে সিনোসাইটিক মাইসেলিয়াম (*Rhizopus, Penicillium, Agaricus, Mucor, Saprolegina*) বলে এবং প্রস্থ প্রাচীরযুক্ত মাইসেলিয়ামকে সেপ্টেট মাইসেলিয়াম বলে।



CamScanner

**03. ছত্রাকের কারণে সৃষ্ট রোগসমূহ:**

| রোগের নাম | ছত্রাকের নাম |
|---|---|
| ধানের বাদামী রোগ | *Helminthosporium oryzae.* |
| আলুর বিলম্বিত ধ্বসা রোগ | *Phytophthora infestans.* |
| গম গাছে মরিচা রোগ | *Puccinia graminis-tritici.* |
| ছত্রাকের আক্রমণে মানুষের মাথায় টাকের সৃষ্টি হয় | *Microsporium* |
| কুকুর ও ঘোড়ার শরীরে দাদ জাতীয় চর্মরোগ করে | *Microsporium canis.* |
| মাছের স্যামন রোগ সৃষ্টি হয় | *Saprolegnia parasitica.* |
| অ্যাথলেট ফুট এর প্রধান প্যাথোজেন | *Tinea rubrum.* |
| ডার্মাটোফাইটোসিস (মানুষের দাদরোগ) | *Trichophyton rubrum.* |
| জাইগোমাইকোসিস (মস্তিস্ক, ফুসফুস ও খাদ্য নালিতে রোগ) | *Mucor* ও *Rhizopus* |

## TOPIC-03 লাইকেন

শৈবাল ও ছত্রাকের পারস্পরিক সহযোগিতায় সৃষ্টি স্বতন্ত্র উদ্ভিদেরই নাম লাইকেন। লাইকেনের মোট ভরের ৫-১০% ভর শৈবালের।

**01. লাইকেনের শ্রেণী বিভাগ:**

| | নাম | বাসস্থান/বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|---|
| বাসস্থানের ভিত্তিতে শ্রেণী বিভাগ | কর্টিকোলাস | বাকল বা কান্ড | *Graphis, Permelia* |
| | টেরিকোলাস | উষ্ণ ও আর্দ্র অঞ্চলের মাটি | *Collema tenax, Cora pavonia* |
| | স্যাক্সিকোলাস | পাথর বা শিলা খন্ড | *Coloplecta, Xanthoria* |
| | লিগনিকোলাস | ভেজা কাঠ | *Calicicum, Piptoporus* |
| | ওমনিকোলাস | বিভিন্ন মাধ্যমে | *Lecanora dispersa* |
| | ফোলিকোলাস | ফার্ণ বা সপুষ্পক উদ্ভিদের পাতায় | *Porina epiphylla* |
| বাহ্যিক গঠন অনুযায়ী (বিজ্ঞানী হক্সওয়ার্থ এবং হিলের মতে লাইকেন পাচ প্রকার) | লেপ্রোজ | হাইফি একটি অথবা একগুচ্ছ কোষকে আবৃত্ত করে রাখে | *Lapraria incana* |
| | ক্রাসটোজ | চ্যাপ্টা এবং পোষক বস্তুর সাথে লেগে থাকে | *Strigula, Graphis, Lecanora, Cryptothecia, Diploicia.* |
| | ফোলিয়োজ | রাইজয়েড তুল্য রাইজাইন বের হয় | *Parmelia, Xanthoria, Peltigera, Flavoparmelia, Parmotrema.* |
| | ফ্রুটিকোজ | এ ধরণের লাইকেন ঝুলে থাকে | *Cladonia, Usnea, Letharia* |
| | সূত্রাকার | সামান্য কয়েকটি হাইফি দ্বারা আবৃত্ত থাকে | *Ephebe, Racodium* |
| ছত্রাক সদস্যের ভিত্তিতে দুই প্রকার | • অ্যাসকোলাইকেন- লাইকেন গঠনকারী ছত্রাক অ্যাসকোমাইসিটিস শ্রেণির হলে তাকে অ্যাসকোলাইকেন বলে।<br>• ব্যাসিডিওলাইকেন- লাইকেন গঠনকারী ছত্রাক ব্যাসিডিয়োমাইসিটিস শ্রেণির হলে তাকে ব্যাসিডিয়োলাইকেন বলে। | | |

**02. লাইকেনের গুরুত্ব:**

- তুন্দ্রা অঞ্চলের ফ্রুটিকোজ বা **Reindeer** মস বলগা হরিণসহ অন্যান্য প্রাণীর খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। কীটপতঙ্গের লার্ভার খাদ্য হিসেবেও লাইকেন (*Calcaria, Lichenora*) ইত্যাদি ব্যবহৃত হয়।
- জলাতঙ্কের ঔষধ হিসেবে *Peltigera* এবং হুপিং কফের নিরাময়ে *Cladonia*, যক্ষ্মার ওষুধ হিসেবে *Cetraria islandica* নামক লাইকেন ব্যবহৃত হয়। এনজাইনা নামক মারাত্মক হৃদরোগে *Rocella montagnei* থেকে উৎপন্ন ইরিথ্রিন ব্যবহৃত হয়।
- মরুজ ক্রমাগমনে, পাথর থেকে মাটি তৈরি, নাইট্রোজেন সংবন্ধনে, পানি ধারণ ক্ষমতা বৃদ্ধিতে এবং পরিবেশ ও বায়ু দূষনের সূচক হিসেবে লাইকেন ব্যবহৃত হয়।
- *Usnea, Cladonia* ইত্যাদি লাইকেনের কোনো কোনো প্রজাতি আশ্রয়দাতা উদ্ভিদের ক্ষতি সাধন করে এবং বিভিন্ন লাইকেন দাবানল ছড়িয়ে পড়তে সহায়তা করে। আইসল্যান্ড মস (*Cetraria islandica*). স্টোন (*Endocarpon miniatum*), রক ফ্লাওয়ার (*Paramelia sp.*) রেনডিয়ার (*Cladania rangiferina*) ইত্যাদি কতিপয় লাইকেনের নাম।

### এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সম্পূর্ন ভাসমান শৈবালকে ফাইটোপ্লাংক্টন বলে।
- জলাশয়ে পানির নিচে আবদ্ধ শৈবালকে বেনথিক শৈবাল বলে।
- পাথরের গায়ে জন্মানো শৈবালকে লিথোফাইট বলে।
- *Ulothrix* একটি হেটেরোথ্যালিক (অর্থাৎ স্ত্রী ও পুরুষ আলাদা) শৈবাল।
- ছত্রাক সম্বন্ধে স্টাডি করাকে বলা হয় **মাইকোলজি বা ছত্রাকতত্ত্ব**।
- ছত্রাকের অযৌন জননের প্রধান প্রক্রিয়া হলো স্পোর উৎপাদন প্রক্রিয়া।
- ছত্রাকের জননাঙ্গকে গ্যামিট্যাঞ্জিয়াম (বহুবচনে- গ্যামিট্যাঞ্জিয়া) বলা হয়। পুংগ্যামিট্যাঞ্জিয়ামকে অ্যানথেরিডিয়াম এবং স্ত্রী গ্যামিট্যাঞ্জিয়ামকে উওগোনিয়াম বলা হয়।
- ছত্রাকের যৌন জননে প্রাথমিক ভাবে দু'টি জনন কোষের প্রোটোপ্লাজমের মিলন ঘটে যাকে বলা হয় প্লাজমোগ্যামি এবং পরে নিউক্লিয়াস দু'টির মিলন ঘটে যাকে বলা হয় ক্যারিওগ্যামি। ক্যারিওগ্যামির মাধ্যমে জাইগোট সৃষ্টি হয়।
- অ্যাসকোমাইকোটা বা স্যাক ফানজাই- তে অ্যাসকাস নামক নলের ভেতরে ৪-৮ টি অ্যাসকোস্পোর তৈরি হয়।
- ব্যাসিডিওমাইকোটা বা ক্লাব ফানজাই-তে ব্যাসিডিওকার্প-এ সৃষ্ট ব্যাসিডিয়ামের মাথায় ব্যাসিডিওস্পোর উৎপন্ন হয়।
- মাশরুম নামে পরিচিত *Agaricus* ছত্রাক পুষ্টিকর খাদ্য ও ওষুধ হিসেবে ব্যবহৃত হয়।
- মৃত্তিকাবাসী ছত্রাক থেকে **সাইক্লোস্পোরিন** ঔষুধ তৈরি হয় যা মানুষের যে কোন অঙ্গ ট্রান্সপ্লান্ট করতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়।
- ছত্রাক পরিবেশ থেকে বিষাক্ত দূষক পদার্থ বিশ্লিষ্ট করে পরিবেশকে বিষাক্ত পদার্থ থেকে দূষণমুক্ত করে।
- যক্ষার মতো ফুসফুসের **Coccidiomycosis** নামক রোগ হয় এক প্রকার স্যাক ফাংগাস দিয়ে।
- মাইসেলিয়াম থেকে ছাতার ন্যায় বায়বীয় অংশ সৃষ্টিকে **ফ্রুকটিফিকেশন** বলা হয়।
- মাশরুমের কিছু প্রজাতি (**Agaricus xanthodermus**) বেশ বিষাক্ত।
- দাদ রোগ একটি ছোঁয়াচে চর্ম রোগ।
- দাদ **ছত্রাকঘটিত** রোগ। উদ্ভিদ পরজীবী দ্বারা হয় বলে চিকিৎসা শাস্ত্রে একে tinea বলে।
- লাইকেন-এ যেহেতু ছত্রাক ও শৈবাল উভয়ই লাভবান হয় সেহেতু এদের মধ্যকার সিমবায়োসিস প্রক্রিয়াটি হলো **mutualistic**।
- লাইকেনের জনন: লাইকেন অঙ্গজ, অযৌন এবং যৌন উপায়ে বংশবৃদ্ধি করে থাকে।
- থ্যালাসের খন্ডায়ন প্রক্রিয়ায় লাইকেনের **অঙ্গজ জনন** ঘটে থাকে।
- Rhodophyta তে Phycocyanine ও Phycoerythrin থাকে।
- পোষক দেহ থেকে খাদ্য শোষণকারী শৈবালকে হস্টোরিয়াম বলে।
- প্রথম আবিষ্কৃত পেনিসিলিন তৈরি করা হয় *Penicillium notatum* হতে।
- বাণিজ্যিকভাবে পেনিসিলিন আবিষ্কার হয় *Penicillium chrysogenum* হতে।
- অগ্নি শৈবালের আলোকশক্তি নির্গতকারী পদার্থ luciferin।
- অগ্নি শৈবাল নামে পরিচিত পাইরোফাইট।



CamScanner

- শৈবালে ফটোসিনথেসিস হয় পৃথিবীর ৬০ ভাগ।
- এককোষী সচল শৈবাল *Chylamydomonas*।
- ডায়াটম জাতীয় শৈবাল Navicula।
- ভিটামিন সমৃদ্ধ শৈবাল হলো Chlorella।
- মাছের ফুলকাতে রোগ সৃষ্টি করতে পারে *Oedogonium*।
- ছত্রাকের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন ও তৈল বিন্দু।
- ছত্রাককোষে বা হাইফতে একাধিক নিউক্লিয়াস থাকলে তাকে বলে সিনোসাইট।
- চিনিকে অ্যালকোহলে রূপান্তরিত করে স্যাকারোমাইসেস (ইস্ট)।
- মাশরুমের বৃত্তাকার অবস্থায় অবস্থানকে বলা হয় পরীচক্র।
- একটি ব্যাসিডিয়ামে ব্যাসিডিওস্পোর থাকে ৪টি।
- আলুর বিলম্বিত ধ্বসা রোগ সৃষ্টিকারী জীবাণু হলো *Phytopthora*।
- আলুর আর্লি ব্লাইট রোগ সৃষ্টিকারী জীবাণু হলো *Alternaria solani*।
- বোর্দো মিশ্রণে থাকে কপার সালফেট, লাইম, পানি।
- দাদ রোগের সুপ্তিকাল ৩-৫ দিন।
- লাইকেন এর শৈবাল অংশকে বলা হয় ফটোবায়োন্ট।
- ফেলিয়েজ লাইকেনের নিম্নতল রাইজয়েড সদৃশ্য প্রবর্ধন বের হয়, তাকে বলে রাইজাইন।
- সবচেয়ে সরল প্রকৃতির লাইকেন হলো লেপ্রোজ লাইকেন।
- লাইকেন অযৌন জনন করে থাকে সোরেডিয়ার মাধ্যমে।
- 'রেনডিয়ার মস' নামে পরিচিত লাইকেন *Cladonia rangiferina*।
- জলাতঙ্ক রোগে ব্যবহৃত হয় *Peltigera*।

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

01. নিচের কোনটিতে একিনিটি এবং হেটারোসিস্ট পাওয়া যায়? [DU. 20-21]
A. *Escherichia* B. *Nostoc* C. *Zygnema* D. *Chlorella*
**S (B) Why?** কতক শৈবালে কোষের পুরো প্রোটোপ্লাস্ট খাদ্য সঞ্চয় করে এবং পুরু প্রাচীর বেষ্টিত হয়, তখন তাকে অ্যাকাইনিটি বলে। অনুকূল পরিবেশে অ্যাকাইনিটি অঙ্কুরিত হয়ে নতুন শৈবালে পরিণত হয়, যেমন- *Nostoc*, *Pithophora*, *Gloeotrichia*, *Revularia* প্রভৃতি।

02. নিচের কোনটিতে হরমোগোনিয়া থাকে? [DU. 18-19]
A. *Sargassum* B. *Ocillatoria* C. *Volvox* D. *Zygnema* (B)

03. কোন উদ্ভিদের ক্লোরোপ্লাস্টে পাইরিনয়েড থাকে? [DU. 08-09; RU. Sinovac, Set-1. 20-21]
A. *Nostoc* B. *Ultothrix* C. *Nymphace* D. *Cycas*
**S (B) Why?** *Ultothrix* এর ক্লোরোপ্লাস্টে এক বা একাধিক পাইরিনয়েড আছে। পাইরিনয়েড হলো প্রোটিনজাতীয় পদার্থের চকচকে দানা। যার চারদিকে অনেক সময় স্টার্চ থাকে।

04. শৈবালের সিলিকাময় কোষ প্রাচীরকে কি বলে? [JU-D, Set-R. 2022-23]
A. সিলেবিয়াম B. ফ্রুস্টিউল C. ক্যারাজিনান D. পাইরিনয়েড
**S (B) Why?** একটি পূর্ণাঙ্গ ডায়াটমের সিলিকাময় কোষ প্রাচীরকে ফ্রুস্টিউল বলে।

05. শৈবালের সঞ্চিত খাদ্য নয়- [JU-D, Set-R. 2022-23]
A. প্যারামাইলন B. ম্যানিটল C. ল্যামিনারিন D. ভলিউটিন (D)

06. *Pandorina* এর বৈশিষ্ট্য কোনটি? [JU-D, Set-F. 2022-23]
A. সচল এককোষী B. নিশ্চল এককোষী
C. সচল কলোনিয়াল D. বহুকোষী ফিলামেন্টাস (C)

07. নিশ্চল এককোষী শৈবাল কোনটি? [JU, Unit-D, Set-D, 18-19, 16-17]
A. *Volvox* B. *Spirogyra*
C. *Chlorella* D. *Chaetophpra* (C)

08. ফ্ল্যাজেলাবিহীন এককোষী শৈবাল কোনটি? [JU-D: Set-07: 17-18]
A. *Chlamydomonas* B. *Chaetophora*
C. *Chlorella* D. *Vaucheria* (C)

09. নিচের কোন শৈবাল থেকে এগার এগার পাওয়া যায়? [CU-A, Shift-2. 20-21]
A. সবুজ শৈবাল B. অগ্নি শৈবাল C. বাদামী শৈবাল D. লোহিত শৈবাল (D)

10. কোনটি এককোষী সচল শৈবালের উদাহরণ? [IU. 18-19, 15-16]
A. *Chlorococcus* B. *Chlorolla*
C. *Euglena* D. *Gloeocapna* (C)

11. "*Pyrrophyta*" শ্রেণির শৈবালের সঞ্চিত খাদ্য কোনটি? [BSMRSTU: Unit-E: 19-20]
A. ফাইকোসায়ানিন B. প্যারামাইলন
C. ম্যানিটল D. ক্যারাজিনান (B)

12. কোন শৈবাল থেকে গবেষকগণ ন্যানো ফিল্টার তৈরী করেছেন? [MAT. 23-24]
A. *Sargassum* B. *Gracilaria* C. *Pithophora* D. *Spirulina*
**S (C) Why?** ন্যানোফিল্টার উৎপাদনে শৈবালের ব্যবহার: *Pithophora* শৈবাল দিয়ে তৈরি, এ ফিল্টার দ্বারা ভাইরাস এবং ব্যাকটেরিয়া ছেঁকে ফেলা যায়। এই ন্যানোফিল্টারটি একটি সেলুলোজ ফিল্টার, দেখতে একটি সাদা কাগজের মতো এবং এর ছাঁকনিগুলোর ফুটো (ছিদ্র) ১৭ ন্যানোমিটার। পানিবাহিত রোগজীবাণুসমূহের আকার সাধারণত ৩০-১০০ ন্যানোমিটার হয়, তাই পানিতে থাকা সবধরনের রোগজীবাণুই এই ছাঁকনিতে আটকা পড়ে যায়।

13. তারাটি আকৃতির ক্লোরোপ্লাস্ট পাওয়া যায় নিচের কোনটিতে? [রা. বো. ২০১৬]
A. *Spirogyra* B. *Oedogonium* C. *Volvox* D. *Ulothrix* (D)

14. *Chlamydomonas* এর ক্লোরোপ্লাস্ট কোন ধরনের? [রা. বো. ২০১৭]
A. জালিকার B. সর্পিলাকার
C. পেয়ালা আকৃতির D. তারকাকার (C)

15. মানুষের দাদ রোগ সৃষ্টিকারী ছত্রাকের নাম- [DU. 17-18, JU. 15-16]
A. *Trichophyton rubrum* B. *Agaricus xanthodermus*
C. *Phytophthora infestans* D. *Claviceps purpurea* (A)

16. কোন জীব চিনিকে মদে রূপান্তরিত করে? [DU. 12-13]
A. *Spirogyra* B. *Saccharomyces*
C. *Euglena* D. *Penicillium* (B)

17. বহু নিউক্লিয়াস বিশিষ্ট ও প্রস্থ প্রাচীরবিহীন হাইফিকে কী বলে? [JU-D, Set-A. 20-21]
A. অ্যাসেপ্টেট মাইসেলিয়াম B. হস্টোরিয়াম
C. সিনোসাইটিক মাইসেলিয়াম D. সেপ্টেট মাইসেলিয়াম
**S (C) Why?** বহু নিউক্লিয়াস বিশিষ্ট প্রস্থ প্রাচীরবিহীন মাইসেলিয়ামকে সিনোসাইটিক মাইসেলিয়াম (*Mucor*, *Saprolegina*) বলে এবং প্রস্থ প্রাচীরযুক্ত মাইসেলিয়ামকে সেপ্টেট মাইসেলিয়াম বলে।

18. আলুর স্ক্যাব রোগ সৃষ্টি করে কোনটি? [CU-A, Shift-2. 20-21]
A. *Xanthomonous* B. *Streptomyces*
C. *Escherichial Coli* D. *Clostridium botulinum* (B)

19. বেকারি ইস্ট কোনটিকে বলা হয়? [CU-A, Shift-3. 20-21]
A. *Saccharmices cerevisiae* B. *Aspergillus flavus*
C. *Agaricus bisporus* D. *Penicillium notatum*
**S (A) Why?** যে সকল ইস্ট বেকারি শিল্পে ব্যবহৃত হয়। তাদেরকে বেকারি ইস্ট বলে। সাধারণত ইস্টগুলো গাজনে ব্যবহৃত হয়।

20. কোন ছত্রাক খাদ্য হিসাবে ব্যবহার হয়? [MAT. 22-23]
A. *Mucor pusillus* B. *Aspergillus flavus*
C. *Agaricus campestris* D. *Saccharomyces* (C)

21. ছত্রাক কোষ প্রাচীরের প্রধান উপাদান কোনটি? [MAT. 2020-21, 19-20]
A. Chitin B. Cellulose C. Strach D. Glycogen
**S (A) Why?** ছত্রাকের কোষপ্রাচীর কাইটিন নামক এক প্রকার জটিল পলিস্যাকারাইড দ্বারা গঠিত। যা মূলত গ্লুকোসামিনের পলিমার। এটি পতঙ্গ, কাঁকড়া, ও লোবস্টার এর গাঠনিক পলিস্যাকারাইড। কাইটিন পৃথিবীতে প্রচুর পরিমাণে থাকা জৈবের একটি।

22. কোনটি রেনডিয়ার মস নামে পরিচিত? [DU. 17-18]
A. *Endocarpon miniatum* B. *Cladonia rangiferina*
C. *Xanthoria sp.* D. *Peltigera sp.* (B)

23. জলাতঙ্ক লাইকেন নয়- [JU-B, Set-X. 2022-23]
A. *Graphis scripta* B. *Parmotrema tinctorum*
C. *Cryptothcia rubrocinta* D. *Diploicia canesscens* (B)

24. রেনডিয়ার মস নামে পরিচিত- [JU-D, Set-R. 2022-23]
A. *Centratia Islandica* B. *Endocarpon miniatum*
C. *Letharia vulpina* D. *Cladonia rangiferina* (D)



CamScanner

25. ফ্ল্যাজেলাযুক্ত স্পোরকে বলে- [illegible]

A. জুস্পোর B. অ্যাপ্লানোস্পোর
C. হিপনোস্পোর D. অটোস্পোর

## PRIME TEST

01. পাথরের গায়ে জন্মায় যে শৈবাল তাকে কী বলে?
Ⓐ হ্যালোফাইট Ⓑ লিথোফাইট Ⓒ এপিফাইট Ⓓ ক্রায়োফাইট

02. কোন শৈবালটির অনেকগুলো কোষ একসাথে কলোনি হিসেবে অবস্থান করে?
Ⓐ *Volvox* Ⓑ *Sargassum* Ⓒ *Ulva* Ⓓ *Chara*

03. *Chara* কোন ধরনের শৈবাল?
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

04. ফিউকোজ্যান্থিন এর বর্ণ কীরূপ?
Ⓐ বাদামী Ⓑ লাল Ⓒ হলুদ বাদামী Ⓓ নীল

05. Pyrrhophyta শৈবালে নিচের কোন পদার্থটি থাকে?
Ⓐ Paramylon Ⓑ Luciferin Ⓒ Paramylon Ⓓ Agar

06. নিচের কোনটির মাধ্যমে শৈবালের অযৌন জনন সম্পন্ন হয়?
Ⓐ কোষের বিভাজন Ⓑ খণ্ডন Ⓒ স্পোর Ⓓ সবগুলো

07. কোন যৌন জনন পদ্ধতিটি উন্নত প্রকৃতির?
Ⓐ উগ্যামি Ⓑ আইসোগ্যামি Ⓒ অ্যানাইসোগ্যামি Ⓓ হেটারোগ্যামি

08. একটিমাত্র জুস্পোর সৃষ্টি হলে কোষের সম্পূর্ণ প্রোটোপ্লাস্ট কোনটিতে রূপান্তরিত হয়?
Ⓐ [illegible] Ⓑ জুস্পোর Ⓒ স্পোরাঞ্জিয়া Ⓓ হিপনোস্পোর

09. দুটি গ্যামিট মিলনের মাধ্যমে যে ডিপ্লয়েড জাইগোট সৃষ্টি করে তা কয়টি ফ্ল্যাজেলাযুক্ত?
Ⓐ ১ টি Ⓑ ২ টি Ⓒ ৩ টি Ⓓ ৪ টি

10. কোনটি ছত্রাকের বৈশিষ্ট্য নয়?
Ⓐ [illegible] বহুকোষী Ⓑ সুকেন্দ্রিক Ⓒ ক্লোরোফিলবিহীন Ⓓ অসবুজ

11. পৃথিবীর সবচেয়ে বড় জীব হিসেবে কোনটিকে গণ্য করা হয়?
Ⓐ তিমি Ⓑ মধু ছত্রাক Ⓒ সাইকাস Ⓓ হাতি

12. উচ্চশ্রেণির ছত্রাকে শক্ত রশির মতো গঠন সৃষ্টিকারী মাইসেলিয়ামকে বলে-
Ⓐ ক্ল্যামাইডোস্পোর Ⓑ হস্টোরিয়াম Ⓒ রাইজোমর্ফ Ⓓ রাইজয়েড

13. স্পোরাঞ্জিয়ামের ভেতরে উৎপন্ন হয়-
Ⓐ সচল জুস্পোর Ⓑ অচল অ্যাপ্লানোস্পোর
Ⓒ কনিডিয়া Ⓓ গ্যামিট

14. একজোড়া বিপরীত যৌনতার নিউক্লিয়াসবিশিষ্ট কোষকে বলে-
Ⓐ ডাইক্যারিওটিক Ⓑ ডিপ্লয়েড কোষ Ⓒ উভলিঙ্গী Ⓓ হেটারোক্যারিয়ন

15. ফ্লেমিং কোন ছত্রাক থেকে Penicillin আবিষ্কার করেন?
Ⓐ *P. notatum* Ⓑ *P. chrysogenum*
Ⓒ *P. campestris* Ⓓ কোনটিই নয়

16. কোনটির মাধ্যমে প্রাথমিক মাইসেলিয়াম থেকে গৌণ মাইসেলিয়াম উৎপন্ন হয়?
Ⓐ ক্যারিওগ্যামি Ⓑ প্লাজমোগ্যামি Ⓒ সোমাটোগ্যামি Ⓓ অটোগ্যামি

17. *Agaricus* এর বায়বীয় অংশকে কী বলে?
Ⓐ পাইলিয়াস Ⓑ মাইসেলিয়াম
Ⓒ ব্যাসিডিওকার্প Ⓓ ল্যামিলা

18. কোন মাশরুম প্রজাতিটি বেশ বিষাক্ত?
Ⓐ *A. bisporus* Ⓑ *A. placomyces*
Ⓒ *A. xanthodermus* Ⓓ *A. brunnescens*

19. শৈবাল ও ছত্রাক সম্পূর্ণ পৃথক ধরনের যে উদ্ভিদ সৃষ্টি করে তাকে বলে-
Ⓐ সাইকাস Ⓑ লাইকেন Ⓒ মস Ⓓ ফার্ন

20. কোন লাইকেনটি রেইনডিয়ার মস নামে পরিচিত?
Ⓐ *C. rangiferina* Ⓑ *A. bisporus*
Ⓒ *R. fluitans* Ⓓ সবগুলো

### Answer Analysis

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.A | 03.A | 04.A | 05.B | 06.D | 07.A | 08.B | 09.D | 10.A |
| 11.B | 12.C | 13.A | 14.A | 15.A | 16.C | 17.C | 18.C | 19.B | 20.A |

# অধ্যায় ০৫ ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা

| সাজেশনস | RATINGS *** | ** | * |
|---|---|---|---|
| ব্রায়োফাইটা | Riccia | বৈশিষ্ট্য | - |
| টেরিডোফাইটা | Pteris | বৈশিষ্ট্য | - |

## TOPIC-01 ব্রায়োফাইটা

01. ব্রায়োফাইটার বৈশিষ্ট্য:
- বহুকোষী, অপুষ্পক ও অবীজী উদ্ভিদ।
- এদের দেহ গ্যামিটোফাইট (স্বতন্ত্র ও স্বভোজী উদ্ভিদ) তথা হ্যাপ্লয়েড।
- দেহ থ্যালয়েড অর্থাৎ দেহকে প্রকৃত মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত করা যায় না, তবে মস জাতীয় উদ্ভিদকে 'সরল কাণ্ড ও পাতার' মতো অংশে বি[...] করা যায়।
- মূল নেই, তবে মূলের পরিবর্তে এককোষী রাইজয়েড (মসৃণ ও অমসৃণ) [...] কোনো কোনো প্রজাতিতে বহুকোষী স্কেল থাকে।
- দেহে কোনো ভাস্কুলার টিস্যু নেই। দেহ প্যারেনকাইমা টিস্যু দিয়ে গঠিত।
- যৌন জনন উগ্যামাস (বড় নিশ্চল স্ত্রী গ্যামিটের সাথে ক্ষুদ্র ও [...] পুংগ্যামিটের মিলন)।
- উৎপন্ন স্পোর একই আকার আকৃতি বিশিষ্ট অর্থাৎ হোমোস্পোরাস।
- জীবনচক্রে গ্যামিটোফাইট প্রধান এবং স্পোরোফাইট গৌণ।
- এদের জাইগোট থেকে মাইটোটিক বিভাজনের মাধ্যমে ভ্রূণ সৃষ্টি হয়।
- জীবনচক্রে স্পষ্ট আকৃতির জনুক্রম বিদ্যমান।
- প্রধানত স্থলবাসী হলেও পানির মাধ্যমে এদের নিষেক ক্রিয়া সম্পন্ন হয় ব[...] এদের উভচর উদ্ভিদ বলা হয়। *Ricciocarpus natans*, *Riella* sp[...] *Riccia fluitans* ইত্যাদি প্রজাতি সম্পূর্ণ জলজ।

02. ***Riccia*** **(Liver wort) সম্পর্কিত তথ্য:**
- পরিবেশ দূষণের সূচক হিসেবে কাজ করে/মাটিতে জৈব পদার্থ সংযোজ[...] ভূমিকা রাখে *Riccia*।
- থ্যালাসটি দ্বিশাখাবিভক্ত এবং মধ্য শিরাবিশিষ্ট।
- *Riccia* গ্যামিটোফাইটিক উদ্ভিদ।
- *Riccia* থ্যালাস একত্রে গোলাপের পাপড়ির মতো গোলাকার চক্র [...] অনুকূল করে একে "রোজেট" বলে।
- থ্যালাসের উপরের পৃষ্ঠে মধ্যভাগে মধ্যশিরা আছে এবং শিরা বরাবর [...] খাঁজ আছে।
- থ্যালাসের প্রতিটি শাখার শীর্ষে একটি খাঁজ আছে, একে অগ্রস্থ খাঁজ বলে।
- থ্যালাসের নিচের পৃষ্ঠ থেকে বহুকোষী স্কেল এবং এককোষী রাইজয়েড সৃষ্টি হ[...]
- বর্ষাকালে অধিক জন্মায়।

## TOPIC-02 টেরিডোফাইটা

01. টেরিডোফাইটার বৈশিষ্ট্য:
- স্পোরোফাইটিক উদ্ভিদ (ডিপ্লয়েড)।
- অপুষ্পক ও অবীজী উদ্ভিদ।
- দেহকে মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত করা যায়।
- গ্যামিটোফাইট পর্যায়কে প্রোথ্যালাস বলে, যা থ্যালাস প্রকৃতির।
- ভাস্কুলার টিস্যু আছে, ভ্রূণ সৃষ্টি হয়, অস্থানিক মূল বিদ্যমান।
- ডিম্বাণু অচল এবং আর্কিগোনিয়ামে উৎপন্ন হয়।
- জননাঙ্গ বহুকোষী এবং জননাঙ্গের চারদিকে বন্ধ্যাকোষের বেষ্টনী থাকে।
- জীবনচক্রে সুস্পষ্ট জনুক্রম (হেটারোমরফিক) আছে।
- অধিকাংশ সদস্যে কাণ্ড রাইজোমে রূপান্তরিত হয়।
- স্ত্রী জননাঙ্গ আর্কিগোনিয়াম (ফ্লাস্কের মতো) এবং পুং জননাঙ্গ অ্যান্থেরিডিয়া[...] (দণ্ডাকৃতি, গোলাকার, ডিম্বাকার বা বেলনাকার)।



CS CamScanner

02. *Pteris* (সানফার্ন) সম্পর্কিত তথ্য:
- দেহ মূল, কান্ড ও পাতায় বিভক্ত।
- কান্ড রাইজোমে রূপান্তরিত হয়।
- রাইজোম র‍্যামেন্টাম দিয়ে আচ্ছাদিত থাকে।
- পাতা যৌগিক, কচি অবস্থায় কুন্ডলিত থাকে।
- স্পোর একই রকম (হোমোস্পোরাস)।
- প্রোথ্যালাস সবুজ, হৃৎপিন্ডাকার এবং সহবাসী।
- ফার্নের পাতাকে ফ্রন্ড বলে।
- কচি অবস্থায় পাতা কুন্ডলিত থাকে। এই অবস্থাকে সারসিনেট ভার্নেশন বলে।
- ভাস্কুলার বান্ডল হ্যাড্রোসেন্ট্রিক।
- কুন্ডলিত কচিপাতাকে ক্রোজিয়ার বলে।
- প্রতিটি পত্রকখন্ডককে পিনা বলে, পাতায় র‍্যাকিস থাকে।

**Must to Know:**
- জলজ ফার্ন- *Azolla, Salvinia*
- ক্ষুদ্রতম ফার্ন- *Anogramma*
- হর্সটেইল- *Equisetum*
- এপিফাইট- *Selaginella oregana*

03. সোরাস:
- পাতার নিম্ন প্রান্তে স্পোরাঞ্জিয়াম গুচ্ছাকারে অবস্থান করে।
- স্পোরাঞ্জিয়াম যে টিস্যু থেকে উৎপন্ন হয় তাকে অমরা বলে।
- সোরাস উৎপাদনকারী পাতাকে স্পোরোফিল বলে।
- পিনা বাঁকা হয়ে Sorous কে ঢেকে রাখে একে **False indusium/ অপ্রকৃত ইন্ডুসিয়াম** বলে।

04. অ্যান্থেরিডিয়াম:
- প্রোথ্যালাসের নিচের দিকে থাকে।
- 32 বা 20-50টি শুক্রাণু মাতৃকোষ বা Androcytes থাকে।
- শুক্রাণু মাতৃকোষ রূপান্তরিত হয়ে বহুফ্ল্যাজেলা যুক্ত শুক্রাণু (Antherozoid) গঠন করে।
- বলয়কোষ ও ঢাকনি কোষ দ্বারা গঠিত।

05. আর্কিগোনিয়াম:
- প্রোথ্যালাসের Apical notch এর কাছে থাকে
- গ্রীবা ও উদর (Venter) সহযোগে গঠিত
- ডিম্বাণু তৈরি হয়
- আর্কিগোনিয়াম থেকে ম্যালিক এসিড নিঃসৃত হয়, ফলে শুক্রাণু ডিম্বাণুর প্রতি আকৃষ্ট হয়।

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- শৈবাল ও ছত্রাক হলো লোয়ার ক্রিপ্টোগ্যামাস এবং ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা গ্রুপের উদ্ভিদ হলো হায়ার ক্রিপ্টোগ্যামাস।
- *Hepaticae* শ্রেণির সদস্যদেরকে লিভার ওয়ার্ট বলে।
- সঞ্চয়ী অঞ্চল: এ অঞ্চলটি কয়েক সারি বর্ণহীন প্যারেনকাইমা কোষ দ্বারা গঠিত এবং সাধারণত আন্তঃকোষীয় ফাঁক বিবর্জিত।
- Riccia- র পুংজননাঙ্গকে **অ্যান্থেরিডিয়াম** এবং স্ত্রীজননাঙ্গকে **আর্কিগোনিয়াম** বলে।
- পরিবেশ দূষণের সূচক হিসেবে কাজ করে ***Riccia.***
- রোদে জম্মাতে পছন্দ করে বলে *Pteris* উদ্ভিদ সানফার্ন নামে পরিচিত
- ফার্ন এর পাতাকে ফ্রন্ড বলে।
- কুন্ডলিতে কচি পাতাকে ক্রোজিয়ার বলে।
- ফার্ন এর শল্কপত্রকে র‍্যামেন্টাম বলে।
- ব্রায়োফাইটারদের প্রধান দশা গ্যামেটোফাইটিক।
- ব্রায়োফাইটার যৌন জনন- উগ্যামি প্রকৃতির।
- উভচর উদ্ভিদ হিসেবে পরিচিত- ব্রায়োফাইটা।
- প্রোটোনেমা পাওয়া যায়- মস উদ্ভিদে।
- আর্কিগোনিয়াম দেখতে ফ্লাস্কের মতো।
- অ্যান্থেরিডিয়ামের আকৃতি নাসপাতির মতো।
- *Riccia*-র বায়ু প্রকোষ্ঠ থাকে- আত্তীকরণ অঞ্চলে।
- ভাস্কুলার ক্রিপ্টোগ্যামস বলা হয় Pteridophyta কে।
- অপুষ্পক উদ্ভিদের মধ্যে সর্বাপেক্ষা উন্নত টেরিডোফাইটা।
- সোরাস উৎপন্নকারী পাতাকে বলে- স্পোরোফিল (Sporophyll)।
- ফার্নের যৌন জননের সময় শুক্রাণুকে আকৃষ্ট করার জন্য আর্কিগোনিয়াম থেকে নিঃসৃত হয় ম্যালিক এসিড।
- স্পোরোফাইটের প্রথম কোষ জাইগোট।
- শাক হিসেবে খাওয়া হয় উদ্ভিদ *Pteris*।
- সমরেণু প্রসু উদ্ভিদ- *Pteris*।

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

**01. যে ধরনের উদ্ভিদে পরিবহন তন্ত্র নেই?** [DU. 18-19]
A. Bryophyta B. Pteridophyta C. Gymnospern D. Angiosperm **Ⓐ**

**02. 'গিমা কাপ' যুক্ত ব্রায়োফাইট হল–** [DU. 07-08; RU. 12-13, 12-13]
A. *Semibarbula* B. *Marchantia* C. *Riccia* D. *Anthoceros* **Ⓑ**

**03. শৈবাল ও ব্রায়োফাইটা কিভাবে বংশবৃদ্ধি করে?** [JU-D, Set-N. 2021-22]
A. মুকুলোদগম B. দ্বিবিভাজন C. বাডিং D. খন্ডায়ন
S Ⓒ Why কুঁড়ি সৃষ্টি: কুঁড়ি সৃষ্টির মাধ্যমে কোনো কোনো শৈবালে (যেমন: *Protosiphon*) নতুনভাবে পূর্ণাঙ্গ শৈবাল দেহ সৃষ্টি হয়।

**04. Riccia fluitans উদ্ভিদ জন্মে–** [RU-C, Quartz-2: 22-23]
A. পুরাতন দেয়ালে B. গাছের উপরে C. মাটিতে D. জলাশয়ে
S Ⓓ Why **Bryophyta বর্গের উদ্ভিদ:** এরা প্রধানত স্থলবাসী হলেও পানির মাধ্যমে এদের নিষেক ক্রিয়া সম্পন্ন হয় বলে এদের উভচর উদ্ভিদ বলা হয়। *Ricciocarpus natans, Riella sp., Riccia fluitans* ইত্যাদি প্রজাতি সম্পূর্ণ জলজ।

**05. নিচের কোন উদ্ভিদে পরিবহনতন্ত্র নেই?** [CU-A, Shift-2. 20-21]
A. ব্রায়োফাইটা B. টেরিডোফাইটা C. জিমোনোস্পার্ম D. এনজিওস্পার্ম
S Ⓐ Why ব্রায়োফাইটা গোত্রের উদ্ভিদে জাইলেম ও ফ্লোয়েম টিস্যু অবস্থান করে না ফলে পরিবহনতন্ত্র তৈরি হয় না।

**06. কোনটি পরিবেশ দূষণের সূচক হিসাবে কাজ করে?** [MBSTU: Unit-B, 19-20; RU: 17-18]
A. *Riccia* B. *Agaricus* C. *Pteris* D. *Azolla*
S Ⓐ Why ***Riccia*:** মাটিতে জৈব পদার্থ সংযোজনে কিছুটা ভূমিকা পালন করে। বিবর্তন ধারা বিষয়ে প্রথম স্থলজ উদ্ভিদের বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা দিতে সহায়তা করে।

**07. মস (Bryophytes) এর স্ত্রী জননাঙ্গের নাম কি?** [MAT. 19-20; KU. 15-16; CU. 13-14; HSTU. 12-13]
A. Gametangium B. Sporangium C. Archegonium D. Antheridium
S Ⓒ Why মসের (Bryophytes) পুংজননাঙ্গকে অ্যান্থেরিডিয়াম (Antheridium) এবং স্ত্রী জননাঙ্গকে আর্কিগোনিয়াম (Archegonium) বলে।

**08. কোনটির পরিবহনতন্ত্র আছে কিন্তু ফুল হয় না?** [DU. 19-20]
A. থ্যালোফাইটা B. ব্রায়োফাইটা C. টেরিডোফাইটা D. স্পার্মাটোফাইটা
S Ⓒ Why থ্যালোফাইটা (শৈবাল ও ছত্রাক) ও ব্রায়োফাইটার (মর্সবর্গীয় উদ্ভিদে) পরিবহনতন্ত্র নেই। টেরিডোফাইটার পরিবহনতন্ত্র আছে। এরা সবাই অপুষ্পক উদ্ভিদ, অর্থাৎ এদের ফুল হয় না।

**09. টেরিডোফাইট উদ্ভিদের বৈশিষ্ট্য কোনটি?** [JU-D, Set-G. 20-21]
A. সুস্পষ্ট জনুঃক্রম অনুপস্থিত B. শোষণ প্রক্রিয়ায় পুষ্টি গ্রহণ করে C. প্রোথ্যালাস বহুকোষী D. আর্কিগোনিয়াম গোলাকৃতির **Ⓒ**

**10. ফার্নজাতীয় উদ্ভিদের ভাস্কুলার বান্ডল কোন প্রকৃতির?** [JU:D; Set :10, 17-18]
A. সংযুক্ত B. লেপ্টোসেন্ট্রিক C. হ্যাড্রোসেন্ট্রিক D. অরীয় **Ⓒ**

**11. টেরিডোফাইটের জনুক্রমের প্রধান দশা–** [JU: D, 15-16]
A. Haploid B. Tetraploid C. Diploid D. Triploid **Ⓒ**

**12. *Riccia*-র বৈশিষ্ট্য কোনটি?** [Ref: আজিবুর স্যার]
A. দ্বিাগ্র শাখান্বিত থ্যালয়েড দেহ B. হৃৎপিন্ডাকৃতির বিষমপৃষ্ঠ থ্যালাস C. পাতায় উৎপন্ন সোরাসে রেণু উৎপন্ন হয় D. দেহে পরিবহন কলা উপস্থিত **Ⓐ**

**13. কোনটি সানফার্ণ?** [Ref: আলীম স্যার]
A. *Riccia* B. *Equisetum* C. *Selaginella* D. *Pteris* **Ⓓ**



CamScanner

## PRIME TEST

**01. ভ্রূণ উৎপাদনকারী উদ্ভিদসমূহ কী নামে পরিচিত?**
Ⓐ Lower cryptogamous Ⓑ Embryophyta
Ⓒ Thallophyta Ⓓ Gymnosperm

**02. নিম্নের কোনটি ব্রায়োফাইটার বৈশিষ্ট্য নয়?**
Ⓐ জীবনচক্রে গ্যামিটোফাইট প্রধান
Ⓑ স্পোরোফাইট গৌণ
Ⓒ গ্যামিটোফাইট স্পোরোফাইটের উপর নির্ভরশীল
Ⓓ স্পোরোফাইট গ্যামিটোফাইটের সাথে সর্বদা সংযুক্ত থাকে

**03. নিচের কোনটি *Riccia* এর বৈশিষ্ট্য?**
Ⓐ গ্যামিটোফাইটিক উদ্ভিদ Ⓑ দেহ থ্যালয়েড
Ⓒ থ্যালাস সবুজ, শায়িত ও দ্ব্যগ্র শাখাবিশিষ্ট
Ⓓ সবগুলো

**04. বাংলাদেশে কোন *Riccia* প্রজাতিটি শনাক্ত হয়েছে?**
Ⓐ *R. bengalenisis* Ⓑ *R. dhakensis*
Ⓒ *R. chittagonensis* Ⓓ সবগুলো

**05. *Riccia* তে জনুক্রম-**
Ⓐ অস্পষ্ট Ⓑ হোমোমরফিক Ⓒ হ্যাপ্লোবায়োন্টিক Ⓓ হেটারোমরফিক

**06. টেরিডোফাইটার কোন প্রজাতিটি হোমিওপ্যাথিক ঔষধ তৈরিতে ব্যবহৃত হয়?**
Ⓐ *Dryopteris* Ⓑ *Equisetum* Ⓒ *Selaginella* Ⓓ সবগুলো

**07. সিলিকনের উৎস হিসেবে কোনটি ব্যবহৃত হয়?**
Ⓐ *Lycopodium* Ⓑ *Selaginella* Ⓒ *Horsetail* Ⓓ *Equisetum*

**08. *Pteris* এর কুন্ডলিত কচি পাতাকে কী বলে?**
Ⓐ ক্রোজিয়ার Ⓑ পিনা Ⓒ সারসিনেট Ⓓ গেমি

**09. স্পোরাঞ্জিয়ামের গুচ্ছকে বলা হয়-**
Ⓐ প্লাসেন্টা Ⓑ সোরাস Ⓒ ইন্ডুসিয়াম Ⓓ স্পোরোফিল

**10. ফার্নের হৃৎপিন্ডাকার সবুজ গ্যামিটোফাইটকে কী বলে?**
Ⓐ থ্যালাস Ⓑ প্রোথ্যালাস Ⓒ টিউবার Ⓓ গেমি

**11. আর্কিগোনিয়াম কোন আকৃতির?**
Ⓐ তারকাকৃতি Ⓑ গোলাকার Ⓒ ফ্লাস্ক আকৃতির Ⓓ অসম

**12. ব্রায়োফাইটার জীবনচক্রে কোন জনুটি প্রকট দশা?**
Ⓐ স্পোরোফাইটিক Ⓑ গ্যামিটোফাইটিক Ⓒ মিক্সোফাইটিক Ⓓ থ্যালোফাইটিক

**13. *Riccia* এর প্রধান দেহটি কেমন?**
Ⓐ গ্যামিটোফাইটিক Ⓑ স্পোরোফাইটিক Ⓒ অশাখ Ⓓ সূত্রাকার

**14. লিভারওয়ার্ট (Liverwort) কোনটি?**
Ⓐ *Riccia* Ⓑ *Pteris* Ⓒ *Agaricus* Ⓓ *Ulothrix*

**15. বাংলাদেশে ব্রায়োফাইটার কতটি গোত্র শনাক্ত করা হয়েছে?**
Ⓐ ৩৪টি Ⓑ ৩৩টি Ⓒ ৩২টি Ⓓ ৩৫টি

**16. র‍্যামেন্টাম কোথায় পাওয়া যায়?**
Ⓐ *Marchantia* Ⓑ *Pteris* Ⓒ *Equisetum* Ⓓ *Sargassun*

**17. টেরিসের পরিবহন কলাগুচ্ছ কোন ধরনের?**
Ⓐ ফ্লোয়েম কেন্দ্রিক Ⓑ অরীয় Ⓒ সংযুক্ত Ⓓ জাইলেম কেন্দ্রিক

**18. কোনটি ডিপ্লয়েড জীব?**
Ⓐ *Riccia* Ⓑ *Pteris* Ⓒ *Ulothrix* Ⓓ *Agaricus*

**19. *Riccia* র শুক্রাণু আর্কিগোনিয়ামে কীভাবে পৌছায়?**
Ⓐ শিশির বা বৃষ্টির পানিতে সাঁতার কেটে Ⓑ বাতাসে ভেসে
Ⓒ কোন কিছুর সাহায্য ছাড়াই Ⓓ পতঙ্গের মাধ্যমে

**20. নিচের কোনটি ব্রায়োফাইটার বৈশিষ্ট্য নয়?**
Ⓐ যৌন জনন উগ্যামাস Ⓑ দেহ স্পোরোফাইট
Ⓒ ভাস্কুলার টিস্যু নেই Ⓓ জীবনচক্রে গ্যামিটোফাইট প্রধান

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.C | 03.D | 04.D | 05.D | 06.B | 07.D | 08.A | 09.B | 10.B |
| 11.C | 12.B | 13.A | 14.A | 15.A | 16.B | 17.D | 18.B | 19.A | 20.B |

# অধ্যায় ০৭ নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশন্স | RATINGS ★★★ | ★★ | ★ |
|---|---|---|---|
| নগ্নবীজী উদ্ভিদ | সাইকাস | বৈশিষ্ট্য | – |
| আবৃতবীজী উদ্ভিদ | – | – | বৈশিষ্ট্য |
| উদ্ভিদ সম্পর্কিত বিবিধ তথ্যাবলি | মূল, ফুল ও ফল, পুষ্পপত্র বিন্যাস | পুষ্পমঞ্জুরি | অমরাবিন্যাস |
| একবীজপত্রী ও দ্বিবীজপত্রী | উদাহরণ | বৈশিষ্ট্য | – |

## TOPIC-01 নগ্নবীজী উদ্ভিদ

যেসব উদ্ভিদের ফুলে গর্ভাশয় থাকে না বলে ফল উৎপন্ন হয় না এবং বীজ নগ্ন অবস্থায় জন্মে তাদেরকে নগ্নবীজী উদ্ভিদ বলে।

- থিওফ্রাস্টাস এর Enquiry into plants গ্রন্থে সর্বপ্রথম Gymnosperm শব্দটি ব্যবহার করেন।
- পৃথিবীতে নগ্নবীজী উদ্ভিদ প্রজাতির সংখ্যা বর্তমানে প্রায় সাতশত।
- উদ্ভিদ স্পোরোফাইট এবং অসমরেণুপ্রসূ অর্থাৎ মাইক্রোস্পোর ও মেগাস্পোর তৈরি করে।
- নগ্নবীজী উদ্ভিদে দ্বিনিষেক ঘটে না (ব্যতিক্রম: *Ephedra*-থেকে শ্বাসকষ্টের ওষুধ ইফেড্রিন পাওয়া যায়), তাই শাঁস হ্যাপ্লয়েড এবং নিষেকের পূর্বে সৃষ্টি হয়।
- জাইলেম টিস্যুতে সত্যিকার ভেসেল কোষ থাকে না (ব্যতিক্রম: *Gnetum*) এবং ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না।
- উদ্ভিদ দেহে ভাস্কুলার টিস্যু বিদ্যমান।
- জীবনচক্রে অসম (Heteromorphic) আকৃতির জনুঃক্রম বিদ্যমান।

➤ বাংলাদেশে প্রাকৃতিকভাবে প্রাপ্ত নগ্নবীজী (৫ প্রকার) উদ্ভিদ:
- *Cycas pectinata* (চট্টগ্রামের বাড়িয়াভালা এলাকায় পাওয়া যায়)।
- *Podocarpus neriifolius* (বাঁশপাতা নামে পরিচিত)
- *Gnetum*- i. *G. montenum*, ii. *G. oblongum*, iii. *G. latifolium* (ফিশ পয়জন পাওয়া যায়)

➤ Cycas সম্পর্কিত তথ্যাবলি:
- *Cycas* কে পামফার্ন ও Living Fossil (জীবন্ত জীবাশ্ম) বলা হয়।
- *Cycas* উদ্ভিদ স্পোরোফাইটিক (দেহ মূল, কান্ড ও পাতায় বিভক্ত)
- পাতায় ট্রান্সফিউশন টিস্যু বিদ্যমান।
- পুংউদ্ভিদের মাইক্রোস্পোরোফিলগুলো একত্রিত হয়ে স্ট্রোবিলাস গঠন করে।
- *Cycas* এর শুক্রাণু সবচেয়ে বড়, লাটিমের মতো, সচল ও বহু ফ্লাজেলাযুক্ত।
- পাতা বৃহৎ, পক্ষল যৌগিক, কান্ডের মাথার দিকে সর্পিলাকারে সজ্জিত।
- কচি পাতার ভার্নেশন সারসিনেট (কুন্ডলিত)।
- প্রাথমিক পর্যায়ে *Cycas* এর প্রধানমূল থাকে, *Cycas* এর মূলকে কোরালয়েড মূল বা রুট টিউবারকল (*Nostoc* এবং *Anabaena* দ্বারা আক্রান্ত হওয়ার কারণে) বলে।
- *Cycas pectinata* উদ্ভিদের কঁচিপাতা সবজি হিসেবে ব্যবহৃত হয়।
- *Cycas circinalis* এর স্ফীতকন্দ ও বীজ হতে এরারুট (বার্লি) প্রস্তুত করা হয়।
- *Cycas circinalis* এর কচিপাতা পাকস্থলীর পীড়া ও চর্মরোগের ওষুধ হিসেবে ব্যবহৃত হয়।
- *Cycas revoluta* এর বীজ খাদ্য হিসেবে ব্যবহৃত হয়।
- স্বর্পমণি হিসেবে *Cycas* বিক্রি করা হয়।
- কোনো কোনো প্রজাতির *Cycas* এর বীজ হতে সাগু ও কান্ডের মজ্জা হতে মদ তৈরি করা হয়।

## TOPIC-02 আবৃতবীজী উদ্ভিদ

➤ আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য:
- উদ্ভিদ স্পোরোফাইট (রেণুধর), পুষ্পক এবং ভাস্কুলার টিস্যু সমৃদ্ধ।
- গর্ভকেশর সাধারণত গর্ভাশয়, গর্ভদন্ড এবং গর্ভমুন্ড-এ তিন অংশে বিভক্ত



CamScanner

- ডাবল ফার্টিলাইজেশন অর্থাৎ দ্বিনিষেক ঘটে, তাই সস্য ট্রিপ্লয়েড।
- কোনো প্রকার আর্কিগোনিয়াম সৃষ্টি হয় না।
- জাইলেম টিস্যুতে প্রকৃত ভেসেল কোষ এবং ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে।
- সবচেয়ে ক্ষুদ্রাকৃতির আবৃতবীজী উদ্ভিদ হল *Wolffia arrhiza* (0.1 মি.মি.)
- আবৃতবীজী উদ্ভিদের মধ্যে সবচেয়ে উঁচু বৃক্ষ হল অস্ট্রেলীয় *Eucalyptus*. প্রজাতি (৫০০ ফুট প্রায়)।

## TOPIC-03 উদ্ভিদ সম্পর্কিত বিবিধ তথ্যাবলি

➢ ফুলের প্রকারভেদ:

| ফুল | |
|---|---|
| প্রকারভেদ | উদাহরণ |
| উভলিঙ্গ* | জবা, ধুতুরা |
| সম্পূর্ণ | জবা, মটর, ধুতুরা |
| অসম্পূর্ণ | লাউ, কুমড়া, রজনীগন্ধা |
| সমাঙ্গ পুষ্প | ধুতুরা, জবা, বেগুন, সরিষা |
| অসমাঙ্গ পুষ্প | শিম, মটরশুটি, অপরাজিতা, বক ফুল |
| বহুপ্রতিসম | সরিষা, জবা, ধুতুরা |
| অপ্রতিসম | অর্কিড, কলাবতী, সর্বজয়া |
| এক প্রতিসম | শিম, অপরাজিতা |
| সর্পিলাকার | শাপলা, স্বর্নচাপা |

গর্ভাশয়ের অবস্থান অনুযায়ী*

| প্রকারভেদ | পুষ্পাক্ষ | উদাহরণ |
|---|---|---|
| গর্ভপাদ (Hypogynous) | উত্তল | সরিষা, জবা, ধান |
| গর্ভকটি (Perigynous) | অবতল | শিম, গোলাপ |
| গর্ভশীর্ষ (Epigynous) | পেয়ালাকৃতি | কুমড়া, পেয়ারা |

➢ ফলের প্রকারভেদ:

| ফল | |
|---|---|
| প্রকারভেদ | উদাহরণ |
| প্রকৃত | আম, জাম, লিচু, পেয়ারা |
| অপ্রকৃত* | চালতা, আপেল, ডুমুর, আনারস, কাঁঠাল |
| সরল | আম, শিম, মটর, ধান |
| গুচ্ছিত | স্বর্ণচাঁপা, আতা, নয়নতারা |
| যৌগিক* | কাঁঠাল, বট, তুত, আনারস, ডুমুর |
| লিগিউম | শিম |
| ক্যাপসিউল | ধুতুরা, ঢেঁড়স, পাট, কার্পাস |
| ক্যারিঅপসিস | ধান, গম, ভুট্টা |
| সিলিকুয়া* | সরিষা, মুলা |
| বেরি* | কাট বেরী: ক→কলা, ট→টমেটো |
| সাইজোকার্প | ধনে, গাজর, লজ্জাবতী |
| ড্রুপ* | আম, কুল, আমড়া, নারিকেল |
| পেপো | শসা, কুমড়া |
| সরোসিস | আকাশ: আ→আনারস, কা→কাঁঠাল, শ→সরোসিস |
| হেসপেরিডিয়াম | লেবু, কমলা |
| নাট | বাদাম, সুপারি |
| পোম | আপেল, নাশপতি |

➢ মূল সম্পর্কিত তথ্য:
- **প্রধান মূল:** দ্বিবীজপত্রী উদ্ভিদ। উদাহরণ: মুলা, গাজর, বীট।
- **অস্থানিক মূল:** কেয়া, বট, অশ্বথ, পাথরকুচি
- **গুচ্ছ মূল:** একবীজপত্রী উদ্ভিদ
- **পরাশ্রয়ী মূল:** অর্কিড

➢ পাতা সম্পর্কিত তথ্য:
- **সিম্পল লিফ:** জবা, আম, জাম, কাঁঠাল, ধান।
- **কম্পাউন্ড লিফ:** Mnemonic: গোলাপীর নীল আকাশ: গোলাপী→গোলাপ, র→রাধাচূড়া নী→নিম, নারিকেল, ল→লজ্জাবতি, কা→কামিনি, কৃষ্ণচূড়া, শ→সজিনা।

➢ পুষ্পপত্র বিন্যাস: মুকুলাবস্থায় বৃত্যংশগুলো (অথবা পাপড়িগুলো) পরস্পরের সাথে কিভাবে বিন্যস্ত থাকে তাকে বলা হয় এস্টিভেশন বা পুষ্পপত্রবিন্যাস।

| ছন্দ | নাম | উদাহরণ* |
|---|---|---|
| ও | ওপেন বা মুক্ত | গন্ধরাজ, জবার উপবৃতি |
| ভাল, | ভালভেট বা প্রান্তস্পর্শী | আতা, আকন্দ, বাবলা, জবা ফুলের বৃতি |
| টু | টুইস্টেড বা পাকানো | জবা (*Hibiscus rosa-sinensis*) এর দলমণ্ডল, করবী |
| ই তো | ইমব্রিকেট | কৃষ্ণচূড়া (*Delonix regia*), বাদরলাঠি, কালকাসুন্দা (*Cassia sophera*) |
| ভেরি | ভেক্সিলারি | প্রজাপতিসম ফুল, মটরশুটি(*Pisum sativum*), শিম (*Lablab purpureus*), অপরাজিতা |
| কুইক | কুইনকানসিয়াল | পেয়ারা (*Psidium guajava*), সরিষা (*Brassica napus*) |

➢ অমরাবিন্যাস বা প্লাসেন্টেশন:
গর্ভাশয়ের ভেতরে প্লাসেন্টার বিন্যাস পদ্ধতিতে বলা হয় প্লাসেন্টেশন বা অমরবিন্যাস।

| ছন্দ | নাম | উদাহরণ* |
|---|---|---|
| মর্জিনার | মার্জিনাল বা একপ্রান্তীয় | মটরশুটি (*Pisum sativum*), শিম (*Lablab purpureus*), অপরাজিতা |
| আপা | এ্যাপিকাল বা শীর্ষক | ধনিয়া (*Coriandrum sativum*), লালপাতা (*Euphorbia pulcherrima*), ক্রোটন |
| একশ | অ্যাক্সাইল বা অক্ষীয় | জবা, ধুতুরা, রজনীগন্ধা, ঢেঁড়স, বেগুন |
| সু | সুপারফিশিয়াল বা গাত্রীয় | শাপলা (*Nymphaea nouchali*), শালুক, পদ্ম (*Nelumbo nucifera*), শিয়াল কাটা |
| পুরী | প্যারাইটাল বা বহুপ্রান্তীয় | লাউ (*Lagenaria vulgaris*), শসা (*Cucumis sativus*), পেঁপে, কুমড়া, সরিষা |
| ফ্রিতে | ফ্রিসেন্ট্রাল বা মুক্তমধ্য | তুঁতে, নুনিয়া শাক, বনধনিয়া, ডায়ান্থাস |
| বেঁচে | বেসাল বা মূলীয় | ত্রিধারা (*Tridax procumbens*), সূর্যমুখী (*Helianthus annuus*), ধান, গাঁদা |

## TOPIC-04 গোত্র পরিচিতি

➢ একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদের গোত্র:

| আলোচ্য বিষয় | Poaceae (Graminae)- একবীজপত্রী | Malvaceae- দ্বিবীজপত্রী |
|---|---|---|
| মূল | গুচ্ছমূল | প্রধান মূলতন্ত্র |
| স্বরূপ | একবর্ষ, দ্বিবর্ষ বা বহুবর্ষজীবী বীরুৎ, গুল্ম বা কাষ্ঠল | বীরুৎ, গুল্ম, বৃক্ষ |
| পাতা | সরল, একান্তর, লিগিউম বিশিষ্ট (ব্যতিক্রম- *Echinochloa*) সমান্তরাল শিরাবিন্যাসযুক্ত | সরল, জালিকা শিরাবিন্যাসযুক্ত, সবৃন্তক |
| পুষ্পবিন্যাস | স্পাইকলেট | একক (সাইমোস) |
| অমরাবিন্যাস | মূলীয় | অক্ষীয় |
| ফল | ক্যারিঅপসিস | ক্যাপসিউল, বেরি অথবা সাইজোকার্প |
| ফুল | ট্রাইমেরাস | পেন্টামেরাস |
| পরাগধানী | সর্বমুখ | একপ্রকোষ্ঠী ও বৃক্কাকার |



CamScanner

| আলোচ্য বিষয় | Poaceae (Graminae)- একবীজপত্রী | Malvaceae- দ্বিবীজপত্রী |
|---|---|---|
| গুরুত্বপূর্ণ উদ্ভিদ | • *Bambusa bambos* (বাঁশ) • *Oryza sativa** (ধান) • *Saccharum officinarum* (আখ) • *Triticum aestivum** (গম) • *Zea mays** (ভুট্টা- কর্ণফ্লেক্স তৈরী) • *Hordeum vulgare* (যব- হরলিক্স তৈরী) • *Cymbopogon citratus* (লেমন ঘাস- সুগন্ধী শিল্পে) • *Phragmites karka* (নলখাগড়া) • *Thysanolaema maxima* (ঝাউঘাস) • *Cynodon dactylon** (দূর্বাঘাস- রক্তপাত বন্ধ ও ক্ষত নিরাময়) | • *Hibiscus rosa-sinensis** (জবা- রক্ত আমাশয় ও অর্শরোগের ওষুধ) • *Abelmoschus esculentus* (ঢেঁড়শ- বহুমূত্র রোগের ওষুধ) • *Gossypium herbaceum** (কার্পাস তুলা) • *Hibiscus cannabinus* (কেনাফ-মেস্তাপাট) • *Hibiscus sabdariffa* (মেস্তাপাট) • *Hibiscus mutabilis* (স্থল পদ্ম) • *Thespesia populnea* (ইন্ডিয়ান টিউলিপ-খেলনা, কৃষিকাজ, পেন্সিল তৈরিতে ব্যবহৃত হয়)। |
| উদাহরণ | ধান, গম, নারকেল, বাঁশ, ঘৃতকুমারী, ইক্ষু, কচু, কলা, ভুট্টা, খেজুর, যব, কুমারিকা, অর্কিড, ঘাস, পেয়াজ, রসুন, শতমূলী। | আম, জাম, কাঁঠাল, লিচু, ধুতুরা, তেতুল, ছোলা, রেড়ি, লাউ, শিম, কুমড়া, চা। |

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- পৃথিবীর সবচেয়ে দীর্ঘতম বৃক্ষ-রেড উড ট্রি (*Sequoia sempervirens*)।
- বাংলাদেশে কত প্রজাতির নগ্নবীজী উদ্ভিদ প্রাকৃতিকভাবে জন্মে- ৫।
- নগ্নবীজী উদ্ভিদের দেহ- স্পোরোফাইটিক।
- নগ্নবীজী উদ্ভিদে- গর্ভাশয় থাকে না, কাজেই ফল উৎপন্ন না। ডিম্বক উপস্থিত কিন্তু সস্যকোষ অনুপস্থিত।
- নিষেকের পূর্বে শস্য উৎপন্ন হয়- জিমনোস্পার্মে।
- নগ্নবীজী উদ্ভিদে পরাগায়ন হয়- বায়ুর মাধ্যমে।
- Cycas উদ্ভিদ প্রাকৃতিকভাবে জন্মে- চট্টগ্রামের বারিয়াডালা বনে।
- পাম ফার্ন নামে পরিচিত- Cycas।
- Cycas- এর পাতা- পক্ষল যৌগিকপত্র।
- Cycas- এর এন্ডোস্পার্ম বা শস্য- হ্যাপ্লয়েড।
- Cycas- এর মূল- কোরালয়েড।
- Cycas- এর প্রধান মূল- স্বল্পস্থায়ী।
- Cycas- এর কান্ড আবৃত থাকে- স্থায়ী পত্রমূল দ্বারা।
- Cycas- এর কোরালয়েড মূলে বাস করে- Anabaena এবং Nostoc।
- মিথোজীবিত লক্ষ করা যায়- *Cycas pectinata*.
- Cycas ও *Ginkgo biloba* হলো- জীবন্ত জীবাশ্ম।
- কোন সপুষ্পক উদ্ভিদে আর্কিগোনিয়া পাওয়া যায়- Cycas- এ।
- Cycas- এর স্ট্রোবিলাস- একলিঙ্গিক।
- উদ্ভিদকুলের সর্ববৃহৎ শুক্রাণু পাওয়া যায়- Cycas- এ।
- Cycas-এর মেগাস্পোরোফিল দেখতে- সাপের ফণার মতো।
- পুংলিঙ্গধরের প্রথম কোষ- পুংরেণু।
- স্ত্রীলিঙ্গধরের প্রথম কোষ- স্ত্রীরেণু।
- মিউসিলেজযুক্ত কচি অঙ্গ থাকে- Malvaceae গোত্রে।
- বাংলাদেশ Malvaceae গোত্রের পাপড়ি বিন্যাস- টুইস্টেড।
- Malvaceae গোত্রের অমরাবিন্যাস- অক্ষীয়।
- জবা ফুল ঔষধি হিসেবে ব্যবহৃত হয়- অর্শরোগ ও রক্ত আমাশয় চিকিৎসায়।
- Malvaceae গোত্রের পরাগরেণু- বড় ও কন্টকিত।
- বাংলাদেশে Malvaceae গোত্রের প্রজাতির সংখ্যা- ৪২টি।
- Malvaceae গোত্রের ফলের ধরন- ক্যাপসুল।
- ঢেঁড়স যে রোগের উপশমে ব্যবহৃত হয়- বহুমূত্র।
- Malvaceae গোত্রের মূল- প্রধান মূল।
- Malvaceae গোত্রের পরাগধানী- বৃক্কাকার।
- Malvaceae গোত্রের পুংস্তবকের গঠন- একগুচ্ছক।
- Malvaceae গোত্রের দলের পুষ্পপত্র বিন্যাস- ভালভেট।
- Malvaceae গোত্রের উদ্ভিদ- জবা (*Hibiscus rosa- sinensis*), ঢেঁড়স (*Abelmoschus esculentus*), কার্পাস তুলা (*Gossypium herbaceum*) ইত্যাদি।
- জাতীয় ফুলের বৈজ্ঞানিক নাম- *Nymphaea nouchali*।
- পৃথিবীর সবচেয়ে প্রভাবশালী উদ্ভিদগোষ্ঠী- আবৃতবীজী।
- আবৃতবীজী উদ্ভিদ জন্মে না- এন্টার্কটিকায়।
- পৃথিবীর সবচেয়ে উঁচু আবৃতবীজী- *Shorea faguetiana*।
- পৃথিবীর/বিশ্বের সবচেয়ে ছোট আবৃতবীজী উদ্ভিদ- *Wolffia microscopica*।
- বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজী- *Wolffia arrhiza*।
- Magnoliophyta- এর অন্তর্গত শ্রেণির সংখ্যা- ২টি।
- Liliopsdia বলতে বুঝায়- একবীজীপত্রী উদ্ভিদ।
- Magnoliopsida বলতে বুঝায়- ট্রিপ্লয়েড।
- আবৃতবীজী উদ্ভিদের সস্য- ট্রিপ্লয়েড।
- অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ আবৃতবীজীর সংখ্যা- ১০০০।
- আবৃতবীজী উদ্ভিদের উৎপত্তিস্থল- নিরক্ষীয় অঞ্চল।
- আবৃতবীজী উদ্ভিদকে Magnoliopohyta- এর অন্তর্ভুক্ত করেন- ক্রনকুইস্ট।
- টেপাল কার অংশ- পুষ্পপুট।
- ফল পাকলে নিচ থেকে উপর বরাবর ফেটে যায়- সিলিকুয়া।
- শীর্ষদেশীয় অমরাবিন্যাস দেখা যায়- লালপাতা।
- বহুপ্রান্তীয় অমরা বিন্যাস- সরিষা/পেঁপে।
- কৃষ্ণচূড়া ফুলের পুষ্পবিন্যাস- ইব্রিকেট।
- ইব্রিকেট পুষ্পপত্রবিন্যাস পাওয়া যায়- কালকাসুন্দা।
- Poaceac গোত্রের পূর্ব নাম- Gramineae।
- Poaceac গোত্রের উদ্ভিদের (ধানের) মঞ্জুরি- স্পাইকলেট।
- ধানের শুন্য গ্লুম- ২টি।
- Poaceac গোত্রের ফুলের উদ্ভিদের ধরন- ট্রাইমেরাস।
- Poaceac গোত্রের উদ্ভিদের (ধানের) ফল- ক্যারিওপসিস।
- Poaceac গোত্রের উদ্ভিদের পরাগধানী- সর্বমুখ।
- বাংলাদেশ প্রাপ্ত বাঁশের প্রজাতির সংখ্যা- ২৮টি।

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

**01.** নিচের কোনটিতে কোরালয়েড মূল পাওয়া যায়? [DU. 20-21, 12-13; JU. 13-14, 11-12; CoU. 19-20; RU. 21-22]

A. *Cycas* B. *Pinus*
C. *Hibiscus* D. *Ficus*

S Ⓐ Why প্রাথমিক পর্যায়ে *Cycas* এর প্রধানমূল থাকে, *Cycas* এর মূলকে কোরালয়েড মূল বা রুট টিউবারকল (*Nostoc* এবং *Anabaena* দ্বারা আক্রান্ত হওয়ার কারণে) বলে।

**02.** কোন্ উদ্ভিদের শুক্রাণু সর্ববৃহৎ? [DU. 17-18; JU: 17-18; DU. 7Clg-A. 21-22; D. Board: 16-17; B. Board: 15-16]

A. *Gnetum* B. *Ginkgo*
C. *Pinus* D. *Cycas*

Ⓓ

**03.** 'পামফার্ণ' হিসেবে পরিচিত উদ্ভিদ কোনটি? [JU-D, Set-D. 20-21, 17-18]

A. *Cycas* B. *Cyathia* C. *Ginkgo* D. *Gnetum*

S Ⓐ Why *Cycas* স্পোরোফাইটিক, বৃক্ষ জাতীয় কাষ্ঠল উদ্ভিদ। এর কান্ড ও পাতা দেখতে অনেকটা পাম জাতীয় উদ্ভিদ বা ট্রি-ফার্নের কান্ড ও পাতার মতো, এ কারণে একে পামফার্ন বলা হয়।



CamScanner

04. কোন নগ্নবীজী উদ্ভিদে দ্বি-নিষেক ঘটে? [JU-D, Set-H. 23-24]
A. *Cycas* B. *Pinus*
C. *Gnetum* D. *Ephedra* Ⓓ

05. কোন উদ্ভিদ থেকে এরারুট তৈরী করা হয়? [JU-D, Set-M. 23-24]
A. *Cycas circinalis* B. *Cycas revoluta*
C. *Cycas pectinata* D. *Cycas media* Ⓐ

06. নগ্নবীজি উদ্ভিদে কোনটি অনুপস্থিত? [JU-D, Set-F. 2022-23]
A. পাতা B. ফুল
C. ফল D. বীজ Ⓒ

07. নগ্নবীজি উদ্ভিদের মধ্যে নিচের কোনটিতে দ্বিনিষেক ঘটে? [RU-C, Topaz-3: 22-23]
A. *Cycas* B. *Pinus* C. *Gnetum* D. *Ephedra*

S Ⓓ Why নগ্নবীজী উদ্ভিদে দ্বি-নিষেক ঘটে না। ইফেড্রা ব্যতিক্রম এতে দ্বি-নিষেক ঘটে এবং শ্বাসকষ্টের ওষুধ ইফেড্রিন পাওয়া যায়।

08. কোনটির শুক্রাণু ফ্ল্যাজেলাবিহীন? [BUP. 2021-22]
A. Ginkgophyta B. Cycadophyta
C. Gnetophyta D. Coniferophyta

S Ⓒ Why নগ্নবীজী উদ্ভিদের শুক্রাণুর প্রকৃতি:

| বিভাগ | শুক্রাণুর প্রকৃতি | বিভাগ | শুক্রাণুর প্রকৃতি |
|---|---|---|---|
| Ginkgophyta | ফ্লাজেলাযুক্ত | Gnetophyta | ফ্লাজেলাবিহীন |
| Cycadophyta | ফ্লাজেলাযুক্ত | Coniferophyta | ফ্লাজেলাবিহীন |

09. বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজি উদ্ভিদ কোনটি? [JU-D, Set-T. 2021-22; CU.21-22]
A. *Cyndon dactylon* B. *Setaria italica*
C. *Panicum maliaceum* D. *Wolffia arrhiza*

S Ⓓ Why পৃথিবীর ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদ *Wolffia microscopia* (0.1 মি.মি.) ও ক্ষুদ্রতম নগ্নবীজী উদ্ভিদ *Zamia pygmaea*। বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদটি হলো *Wolffia arrhiza*।

10. কোনটিতে গাত্রীয় অমরা বিন্যাস পাওয়া যায়? [DU. 18-19; JU. 11-12]
A. *Oryza sativa* B. *Nelumbo nucifera*
C. *Helianthus annuus* D. *Portulaca oleracea* Ⓑ

11. *Cucumis sativus* এর প্লাসেন্টেশন কোন প্রকৃতির? [DU. 16-17]
A. বেসাল B. শীর্ষক C. এক প্রান্তীয় D. প্যারাইটাল Ⓓ

12. কোনটি Poaceae গোত্রের ফল? [JU-D, Set-O. 23-24]
A. সিলিকুয়া B. ক্যাপসিউল C. ক্যারিওপসিস D. লোমেন্টাম Ⓒ

13. ক্যাপসুল জাতীয় ফল দেখা যায় কোন উদ্ভিদে? [JU-D, Set-P. 2022-23]
A. আপেল B. ঢেঁড়শ C. ধান D. টমেটো Ⓑ

14. কোন ফুলের পাঁপড়িগুলো Twisted aestivation? [IU. 19-20; BSMRSTU. 19-20]
A. আতা B. আকন্দ
C. গন্ধরাজ D. জবা Ⓓ

15. কোন উদ্ভিদটি মালভেসি (Malvaceae) গোত্রভুক্ত নহে? [CU. 19-20]
A. ভুট্টা B. জবা C. কার্পাস D. ঢেঁড়স Ⓐ

16. কোন পরিবারের উদ্ভিদ থেকে তুলা পাওয়া যায়? [DU-7Clg-A. 23-24]
A. Fabaceae B. Poaceae C. Malvaceae D. Cyperaceae Ⓒ

17. কোন গোত্রে পালকের ন্যায় গর্ভমুণ্ড পাওয়া যায়? [DU: A, 08-09]
A. Cruciferae B. Solanaceae C. Gramineae D. Palmae Ⓒ

18. *Allium cepa* কোন গোত্রের উদ্ভিদ- [DU. 98-99]
A. Solanaceae B. Liliaceae
C. Malvaceae D. Cruciferae Ⓑ

19. Malvaceae গোত্রের দলের পুষ্পপত্র বিন্যাস কোন ধরনের? [কু.বো. ২০২৩]
A. ওপেন B. ভালভেট
C. ইমব্রিকেট D. টুইস্টেড Ⓓ

20. ধানে কোন ধরনের ফল দেখা যায়? [দি.বো. ২০২২]
A. ক্যাপসুল B. বেরি C. সিলিকুয়া D. ক্যারিঅপ্সিস Ⓓ

21. কোন গোত্রের উদ্ভিদের পরাগরেণু বৃহৎ ও কন্টকিত? [Ref: হাসান স্যার]
A. Poaceae B. Malvaceae C. Liliaceae D. Solanaceae Ⓑ

## PRIME TEST

01. বাংলাদেশে কত প্রজাতির নগ্নবীজী উদ্ভিদ প্রাকৃতিকভাবে জন্মে থাকে?
Ⓐ ১৫ Ⓑ ১০ Ⓒ ৫ Ⓓ ৩

02. নগ্নবীজী উদ্ভিদের সস্য কলার প্রকৃতি কীরূপ?
Ⓐ হ্যাপ্লয়েড Ⓑ ডিপ্লয়েড Ⓒ ট্রিপ্লয়েড Ⓓ টেট্রাপ্লয়েড

03. নিম্নের কোনটি বাংলাদেশে বাঁশ পাতা নামে পরিচিত?
Ⓐ *C. pectinata* Ⓑ *G. montenum*
Ⓒ *G. oblongum* Ⓓ *P. neriifolius*

04. *Cycas* এর অস্থানিক মূল বলা হয় কোনটিকে?
Ⓐ কোরালয়েড মূল Ⓑ শাঁসমূল Ⓒ স্ট্রোবিলাস Ⓓ গুচ্ছমূল

05. নিম্নের কোনটি জীবন্ত জীবাশ্ম নগ্নবীজী?
Ⓐ *Pteris* Ⓑ *Ginkgo biloba* Ⓒ *Riccia* Ⓓ *Marchantia*

06. কোনটিকে পামফার্ন বলা হয়?
Ⓐ *Cycas* Ⓑ *Pinus* Ⓒ *Gnetum* Ⓓ *Wolffia*

07. কোনটি টিউবার এর উদাহরণ?
Ⓐ আদা Ⓑ হলুদ Ⓒ আলু Ⓓ পেঁয়াজ

08. সূর্যমুখীতে কোন ধরনের পুষ্পবিন্যাস দেখা যায়?
Ⓐ ক্যাপিচুলাম Ⓑ সাইমোস Ⓒ রেসিম Ⓓ স্প্যাডিক্স

09. কোনটি মুক্ত এস্টিভেশনের উদাহরণ?
Ⓐ আতা Ⓑ আকন্দ Ⓒ গন্ধরাজ Ⓓ জবা

10. অ্যানড্রিসিয়ামের প্রতিটি সদস্যকে কী বলে?
Ⓐ সেপাল Ⓑ টেপাল Ⓒ পেটাল Ⓓ স্ট্যামেন

11. পুষ্পপুটের প্রতিটি সদস্যকে বলা হয়-
Ⓐ টেপাল Ⓑ সেপাল Ⓒ পেটাল Ⓓ ল্যামিনা

12. কোনটি সুপারফিশিয়াল প্লাসেন্টেশনের উদাহরণ?
Ⓐ শাপলা Ⓑ ত্রিধারা
Ⓒ ধনিয়া Ⓓ লাউ

13. নিম্নের কোনটি বীরুৎ জাতীয় উদ্ভিদ?
Ⓐ রঙ্গন Ⓑ আম
Ⓒ দুর্বাঘাস Ⓓ জবা

14. ক্যালিক্স এর প্রতিটি সদস্যকে কী বলা হয়?
Ⓐ সেপাল Ⓑ এপিক্যালিক্স
Ⓒ পেটাল Ⓓ করোলা

15. Poaceae গোত্রের অমরাবিন্যাস হলো-
Ⓐ গাত্রীয় Ⓑ মূলীয়
Ⓒ একপ্রান্তীয় Ⓓ বহুপ্রান্তীয়

16. Malvaceae গোত্রের এস্টিভেশন হলো-
Ⓐ ওপেন Ⓑ ভালভেট
Ⓒ ইমব্রিকেট Ⓓ ভেকসিলারি

17. কোন উদ্ভিদটিতে লৌহ থাকায় নিয়মিত খেলে শারীরিক দুর্বলতা দূর হয়?
Ⓐ *A. esculentus* Ⓑ *G. herbaceum*
Ⓒ *H. mutabilis* Ⓓ সবগুলো

18. Poaceae গোত্রের উদ্ভিদের ফল কোন ধরনের হয়?
Ⓐ ক্যাপসিউল Ⓑ বেরি
Ⓒ লিগিউম Ⓓ ক্যারিঅপসিস

19. Malvaceae গোত্রের পুষ্পবিন্যাস হলো-
Ⓐ রেসিম Ⓑ স্পাইকলেট
Ⓒ সাইমোস Ⓓ স্প্যাডিক্স

20. নিচের কোনটি Malvaceae গোত্রের উদ্ভিদ?
Ⓐ ধান Ⓑ সরিষা
Ⓒ গম Ⓓ ঢেঁড়স

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.C | 02.A | 03.D | 04.A | 05.B | 06.A | 07.C | 08.A | 09.C | 10.D |
| 11.A | 12.A | 13.C | 14.A | 15.B | 16.B | 17.A | 18.D | 19.C | 20.D |



CS CamScanner

➤ **পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার বিভিন্ন ফ্যাক্টর:**

- কোষে $CO_2$ এর পরিমাণ কমে গেলে (সালোকসংশ্লেষণের ফলে এমন হয়) রক্ষীকোষে $K^+$ প্রবেশ বৃদ্ধি পায়, ফলে পার্শ্ববর্তী কোষ থেকে পানি রক্ষীকোষে প্রবেশ করে এবং রক্ষীকোষ স্ফীত হয়ে পত্ররন্ধ্র খুলে যায়।
- রক্ষীকোষ থেকে সক্রিয়ভাবে $H^+$ বের হয়ে গেলেও পত্ররন্ধ্র খুলে যায়।
- মেসোফিল কোষে পানির অভাব দেখা দিলে সেখানে অ্যাবসিসিক এসিড তৈরি হয়। যার ফলে রক্ষীকোষ থেকে $K^+$ বের হয়ে যায়। $K^+$ বের হয়ে গেলে পানিও বের হয়ে যায়, ফলে রক্ষীকোষ স্ফীতি হারায় এবং পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়।
- উচ্চ তাপমাত্রায় ফটোসিনথেসিস কমে যায় এবং কোষীয় শ্বসন বেড়ে যায়। এর ফলে কোষে $CO_2$ এর পরিমাণ বৃদ্ধি পায়। পরিণামে পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়।

## TOPIC-03 উদ্ভিদের শারীরবৃত্তীয় প্রক্রিয়া

➤ **সালোকসংশ্লেষণ:** যে শারীরবৃত্তীয় প্রক্রিয়ায় **সজীব উদ্ভিদ-কোষস্থ ক্লোরোফিল সূর্যের আলোক** শক্তিকে ATP এবং NADPH + $H^+$ (পানির সালোকবিভাজনের মাধ্যমে) নামক রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে এবং ঐ রাসায়নিক শক্তিকে (ATP ও NADPH + $H^+$) কাজে লাগিয়ে $CO_2$ বিজারণের মাধ্যমে **কার্বোহাইড্রেট (শর্করা) জাতীয় খাদ্য প্রস্তুত ও উপজাত হিসেবে $O_2$** নির্গত করে, তাকে সালোকসংশ্লেষণ বা ফটোসিনথেসিস বলে।

$$\underset{\text{কার্বন-ডাই-অক্সাইড}}{6CO_2} + \underset{\text{পানি}}{12H_2O} \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{আলো}} \underset{\text{গ্লুকোজ}}{C_6H_{12}O_6} + \underset{\text{অক্সিজেন}}{6O_2} + \underset{\text{পানি}}{6H_2O}$$

➤ **ক্লোরোপ্লাস্ট:**

- সবুজ শৈবাল, *Riccia, Marchantia*'র মতো থ্যালায়েড ব্রায়োফাইটস এর প্রায় সমস্ত দেহেই ক্লোরোপ্লাস্ট থাকে।
- **সবচেয়ে বেশি ক্লোরোপ্লাস্ট থাকে পাতায়, তাই সামগ্রিক বিবেচনায় সবুজ পাতাকেই ফটোসিনথেসিস এর প্রধান অঙ্গ হিসেবে চিহ্নিত করা হয়।**
- **লোহিত শৈবাল, বাদামী শৈবাল এর ফটোসিনথেটিক পিগমেন্টগুলো ক্রোম্যাটাফোর (Chromatophore) নামক অঙ্গানুতে থাকে।**

➤ **চক্রীয় ও অচক্রীয় ফটোফসফোরাইলের (আলোক নির্ভর অধ্যায়) মধ্যে পার্থক্য:**

| চক্রীয় ফটোফসফোরাইলেশন | অচক্রীয় ফটোফসফোরাইলেশন |
|---|---|
| PS-I হতে উৎক্ষিপ্ত ইলেকট্রন বিভিন্ন বাহকের মাধ্যমে বাহিত হয়ে পুনরায় PS-I এ ফিরে আসে। | PS-II হতে উৎক্ষিপ্ত ইলেকট্রন পুনরায় PS-II-তে ফিরে না এসে PS-I এ ফিরে আসে। |
| শুধু PS-I অংশগ্রহণ করে। | PS-I (P 700) এবং PS-II (P680) উভয়ই অংশগ্রহণ করে। |
| পানির প্রয়োজন হয় না। | পানির প্রয়োজন হয়। কারণ পানির ইলেকট্রন ও প্রোটন এ প্রক্রিয়ায় ব্যবহৃত হয়। |
| কোন অক্সিজেন উৎপন্ন হয় না। (কারণ এ প্রক্রিয়ায় কোন পানি ব্যবহৃত হয় না।) | পানির ভাঙ্গনের ফলে অক্সিজেন উৎপন্ন হয় যা পরে নির্গত হয়। |
| কোন NADP বিজারিত হয় না। | এক অণু NADP বিজারিত হয়ে এক অণু $NADPH^+ + H^+$ সৃষ্টি করে। |

➤ **ক্যালভিন চক্র ও হ্যাচ এ্যান্ড স্ল্যাক চক্রের (আলোক নিরপেক্ষ অধ্যায়) মধ্যে পার্থক্য:**

| ক্যালভিন চক্র | হ্যাচ এ্যান্ড স্ল্যাক চক্র |
|---|---|
| কেবল মেসোফিল কোষে হয় | মেসোফিল ও বান্ডলসীথ কোষে হয়। |
| ফটোরেসপিরেশন ঘটে | ফটোরেসপিরেশন ঘটে না। |
| প্রাথমিক $CO_2$ গ্রহীতা RuBP (Ribulose 1,5 bisphosphate) | প্রাথমিক $CO_2$ গ্রহীতা PEP (Phosphoenol Pyruvate) |
| $CO_2$ ফিক্সিং এনজাইম রুবিস্কো | $CO_2$ ফিক্সিং এনজাইম PEP কার্বোক্সিলেজ। |
| প্রথম স্থায়ী দ্রব্য 3PGA (৩-কার্বন) | প্রথম স্থায়ী দ্রব্য অক্সালো অ্যাসিটিক এসিড (৪-কার্বন)। |
| $CO_2$ এর জন্য কার্বোক্সিলেজ এর দক্ষতা মধ্যম | $CO_2$ এর জন্য কার্বোক্সিলেজ এর দক্ষতা উচ্চ। |
| ক্লোরোপ্লাস্টের ধরন একই রকম | ব্যবহৃত ক্লোরোপ্লাস্টের ধরন দু রকম (বান্ডল সীথ ক্লোরোপ্লাস্টে উন্নত গ্রানাম থাকে না)। |
| এ চক্রের জন্য আদর্শ তাপমাত্রা ১০° সে. থেকে ২৫° সে.। | এ চক্রের জন্য আদর্শ তাপমাত্রা ৩০° সে. থেকে ৪৫° সে। |
| বায়ুমন্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে ৫০ ppm পরিমাণ $CO_2$ থাকা প্রয়োজন। | বায়ুমন্ডলে প্রতি মিলিয়নে নিম্নতম ০.১০ ppm পরিমাণ $CO_2$ থাকলেও চলে। |

- $C_4$ উদ্ভিদের উদাহরণ- ১৬টি গোত্রের বহু উদ্ভিদে $C_4$ চক্র আবিষ্কৃত হয়েছে।

**Mnemonic: আঁখি মুধুকে তিনবার ভুয়া চিঠি দিল**

| আঁখি | মু | তি | ন | বার | ভুয়া | চিঠি | দিল |
|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| আখ | মুথাঘাস | মিল্লাত | নটেশাক | বাজরা | ভুট্টা | চিনা | দুর্বাঘাস/ডাঁটা |

[বিশেষ দ্রষ্টব্য: বিলকিস বানু ও মাজেদা ম্যাডাম এর বইয়ে গমকে $C_4$ উদ্ভিদে বিবেচনা করা হয়েছে।]

➤ **শ্বসনে উৎপন্ন শক্তি:**

| শ্বসনের পর্যায় | উৎপাদিত বস্তু | ব্যয়িত বস্তু | নিট উৎপাদন |
|---|---|---|---|
| গ্লাইকোলাইসিস | 2 অণু পাইরুভিক এসিড | - | - |
| | 2 অণু $NADH_2$ | - | 4 ATP (Not 6) |
| | 4 অণু ATP | 2 অণু ATP | 2 ATP |
| অ্যাসিটাইল Co–A সৃষ্টি | 2 অণু অ্যাসিটাইল Co–A | 2 অণু পাইরুভিক এসিড | 2 অণু $CO_2$ |
| | 2 অণু $CO_2$ | - | - |
| | 2 অণু $NADH_2$ | - | 6 ATP |
| ক্রেবস চক্র | 4 অণু $CO_2$ | 2 অণু অ্যাসিটাইল Co–A | 4 অণু $CO_2$ |
| | 6 অণু $NADH_2$ | - | 18 ATP |
| | 2 অণু $FADH_2$ | - | 4 ATP |
| | 2 অণু GTP | - | 2 ATP |

1 অণু $NADH_2$ = 3 অণু ATP 1 অণু GTP = 1 অণু ATP

1 অণু $FADH_2$ = 2 অণু ATP নিট উৎপাদন: { 6 অণু $CO_2$, 36 অণু ATP }

➤ **প্রকৃতকোষী এবং আদিকোষী জীবে শ্বসনের স্থান:**

| প্রকৃতকোষী | আদিকোষী |
|---|---|
| **মাইটোকন্ড্রিয়নের বাইরে (সাইটোপ্লাজমে):** গ্লাইকোলাইসিস, ফার্মেন্টেশন **মাইটোকন্ড্রিয়নের ভেতরে ম্যাট্রিক্স এ:** ক্রেবস চক্র মাইটোকন্ড্রিয়নের ইনারমেমব্রেন এ, ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম। | **সাইটোপ্লাজমে:** গ্লাইকোলাইসিস, ফার্মেন্টেশন, ক্রেবস চক্র। **প্লাজমামেমব্রেনের ভেতরের তল:** ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম: |

➤ **শ্বসনিক হার:**

| জৈব বস্তুর নাম | শ্বসনিক হার | জৈব বস্তুর নাম | শ্বসনিক হার |
|---|---|---|---|
| ওলিক এসিড | 0.71 | অক্সালিক এসিড | 4 |
| ম্যালিক এসিড | 1.33 | চর্বি জাতীয় পদার্থের | 1 এর কম |
| টারটারিক এসিড | 1.6 | জৈব এসিডের | 1 এর বেশি |

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় মোট ATP উৎপন্ন হয়- 4টি।
- কেলভিন চক্রের বিক্রিয়া সম্পন্ন হওয়ার পরম উষ্ণতা- 10-25°C।
- সালোকসংশ্লেষণ এবং শ্বসন- উভয় প্রক্রিয়া কোথায় পরিলক্ষিত- সবুজ উদ্ভিদ।
- উদ্ভিদ কোষে কোনটি শ্বসনের প্রধান অঙ্গ- মাইটোকন্ড্রিয়া।
- CAM উদ্ভিদ- খেজুর।
- বায়ুমন্ডল হতে $CO_2$ গ্যাস কোন প্রক্রিয়ার পাতায় প্রবেশ করে- ব্যাপন।



CamScanner

- কোন বর্ণ কণিকার জন্য ফলের রং হলুদ হয়- বিটাজ্যান্থিন।
- খনিজ লবণ শোষণের বিশেষ উপযোগী অঞ্চল- শীর্ষমূল।
- শ্বসন ক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে- অক্সিজেন।
- একই তাপমাত্রা ও বায়ুমণ্ডলীয় চাপে কোনো পদার্থের অধিকতর ঘন স্থান হতে অধিকতর কম স্থানের দিকে বিস্তার লাভ করার প্রক্রিয়াকে বলে- ব্যাপন।
- পত্ররন্ধ্র রাতে খোলা ও দিনে বন্ধ থাকে- মরুজ উদ্ভিদে।
- একই দ্রাবকবিশিষ্ট দুটি ভিন্ন ঘনত্বের দ্রবণকে বৈষম্যভেদ্য ঝিল্লি দ্বারা পৃথক রাখলে কোন প্রক্রিয়াটি ঘটে- অভিস্রবণ।
- P700 নামক প্রতিক্রিয়া রঞ্জক কোন বর্ণের আলোক সর্বাধিক শোষণ করে- অতি লাল।
- সূর্যালোকের শক্তি ব্যবহার করে ATP তৈরি করার প্রক্রিয়া- ফটোফসফোরাইলেশন।
- $C_3$ উদ্ভিদে কার্বন বিজারণ প্রক্রিয়ায় (ক্যালভিন চক্রে) প্রথম স্থায়ী পদার্থ-৩-ফসফোগ্লিসারিক এসিড (৩-কার্বন)।
- 'ল অব মিনিমাম' প্রস্তাব করেন- বিজ্ঞানী লিবিগ।
- শ্বসনের গ্লাইকোলাইসিস ধাপে ১ অণু গ্লুকোজ ভেঙে কয় অণু পাইরুভিক এসিড উৎপন্ন হয়-২।
- ১ অণু গ্লুকোজ থেকে উৎপন্ন ২ অণু পাইরুভিক এসিড হতে ২ অণু $CO_2$ ,২ অণু $NADH + H^+$ এবং অ্যাসিটাইল CO-A সৃষ্টি হয়।
- ম্যালিক এসিডকে প্রভাবিত করে- মালিক ডিহাইড্রোজিনেজ এনজাইম।
- সবাত শ্বসনে ১ অণু গ্লুকোজ সম্পূর্ণজারিত হয়ে সর্বাধুনিক ধারনায় মোট ৩৬ অনু ATP (প্রচলিত ধারণায় ৩৮ অণু ATP) উৎপন্ন হয়, কিন্তু ETC-এ ৩২ অণু এবং ক্রেবস চক্রে ২৪ অণু ATP উৎপন্ন হয়।
- কোমল পানীয়ের প্রধান উপাদান- সাইট্রিক এসিড।
- চা পাতা প্রক্রিয়াজাকরণে সাহায্য করে- *Bacillus megatherium*।
- ব্যাকটেরিয়া কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়- দুগ্ধ শিল্পে।
- অত্যাবর্শকীয় উপাদানের সংখ্যা (স্বাভাবিক বৃদ্ধি ও বিকাশের জন্য)- ১৭ টি।
- উদ্ভিদের প্রয়োজনীয় মাইক্রোনিউট্রিয়েন্টস- ৮টি।
- উদ্ভিদ মাটি হতে শোষণ করে- নাইট্রোজেন।
- কোন আয়ন উদ্ভিদ সবচেয়ে দ্রুতগতিতে শোষন করে- $K^+$,$NO_3^-$।
- কোন আয়নের শোষণ হার সবচেয়ে মন্থর গতিতে চলে- $SO_4^{2-}$, $Ca^{2+}$।
- কোন উপাদানটি উদ্ভিদ মাটি থেকে অধিক মাত্রায় গ্রহণ করে- $Mg^{++}$।
- খনিজ লবণ পরিশোষিত হয়- আয়ন হিসেবে।
- মাটিস্থ উপাদান উদ্ভিদ শোষণ করে-মূলের দ্বারা।
- জীবকোষে বিভিন্ন পদার্থের শোষণ নির্ভর করে- ঘনত্বের উপর।
- তাপমাত্রা বৃদ্ধি হলে সাধারণত উদ্ভিদের লবণ পরিশোষণ- বাড়ে।
- উদ্ভিদদেহে সন্ধান পাওয়া মৌলের সংখ্যা- ৫৭টি।
- বিপাকীয় শক্তির ব্যবহার ছাড়া শোষণ হলো- নিষ্ক্রিয় শোষণ।
- কোষরসে $H^+$ আয়নের পরিবর্তে প্রবেশ করে- $K^+$।
- কোষঝিল্লির বহিঃতলে জারণ ঘটে- সাইটোক্রোমের।
- সাইটোক্রোম বিজারিত হয়- কোষঝিল্লির অন্তঃতলে।
- উদ্ভিদের লবণ শোষণ দ্রুত হ্রাস করে- অক্সিজেনের নিম্নতাপমাত্রা।
- উদ্ভিদের বিপাকীয় ক্রিয়ার সাথে জড়িত- আলো।
- লেসিথিন মতবাদটি হলো- সক্রিয় পরিশোষণ মতবাদ।
- সক্রিয় আয়ন শোষণ মতবাদ দেন- লুন্ডেগার্ড।
- আয়ন বহনের জন্য প্লাজমামেমব্রেনের অভেদ্য অংশে থাকে- বাঁহক।
- উদ্ভিদদেহে প্রস্বেদনের প্রধান অঙ্গ- পাতা।
- প্রস্বেদনের হার বাড়ে কোন অবস্থায়- তাপমাত্রা বাড়লে।
- রক্ষীকোষের ঘিরে থাকে- সহকারী কোষ।
- রক্ষীকোষের কাজ- খাদ্য তৈরি।
- নিমজ্জিত পত্ররন্ধ্র দেখা যায়- মরুজ উদ্ভিদে।
- পত্ররন্ধ্র খোলা ও বন্ধের কারণ- রক্ষীকোষের টারগায় প্রোসার ও অসমোটিক প্রেসার।
- অসংখ্য ক্লোরোপ্লাস্ট থাকে- প্যালিসেড প্যারেনকাইমা।
- উদ্ভিদের কোন শরীরবৃত্তীয় প্রক্রিয়ার মাধ্যমে শক্তি ও পানির অপচয় হয়- প্রস্বেদন।
- প্রস্বেদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাবক- আলো।
- বাতাসের আপেক্ষিক আর্দ্রতা বৃদ্ধি পেলে প্রস্বেদন- কমতে থাকে।
- রক্ষীকোষের আকৃতি-অর্ধচন্দ্রাকৃতি বা বৃক্কাকার।
- স্টেম্যাটা খুলতে দায়ী- $K^+$।
- পানি সাম্যতা রক্ষিত হয়- প্রস্বেদনের মাধ্যমে।
- পত্ররন্ধ্রের মাধ্যমে প্রস্বেদন হয়- ৯০-৯৫%।
- মূল ও কান্ডের অনুপাত বৃদ্ধি পেলে- প্রস্বেদনের হার বৃদ্ধি পায়।
- রক্ষীকোষ $CO_2$ এর ঘনত্ব বৃদ্ধি পেলে পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়।
- উদ্ভিদের পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায় ও প্রস্বেদন কম হয়- ৩৫° তাপমাত্রায়।
- কোষে অধিক পরিমাণ পানি প্রবেশ করে- অভিস্রবণিক চাপের ফলে।
- প্রস্বেদনের হার বেশি- প্রসারিত পাতায়।
- পাতায় পত্ররন্ধ্রের পরিমাণ বেশি হলে- প্রস্বেদন বেশি হয়।
- Photosynthesis শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন- বিজ্ঞানী বার্নেস।
- সালোকসংশ্লেষণের জন্য প্রয়োজন- $CO_2$, $H_2O$, ক্লোরোফিল ও সূর্যালোক।
- কোন বিক্রিয়ার সময় সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়- সালোকসংশ্লেষনে।
- সালোকসংশ্লেষণে আলোক পর্যায়ে উৎপন্ন হয়- $NADPH_2$ ও ATP।
- সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার $CO_2$ বিজারিত হয়ে তৈরি করে- শর্করা।
- সালোকসংশ্লেষণ এর প্রক্রিয়ার অপর নাম- জারণ-বিজারণ বিক্রিয়া।
- কোন আলোতে সবচেয়ে বেশি সালোকসংশ্লেষণ হয়- লাল।
- জ্যান্থফিলের বর্ণ - হলুদ।
- পিগমেন্ট সিস্টেম- I(PS-I) এর ক্লোরোফিল- P700।
- পিগমেন্ট সিস্টেম- I(PS-I) এর ক্লোরোফিল- P700।
- চলনশীল লিপিড - প্লাস্টোকুইনন।
- আয়রন-সালফার প্রোটিন- ফেরিডিক্সিন।
- অচক্রিয় ফটোফসফোরাইলেশনের উৎপন্ন ATP এ সংখ্যা -১।
- সূর্যালোকের শক্তি ব্যবহার করে ATP তৈরি করার প্রক্রিয়া- ফটোফসফোরাইলেশন।
- সালোকসংশ্লেষণে আলোক পর্যায়ে ঘটে- পানির ভাঙন।
- আলোক পর্যায়ে নির্গত হয়- $O_2$।
- ক্যালভিন চক্রে $CO_2$ গ্রহীতা কে- রাইবুলোজ ১, ৫-বিসফসফেট।
- 3PGA কোন প্রক্রিয়ার মাধ্যমে উৎপন্ন হয়- ক্যালভিন চক্র।
- সালোকসংশ্লেষণের ফটোলাইসিসে উৎপন্ন গ্যাস শ্বসনের কোন পর্যায়ে ব্যবহৃত হয়- সাইট্রিক এসিড চক্রে।
- $C_3$ উদ্ভিদ- অধিকাংশ নগ্নবীজী উদ্ভিদ, ব্রায়োফাইটস, টেরিডোফাইটস, সালোকসংশ্লেষণকারী শৈবাল, অধিকাংশ আবৃতবীজী উদ্ভিদ, বিশেষ করে দ্বিবীজপত্রী উদ্ভিদ (যেমন: পাট, আম, জাম, লিচু ইত্যাদি)। বেশ কিছু একবীজপত্রী উদ্ভিদেও $C_3$ চক্র দেখা যায়। যেমন: ধান,কলা।
- হ্যাচ ও স্ল্যাক চক্রে ($C_4$ চক্রে) বা $C_4$ উদ্ভিদের উৎপন্ন ১ম স্থায়ী পদার্থ- অক্সালো অ্যাসিটিক এসিড।
- ভুট্টা উদ্ভিদে এর গ্রাহক যৌগ কয় ধরনের- ২।
- দুই ধরনের ক্লোরোপ্লাস্ট পাওয়া যায়- আখে।
- সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উৎপন্ন খাদ্য- শর্করা।
- $C_4$ উদ্ভিদ - Poaceae, Cyperaceae ইত্যাদি গোত্রের একবীজপত্রী উদ্ভিদ যেমন: ইক্ষু, গম, ভুট্টা, ওট, বার্লি, মুথা, ঘাস, ইত্যাদি, এবং দ্বিবীজপত্রী উদ্ভিদ যেমন: *Euphorbia spp, Amaranthus sp.* ইত্যাদি।
- যে কোষীয় অঙ্গাণুর সংখ্যাবৃদ্ধি পেলে বিশ্ব উষ্ণায়ন কমবে- ক্লোরোপ্লাস্ট।
- কত তাপমাত্রায় সালোকসংশ্লেষণের হার সবচেয়ে বেশি।
- সালোকসংশ্লেষণের প্রয়োজনীয় শক্তি আসে- সূর্য হতে।
- সালোকসংশ্লেষণের সম্পন্ন হয়- পাতার মেসোফিলে।
- বাতাসে $CO_2$ এর ঘনত্ব- ০.০৩ - ০.০৪%।
- প্রস্বেদনের হার সর্বোচ্চ - ১০-২৫° সে. তাপমাত্রায়।
- প্রধান শ্বসনিক উপাদান- শর্করা (গ্লুকোজ)।
- শ্বসন প্রক্রিয়ায় কোনটি $O_2$ দ্বারা জারিত হয়- $C_6H_{12}O_6$ (শর্করা)।



CamScanner

অধ্যায় ১০

# উদ্ভিদ প্রজনন

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশনস | RATINGS ★★★ | ★★ | ★ |
|---|---|---|---|
| পুং গ্যামিটোফাইট | – | – | পরাগরেণুর গঠন |
| স্ত্রী গ্যামিটোফাইট, ডিম্বক ও নিষেক | ডিম্বকের প্রকারভেদ, নিষেক | ভ্রূণথলির গঠন | স্ত্রী গ্যামিটোফাইট |
| অযৌন প্রজনন | অঙ্গজ | পার্থেনোজেনেসিস | – |

## TOPIC-01 যৌন জনন

01. পরাগরেণুর পরিস্ফুটন:

| | |
|---|---|
| পরাগধানী | চারকোণ বিশিষ্ট হয়ে থাকে। প্রতি কোণে ভেতরের দিকে কিছু কোষ আশপাশের কোষ হতে আকারে বড় হয়। এদের ঘন সাইটোপ্লাজম এবং বড় নিউক্লিয়াস থাকে। এসব কোষকে আর্কিস্পোরিয়াল কোষ বলা হয়। আর্কিস্পোরিয়াল কোষ বিভাজিত হয়ে পরিধির দিকে দেয়াল কোষ এবং কেন্দ্রের দিকে প্রাথমিক জননকোষে পরিণত হয়। দেয়ালকোষ ৩-৫ স্তর বিশিষ্ট হয়। |
| ট্যাপেটাম | প্রাচীরের সবচেয়ে ভেতরের স্তর হলো ট্যাপেটাম। ট্যাপেটাম বিগলিত হয়ে পরিস্ফুটিত পরাগরেণুর পুষ্টি সাধন করে। |
| পরাগথলি | পরাগধানীর প্রাচীর ঘেরা অংশকে পরাগথলি বলে। অধিকাংশ আবৃতবীজীতে ৪টি পরাগথলি থাকে। |

02. ডিম্বকের গঠন: একটি ডিম্বক নীচের সাতটি অংশ নিয়ে গঠিত:

- ডিম্বকনাড়ী
- ডিম্বক মূল
- ডিম্বকরন্ধ্র
- ভ্রূণথলি
- ডিম্বকনাভী
- ডিম্বকত্বক
- ভ্রূণপোষক বা নিউসেলাস

03. ডিম্বকের প্রকারভেদ:

| ডিম্বকের প্রকারভেদ | উদাহরণ |
|---|---|
| ঊর্ধ্বমুখী* | গোল মরিচ, পানি মরিচ (বিষকাটালী), পান ইত্যাদি |
| অধোমুখী বা নিম্নমুখী | মটর, ছোলা, শিম, রেড়ি ইত্যাদি। [অধিকাংশ আবৃতবীজী (75%) ডিম্বক এই প্রকৃতির] |
| পার্শ্বমুখী* | ভায়াস্থাস, ক্ষুদিপানা, পপি (আফিম), পালিক |
| বক্রমুখী* | সরিষা, কালকাসুন্দা |
| কুণ্ডলাকার বা সারসিনোট্রোপাস | ফণিমনসা |
| অর্ধ অধোমুখী | ফোটকুট |

## TOPIC-02 নিষেক

01. নিষেকক্রিয়া:

অপেক্ষাকৃত বড় ও নিশ্চল স্ত্রীগ্যামিটের (ডিম্বাণুর) সাথে ছোট ও সচল পুংগ্যামিটের (শুক্রাণুর) যৌন মিলনকে ফার্টিলাইজেশন তথা নিষেকক্রিয়া, নিষেক বা গর্ভাধান বলে।

নিষেকের ধাপ:

(i) গর্ভমুণ্ডে পরাগরেণুর অঙ্কুরোদগম।

| নাম | গর্ভাশয়মুখী যাত্রাপথ | উদাহরণ |
|---|---|---|
| Porogamy | ডিম্বকরন্ধ্র | আম, জাম |
| Chalazogamy | ডিম্বকমূল | *Casuarina*- ঝাউ |
| Mesogamy | ডিম্বকত্বক | লাউ, কুমড়া |

(ii) পরাগনালিকার গর্ভাশয়মুখী যাত্রা ও শুক্রাণু সৃষ্টি:

(iii) পরাগনালিকার ভ্রূণথলিতে প্রবেশ ও শুক্রাণু নিক্ষিপ্তকরণ।

(iv) ভ্রূণথলিতে ডিম্বাণু ও শুক্রাণুর মিলন।

02. দ্বি নিষেক ক্রিয়া বা দ্বিনিষেক (Double fertilization): একই সময়ে ডিম্বাণুর সাথে একটি পুংগ্যামিটের মিলন ও সেকেন্ডারি নিউক্লিয়াসের সাথে অপর পুংগ্যামিটের মিলন প্রক্রিয়াকে দ্বিনিষেকক্রিয়া বা দ্বিগর্ভাধান প্রক্রিয়া বলে। দ্বিনিষেক আবৃতবীজী উদ্ভিদের বিশেষ বৈশিষ্ট্য।

03. নিষেকের পর গর্ভাশয় ও ডিম্বকের বিভিন্ন অংশের পরিবর্তন:

| নিষেকের পূর্বাবস্থা | নিষেক পরবর্তী অবস্থা |
|---|---|
| গর্ভাশয়* | ফল |
| ডিম্বক* | বীজ |
| গর্ভাশয় ত্বক* | ফলত্বক |
| এক্সাইন (ডিম্বক বহিঃত্বক) | টেস্টা (বীজের বহিঃত্বক) |
| ইন্টাইন (ডিম্বক অন্তঃত্বক) | টেগমেন (বীজের অন্তঃত্বক) |
| নিউসেলাস* (ভ্রূণপোষক টিস্যু) | অধিকাংশ নষ্ট হয়ে যায় তবে কিছির থাকলে পেরিস্পার্ম হয় |
| ডিম্বাণু* | ভ্রূণ |
| একোস্পার্ম মাতৃকোষ (গৌণ নিউক্লিয়াস) | শস্য বা এন্ডোস্পার্ম |
| সহকারী কোষ বা সিনারজিড | নষ্ট হয়ে যায় |
| প্রতিপাদ কোষ বা অ্যান্টিপোডাল | নষ্ট হয়ে যায় |
| মাইক্রোপাইল | বীজের মাইক্রোপাইল |
| ডিম্বকরন্ধ্র* | বীজরন্ধ্র |
| র‍্যাফি | র‍্যাফি |
| ডিম্বকনাড়ী (ফিউনিকুলাস) | বীজের বোঁটা (বীজবৃন্ত) |
| ডিম্বকনাভী (হাইলাম) | বীজকনাভী (হাইলাম) |
| ডিম্বকমূল* (ক্যালাজা) | বীজ মূল (নষ্ট হয়ে যায়) |

## TOPIC-03 অযৌন জনন

01. দেহ অঙ্গের মাধ্যমে প্রজনন:

i. স্বাভাবিক প্রক্রিয়ায়:

| নাম | উদাহরণ |
|---|---|
| খণ্ডায়ন | শেবাল, ছত্রাক, ব্রায়োফাইটা, *Spirogyra, Oscillatoria, Ulothrix, Oedogonium.* |
| মূল দ্বারা | মিষ্টি আলু, ডালিয়া, শতমূলী, কাঁকরোল, পটল, মুলা, ডালিম, অর্কিড। |
| স্বাভাবিক কাণ্ড | পান, আখ |
| অর্ধবায়বীয় কাণ্ড | থানকুনি, স্ট্রবেরি, কচুরিপানা, টোপা পানা, চন্দ্রমল্লিকা, কচু, আমরুল, কলমি। |
| ভূনিম্নস্থ কাণ্ড | আদা, হলুদ, পিঁয়াজ, আলু। |
| পর্বকাণ্ড | ফণিমনসা |
| সাকারের দ্বারা | কলা, পুদিনা, আনারস, চন্দ্রমল্লিকা, বাঁশ |
| বুলবিল/কক্ষমুকুল | চুপরি আলু। |

ii. কৃত্রিম প্রক্রিয়ায়:

- শাখা কলম বা কাটিং: গাছের পরিণত কাণ্ডে অংশ বিশেষ কেটে সিক্ত মাটিতে পুঁতলে তাকে কি নতুন উদ্ভিদ জন্মায়। জবা, আখ, গোলাপ, সজিনা পাতাবাহার প্রভৃতি।
- দাবাকলম: মাটি সংলগ্ন লম্বা শাখাকে মাটিতে চাপা দিলে শাখাটির পর্ব থেকে অস্থানিক মূল নির্গত হয়। লেবু, যুঁই, লিচু, সফেদা, আঙুর, আপেল প্রভৃতি।
- জোড়কলম*: বিচ্ছিন্ন অংশটিকে সাইয়ন (Scion) এবং সাইয়নকে যে উদ্ভিদের সাথে জোড়া দেয়া তাকে স্টক (Stock) বলা হয়। যেমন: আম, কুল, জাম।
- গুটিকলম: শক্ত কাণ্ডযুক্ত যে কোন বহু গাছ, নির্বাচিত অংশের বাকল ছাড়িয়ে সেখানে গোবর, মাটি ও খড় দিয়ে ঢেকে শক্ত করে দড়ি বেঁধে দিতে হয়। যেমন: লেবু, আম, গোলাপ, গন্ধরাজ প্রভৃতি ফুলের গাছে গুটিকলম তৈরি করা যায়।
- চোখ কলম: একটি গাছের কাণ্ডে অন্য গাছের কাক্ষিক মুকুল সংযোজন করা হয়। কুল, গোলাপ
- টিস্যু কালচার: জারবেরা, আলু



CamScanner

**02. ভ্রূণ সৃষ্টির বিভিন্ন প্রক্রিয়া:**

- **অপুংজনি:** যে প্রজনন প্রক্রিয়ায় ডিম্বাণু নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি করে এবং ডিম্বক স্বাভাবিক বীজে পরিণত হয় তাকে পার্থেনোজেনেসিস বা অপুংজনি বলে।
- **পার্থেনোকার্পি:** পরাগযোগ ও নিষেক ছাড়া আবৃতবীজী উদ্ভিদের ডিম্বাশয় থেকে বীজহীন ফল উৎপাদনের প্রক্রিয়াকে পার্থেনোকার্পি বলে।
- **অ্যাপোস্পোরি:** ডিম্বকের দেহকোষ থেকে সৃষ্ট ডিপ্লয়েড ভ্রূণথলির ডিপ্লয়েড ডিম্বাণুটি হতে নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাপোস্পোরি। অ্যাপোস্পোরি প্রক্রিয়ায় সৃষ্ট উদ্ভিদ ডিপ্লয়েড হয় এবং মাতৃ উদ্ভিদের সমগুণসম্পন্ন হয়। *Hieracium* উদ্ভিদে এরূপ হতে দেখা যায়।
- **অ্যাডভেনটিটিভ এমব্রায়োনি:** ডিম্বকের ডিম্বক ত্বক বা নিউসেলাসের যেকোনো কোষ হতে ভ্রূণথলি গঠন ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাডভেনটিটিভ এমব্রায়োনি।
- **অ্যাপোগ্যামি:** ডিম্বাণু ছাড়া ভ্রূণথলির অন্য যেকোনো কোষ থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে অ্যাপোগ্যামি বলে। এক্ষেত্রে নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি হয়। *Allium*-এ এরূপ লক্ষ করা যায়।
- **অ্যাগামোস্পার্মি:** ডিম্বাণু, ভ্রূণথলি বা ডিম্বকের অন্যান্য কোষ থেকে নিষেক ছাড়া ভ্রূণ তৈরির এসব প্রক্রিয়াকে সামগ্রিকভাবে বলা হয় অ্যাগামোস্পার্মি।
- **সিউডোগ্যামি:** অ্যাগামোস্পার্মি অনুপ্রেরণা সৃষ্টির জন্য পরাগায়ন আবশ্যকীয় হলে তাকে বলা হয় সিউডোগ্যামি। শাঁস তৈরির জন্যই পরাগায়নের প্রয়োজন হয়, ভ্রূণ তৈরির জন্য নয়।

**03. সংকরায়ন:** ভিন্নতর জেনেটিক বৈশিষ্ট্যমণ্ডিত দুই বা ততোধিক উদ্ভিদের মধ্যে ক্রস করানোর প্রক্রিয়াকে বলা হয় কৃত্রিম হাইব্রিডাইজেশন বা সংকরায়ন।

**সংকরায়ন প্রক্রিয়া:**

- প্যারেন্ট নির্বাচন
- প্যারেন্টের কৃত্রিম স্বপরাগায়ন
- **প্যারেন্ট উদ্ভিদের ইমাস্কুলেশন:** যে পুষ্পকে মাতৃপুষ্প হিসেবে ধরা হবে তা যদি উভলিঙ্গ (এবং স্বপরাগী হয় অথবা প্রয়োজনে স্বপরাগী হতে পারে) হয় তাহলে ইমাস্কুলেশন করা হয়। পরিপক্ব হবার আগেই পুষ্প থেকে পুংকেশর মেরে ফেলা বা সরিয়ে ফেলাকে বলা হয় ইমাস্কুলেশন। এতে করে স্বপরাগায়ন ঘটতে পারে না।
- ব্যাগিং
- ক্রসিং
- লেবেলিং

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আবৃতবীজী উদ্ভিদের যৌন প্রজনন **উগ্যামাস** ধরনের।
- একসাথে থাকা পরাগরেণুগুলোর বিশেষ গঠনকে **পলিনিয়াম** বলে।
- পরাগরেণু (n) হলো পুংগ্যামিটোফাইটের প্রথম কোষ।
- পরাগরেণুর নিউক্লিয়াসটি বিভাজিত হয়ে দুটি অসম নিউক্লিয়াস গঠন করে। বড়টিকে বলা হয় নালিকা নিউক্লিয়াস এবং ছোটটিকে বলা হয় জনন নিউক্লিয়াস।
- অধিকাংশ উদ্ভিদে (যেমন- আম, জাম) পরাগনালিকা ডিম্বকরন্ধ্র পথে ডিম্বকে প্রবেশ করে, একে **porogamy** বলে।
- কিছু কিছু উদ্ভিদে পরাগনালিকা ডিম্বকমূল (যেমন-Casuarina-ঝাউ) দিয়ে ডিম্বকে প্রবেশ করে, একে **chalazogamy** বলে।
- কোনো কোনো উদ্ভিদে (যেমন-লাউ, কুমড়া) পরাগনালিকা ডিম্বকত্বক ভেদ করে ডিম্বকে প্রবেশ করে, একে **mesogamy** বলে।
- অধিকাংশ উদ্ভিদে **porogamy** প্রক্রিয়া সংঘটিত হয়।
- দ্বিনিষেক আবৃতবীজী উদ্ভিদের বিশেষ বৈশিষ্ট্য (নগ্নবীজী উদ্ভিদের Ephedra তে দ্বিনিষেক আবিষ্কৃত হয় ১৯৯০ সালে - এটি ব্যতিক্রম)।
- সেকেন্ডারি নিউক্লিয়াসের সাথে একটি পুংগ্যামিটের মিলনকে ত্রিমিলন বলা হয়।
- সস্যটিস্যু প্রচুর পরিমাণ স্টার্চ, লিপিড ও প্রোটিন জমা করে।
- লিচু, কাঠলিচু, জায়ফলে ও শাপলা বীজে এরিল দেখা যায়।
- লিচু ও কাঠলিচুর এরিল হলো ভোজ্য অংশ।
- আবৃতবীজী উদ্ভিদে সাধারণত দেহ অঙ্গের মাধ্যমে অযৌন জনন হয়ে থাকে। পেনিসিলিয়ামের কনিডিয়া বা কনিডিওস্পোর, মিউকরের স্পোরাঞ্জিওস্পোর বা গনিডিয়া, অ্যাগারিকাসের বেসিডিওস্পোর বিশেষভাবে উল্লেখযোগ্য।
- যে প্রজনন প্রক্রিয়ায় ডিম্বাণু নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি করে এবং ডিম্বক স্বাভাবিক বীজে পরিণত হয় তাকে পার্থেনোজেনেসিস বা অপুংজনি বলে।
- হরমোন প্রয়োগে বীজহীন ফল উৎপাদন প্রক্রিয়াকে পার্থেনোকার্পি বলে। যেমন- লেবু, কমলালেবু ইত্যাদি।
- নিষেকক্রিয়া ছাড়া অঙ্গজ থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে অ্যাপোমিক্সিস বলে।
- ডিম্বকের দেহকোষ থেকে সৃষ্ট ডিপ্লয়েড ভ্রূণ থলির ডিম্বাণু নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাপোস্পোরি। যেমন- Hieracium।
- ডিম্বকের ডিম্বক ত্বক বা নিউসেলাসের যে কোনো কোষ হতে ভ্রূণথলি গঠন ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাডভেনটিটিভ এমব্রায়োনি।
- ডিম্বাণু ছাড়া ভ্রূণথলির অন্য কোনো কোষ থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে অ্যাপোগ্যামি বলে। যেমন- Allium।
- ডিম্বাণু, ভ্রূণথলি বা ডিম্বকের অন্যান্য কোষ থেকে নিষেক ছাড়া ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে সামগ্রিকভাবে বলা হয় অ্যাগামোস্পার্মি। অ্যাগামোস্পার্মি অনুপ্রেরণা সৃষ্টির জন্য পরাগায়ন আবশ্যকীয় হলে তাকে বলা হয় সিউডোগ্যামি।
- পরাগধানীর প্রাচীরের সবচেয়ে ভেতরের স্তরকে বলে ট্যাপেটাম।
- পুষ্পের পুংজননাঙ্গকে বলা হয় Stamen.
- পরাগরেণুর বাইরের পুরু, শক্ত ও কিউটিনযুক্ত ত্বককে বলে এক্সাইন।
- একটি স্ত্রী রেণু ভ্রূণথলি গঠনে অংশগ্রহণ করলে তাকে বলে মনোস্পোরিক প্রক্রিয়া।
- মনোস্পোরিক প্রক্রিয়ায় ভ্রূণথলি গঠিত হয় শতকরা প্রায় ৭০ ভাগ ক্ষেত্রে।
- হ্যাপ্লয়েড অঙ্গজকোষ থেকে ভ্রূণ সৃষ্টি হতে পারে- [illegible]।
- ফুলের পুংকেশর অপসারণের প্রক্রিয়াকে বলে- ইমাস্কুলেশন।

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

**01. পরাগধানির প্রাচীরের সবচেয়ে ভিতরের স্তরকে কি বলে?** [JU-D, Set-I, 2022-23]
A. এপিডার্মিস B. যোজক কলা
C. স্পোরোজেনাস কোষ D. ট্যাপেটাম (D)

**02. পরাগনালিকার কোন কোষ থেকে পুংগ্যামিট তৈরি হয়?** [JU-D, Set-R, 2022-23]
A. জেনারেটিভ কোষ B. সহকারী কোষ C. প্রতিপাদ কোষ D. নালিকা কোষ (D)

**03. নিষিক্ত ডিম্বাণু কিসে পরিণত হয়?** [DU, 2021-22]
A. ফলে B. এন্ডোস্পার্মে C. বীজে D. ফলত্বকে
S ⊗ Why অপশনে সঠিক উত্তরটি নেই। সঠিক উত্তর হবে- ভ্রূণ।

**04. কোন ফলটিতে এরিল আছে?** [DU, 94-95]
A. আম B. কলা C. লিচু D. আনারস
S (C) Why নিষেকের পর ডিম্বকের অভ্যন্তরে ব্যতিক্রমী পরিবর্তনের ফলে ডিম্বকের ত্বক দুটি অপেক্ষাকৃত কঠিন ও শুষ্ক হয়ে বীজত্বকে পরিণত হয়। রসালো ডিম্বকটি পানি হারিয়ে অপেক্ষাকৃত কঠিন ও শুষ্ক হয়ে বীজে পরিণত হয়। এরূপ পরিবর্তনকালে কোনো কোনো ক্ষেত্রে বীজের একটি তৃতীয় স্তর সৃষ্টি হয় যাকে এরিল (Aril) বলে। লিচু, শাপলা বীজে, কাঠলিচু ও জায়ফলে এরূপ এরিল দেখা যায়। লিচু ও কাঠলিচুর এরিল হলো ভোজ্য অংশ।

**05. নিচের কোন ফলটি পারথেনোকারপিক?** [DU-A, 22-23]
A. বেগুন B. আপেল C. কলা D. কাঁঠাল (C)

**06. নিচের কোনটি মূলের মাধ্যমে বংশ বিস্তার করে?** [JU-D, Set-L, 2022-23]
A. পেঁয়াজ B. শতমূলী C. কলা D. পুদিনা (B)

**07. পরাগনালিকার গর্ভাশয়মুখী যাত্রার ক্ষেত্রে ক্যালাজোগ্যামি দেখা যায় কোন উদ্ভিদে?** [JU-D, Set-G, 20-21]
A. লাউ B. কুমড়া C. জাম D. ঝাউ
S (D) Why পরাগনালীর গর্ভাশয়মুখী যাত্রার ধরন:
- Porogamy → আম, জাম
- Chalazogamy → ঝাউ
- Mesogamy → লাউ, কুমড়া।

**08. ইমাস্কুলেশন প্রক্রিয়ায় ফুলের কোন অংশ কেটে ফেলা হয়?** [JU-D, Set-T, 2021-22]
A. বৃতি B. দল C. পুংকেশর D. গর্ভদণ্ড (C)

**09. নিচের কোনটি কাণ্ডের মাধ্যমে বিস্তার লাভ করে?** [RU-C, মডেল-৩: 23-24]
A. পাথরকুচি B. আদা C. কাকরোল D. পটল (B)



CS CamScanner

10. কোন পদ্ধতিতে নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি হয়? [MAT 2021-22]
A. Cytogenesis B. Apogamy
C. Oogenesis D. Sporogenesis

11. নিচের কোনটিতে কুঁড়ি সৃষ্টি (Budding) হয়? [MAT 2020-21]
A. Hornie B. *Hibiscus rosa-sinensis*
C. Rose D. Lemon

## PRIME TEST

01. ভ্রূণথলির মাঝখানে অবস্থিত বড় নিউক্লিয়াসটিকে কি বলা হয়?
Ⓐ ভ্রূণ Ⓑ ভ্রূণাণু Ⓒ ডিম্বাণু Ⓓ [illegible]

02. কোনটির সমন্বয়ে গঠিত হয় পুংগ্যামিটোফাইট?
Ⓐ পরাগরেণু Ⓑ পরাগনালিকা Ⓒ পুংগ্যামিট Ⓓ সবগুলো

03. অর্কিডের বীজ কিভাবে বিস্তার লাভ করে?
Ⓐ কীটপতঙ্গ দ্বারা Ⓑ পানি দ্বারা Ⓒ বায়ু দ্বারা Ⓓ মানুষের দ্বারা

04. অর্ধবায়বীয় কান্ডের মাধ্যমে বংশবিস্তার করে কোনটি?
Ⓐ থানকুনি Ⓑ তুলসী Ⓒ কালমেঘ Ⓓ মানকচু

05. অধিকাংশ উদ্ভিদে কোন প্রক্রিয়াটি সম্পন্ন হয়?
Ⓐ Mesogamy Ⓑ Porogamy Ⓒ Chalazogamy Ⓓ কোনটিই নয়

06. দ্বি নিষেক প্রক্রিয়ায় কোনটি ঘটে না?
Ⓐ প্রায় একই সময় একটি পুংগ্যামেট ডিম্বাণুর সাথে এবং অপর একটি পুংগ্যামেট গৌণ নিউক্লিয়াসের সাথে মিলিত হয়
Ⓑ কেবল আবৃতবীজী উদ্ভিদে হয়
Ⓒ দুটি পুংগ্যামেটের প্রয়োজন হয়
Ⓓ দ্বি-নিষেকের ফলে কেবল ভ্রূণের সৃষ্টি হয়

07. কোনটি নির্গমিত হয়ে পরিস্ফুটিত পরাগরেণুর পুষ্টি সাধন করে?
Ⓐ এক্সাইন Ⓑ ইন্টাইন Ⓒ পলিনিয়াম Ⓓ ট্যাপেটাম

08. নিষেকের পর ডিম্বাণু কিসে পরিণত হয়?
Ⓐ ভ্রূণ Ⓑ বীজ Ⓒ ফল Ⓓ শস্য

09. পার্থেনোকার্পি কোন উদ্ভিদে দেখা যায়?
Ⓐ ডুমুর Ⓑ কামরাঙ্গা Ⓒ ভুট্টা Ⓓ সরিষা

10. দ্বি-নিষেক কোনটিতে ঘটে?
Ⓐ আবৃতবীজী Ⓑ নগ্নবীজী Ⓒ ফার্ন Ⓓ মস

11. সিঙ্গাড়া বা পানি ফলে কোন ধরনের ডিম্বক দেখা যায়?
Ⓐ ঋজুমুখী Ⓑ অধোমুখী Ⓒ ঊর্ধ্বমুখী Ⓓ পার্শ্বমুখী

12. মূলের মাধ্যমে বংশবিস্তার করে কোনটি?
Ⓐ কাঁকরোল Ⓑ ডালিয়া Ⓒ পিঁয়াজ Ⓓ মিষ্টি কুমড়া

13. ইন্টাইন কোনটি দ্বারা নির্মিত?
Ⓐ স্পোরোপোলেনিন Ⓑ কিউটিন Ⓒ সেলুলোজ Ⓓ পেকটোসেলুলোজ

14. ফুল দিয়ে ঘেরা ডিম্বকের প্রধান টিস্যুকে বলা হয়-
Ⓐ ডিম্বকত্বক Ⓑ ভ্রূণপোষক টিস্যু Ⓒ আবরণী টিস্যু Ⓓ ডিম্বকমূল

15. পরাগনালিকা ডিম্বকমূল ভেদ করে ডিম্বকে প্রবেশ করলে তাকে বলে?
Ⓐ Porogamy Ⓑ Chalazogamy Ⓒ Mesogamy Ⓓ কোনটিই নয়

16. কোনটি উদ্ভিদে এরিল দেখা যায়?
Ⓐ আম Ⓑ লিচু Ⓒ জাম Ⓓ কুমড়া

17. শাখা দ্বারা কোন উদ্ভিদের অঙ্গজ জনন ঘটে?
Ⓐ আলু Ⓑ ডালিয়া Ⓒ বাঁশ Ⓓ পাথরকুচি

18. ফল ও ফুলের চরিত্র নির্ভর করে-
Ⓐ গঠনের উপরে Ⓑ নাইট্রোজেনের উপরে Ⓒ উদ্ভিদের উপরে Ⓓ কোনটিই নয়

19. পুংগ্যামিটোফাইট হচ্ছে-
Ⓐ পরাগনালির প্রথম কোষ Ⓑ পরাগধানীর প্রথম কোষ
Ⓒ পরাগরেণুর প্রথম কোষ Ⓓ কোনোটিই নয়

20. শাখা কলম পদ্ধতিতে অঙ্গজ জনন করে কোনটি?
Ⓐ গোলাপ Ⓑ রজনীগন্ধা Ⓒ শিউলী Ⓓ কামিনী

### Answer Analysis

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.D | 02.D | 03.A | 04.A | 05.B | 06.D | 07.D | 08.A | 09.B | 10.A |
| 11.C | 12.A | 13.C | 14.B | 15.B | 16.B | 17.D | 18.B | 19.C | 20.A |

অধ্যায় ১১

# জীব প্রযুক্তি

জীববিজ্ঞান ২য় পত্র

| অনুচ্ছেদসমূহ | RATINGS *** | ** | * |
|---|---|---|---|
| টোটিপোটেন্সি ও জীব প্রযুক্তি | জীবপ্রযুক্তির পরিধি | - | - |
| টিস্যুকালচার | টিস্যুকালচারের প্রকারভেদ | টিস্যুকালচারের ধাপ | - |
| রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি বা জেনেটিক ইঞ্জিনিয়ারিং | প্লাসমিড | জেনেটিক ইঞ্জিনিয়ারিং | জিন ক্লোনিং |
| ইনসুলিন ও ইন্টারফেরন | তৈরি | কাজ | - |
| জিনোম | তৈরি | - | জিনোম সিকুয়েন্সিং |

## TOPIC-01 জীব প্রযুক্তি

➤ জীব প্রযুক্তির পরিধি
- সবুজ বায়োটেকনোলজি (কৃষি ও পশুপালনে প্রয়োগ)
- লাল বায়োটেকনোলজি (চিকিৎসায় প্রয়োগ- ঔষধ, টিকা)
- সাদা বায়োটেকনোলজি (শিল্পক্ষেত্রে প্রয়োগ- ...)
- ধূসর বা নীল বা প্রাকৃতিক বায়োটেকনোলজি (পরিবেশে প্রয়োগ- ... তৈরী)।

➤ টিস্যু কালচারের প্রকারভেদ
- ক্যালাস কালচার- চারা উৎপাদন
- মাইক্রোপ্রোপাগেশন- চারা উৎপাদন
- দৈহিক কোষ থেকে ভ্রূণ উৎপাদন (Somatic embryogenesis)
- পরাগধানী কালচার*- হ্যাপ্লয়েড উদ্ভিদ উৎপাদন
- প্রোটোপ্লাস্ট কালচার*- প্রসংকর চারা উৎপাদন
- ভাজক কলার এর মাধ্যমে চারা উৎপাদন
- প্রোটোপ্লাস্ট কালচার

➤ টিস্যুকালচারের ধাপসমূহ
i. মাতৃউদ্ভিদ বা এক্সপ্লান্ট নির্বাচন
ii. কালচার মিডিয়াম বা আবাদ মাধ্যম তৈরি
   - মিডিয়ামের pH (৫.৫-৫.৮) এর মধ্যে রাখা হয়।
iii. জীবাণুমুক্তকরণ বা নির্বীজকরণ
   - অটোক্লেভ যন্ত্রে নির্দিষ্ট তাপ (১২১°সে.), চাপ (১৫ পাউন্ড) ও সময় (২০ মিনিট) রাখা হয়।
iv. কাচের পাত্রে এক্সপ্লান্ট থেকে অণুচারা (Plantlet) তৈরি- In-vitro culture
v. মিডিয়ামে এক্সপ্লান্ট বা টিস্যু স্থাপন
vi. ক্যালাস সৃষ্টি ও সংখ্যাবৃদ্ধি
   - মিডিয়ামে এক্সপ্লান্ট তথা টিস্যু স্থাপনের পর পাত্রটিকে একটি নিয়ন্ত্রিত আলো (৩,০০০-৫,০০০/২,০০০-৩,০০০ লাক্স), তাপমাত্রা (২৫°-২৮°C) ও আপেক্ষিক আর্দ্রতা (৬০-৭০%) নিয়ন্ত্রিত কক্ষে রাখা হয়।
vii. মূল উৎপাদক মাধ্যমে স্থানান্তর ও চারা উৎপাদন
viii. চারা টবে স্থানান্তর
ix. প্রাকৃতিক পরিবেশে তথা মাঠ পর্যায়ে স্থানান্তর।

## TOPIC-02 জেনেটিক ইঞ্জিনিয়ারিং

কোনো জীবকোষ থেকে কোনো সুনির্দিষ্ট জিন নিয়ে অন্য কোনো জীবকোষে স্থাপন ও কর্মক্ষম করা বা নতুন বৈশিষ্ট্য সৃষ্টির জন্য কোনো জীবের DNA তে পরিবর্তন ঘটানোকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং বা জিন প্রকৌশল বলা হয়।

- এ ধরনের জীবকে GEO (Genetically Engineered organism)/ GMO (Genetically modified organism)/LMO (Living modified organism) বা TO (Transgenic Organism) বলে।

➤ ধাপসমূহ:
- DNA নির্বাচন ও বাহক নির্বাচন (প্লাজমিড DNA)
- নির্বাচিত ও বাহক DNA অণুর নির্দিষ্ট স্থানে রেস্ট্রিকশন এনজাইম দ্বারা কর্তন
- কর্তনকৃত DNA লাইগেজ এনজাইম দ্বারা জোড়া লাগানো
- অনুলিপনের জন্য পোষক (*E. coli*) নির্বাচন
- রিকম্বিনেন্ট DNA কে *Agrobacterium* এ স্থানান্তর
- *Agrobacterium* দ্বারা উদ্ভিদ কোষে স্থানান্তর

## TOPIC-03 প্লাজমিড

- ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার DNA অণুকে প্লাসমিড বলা হয়।
- Laderberg (1952) *E.coli* ব্যাকটেরিয়া কোষে সর্বপ্রথম প্লাসমিডের সন্ধান পান।

➤ প্লাসমিড এর সাধারণ বৈশিষ্ট্য:
- **প্লাসমিড বৃত্তাকার দ্বি-সূত্রক DNA অণু।**
- **আণবিক ভর প্রায় $10^6$ - $200 \times 10^6$ dalton.**
- অল্পসংখ্যক জিন ধারন করে থাকে।
- রেস্ট্রিকশন এনজাইম দ্বারা আদর্শ প্লাসমিডের নির্দিষ্ট স্থানগুলো কেটে ফেলা যায়।
- কোনো কোনো প্লাসমিডের জিন বিশেষ ধরনের রাসায়নিক বস্তু সংশ্লেষণ করতে পারে, যেমন: Colicin, Vibriocin ইত্যাদি।
- অর্ধ সংরক্ষণশীল প্রক্রিয়ায় প্রতিলিপন ক্ষমতা সম্পন্ন।

➤ প্লাসমিড এর প্রকারভেদ:
- F এবং F' প্লাসমিড: ব্যাকটেরিয়ার দেহে পিলি তৈরী করে।
- R প্লাসমিড: $R_1$ প্লাসমিড ৬টি গুরুত্বপূর্ণ অ্যান্টিবায়োটিক প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন।
- কোল প্লাসমিড: কোলিসিন এক ধরনের প্রোটিন যা সংবেদনশীল *E.coli* কোষকে ধ্বংস করতে পারে। ভিব্রিওসিন সংবেদনশীল *Vibrio cholerae* কোষকে ধ্বংস করে দেয়।
- **Virulence plasmid:** ব্যাক্টেরিয়ামকে প্যাথোজেনে পরিণত করে। **Ti Plasmid (*Agrobacterum tumefaciens*)** উপস্থিতির কারণে দ্বিবীজপত্রী উদ্ভিদে ক্রাউন গল রোগ সৃষ্টি হয়।
- **Degradative plasmid:** অস্বাভাবিক বস্তুকে হজমে সহায়তা করে (টলুইন ও স্যালিসাইলিক এসিড)।

## TOPIC-04 জীবপ্রযুক্তির গুরুত্ব

- সূর্যমুখীর সালফার অ্যামিনো অ্যাসিড সৃষ্টিকারী জিন ব্যাকটেরিয়াম প্লাজমিড DNA এর মাধ্যমে ক্লোভার ঘাসে স্থানান্তর করা হয়েছে।
- বায়বীয় নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া হতে 'নিফজিন' *E. coli* ব্যাকটেরিয়াতে স্থানান্তর করা হয়েছে।
- লবণাক্ততা সহিষ্ণু জিন PDH 45।
- সূর্যমুখীর সালফার তৈরিকারী জিন সমৃদ্ধ ক্লোভার ঘাস হলো একটি ট্রান্সজেনিক উদ্ভিদ।
- Bt বেগুন: *Bacillus thuringiensis* নামক একটি সয়েল ব্যাকটেরিয়ার কোষ থেকে ক্রিস্টাল প্রোটিন জিন (Cryl Ac) বেগুনের জিনোমে অন্তঃভূক্ত করে উৎপন্ন বেগুনের নাম Bt বেগুন।
- *Bacillus subtilis* থেকে csp B জিন ভুট্টা উদ্ভিদে প্রবেশ করিয়ে ভুট্টাকে খরা প্রতিরোধী করা সম্ভব হয়েছে।
- *Arabidopsis* থেকে At NHXI জিন প্রবেশ করিয়ে 'পীনাট' উদ্ভিদকে লবণাক্ততা সহিষ্ণু করা সম্ভব হয়েছে।

➤ চিকিৎসা ক্ষেত্রে ইনস্যুলিন:
- ইনসুলিন উৎপাদনকারী জিন ১৫৩টি বেস নিয়ে গঠিত এবং ১১ ক্রোমোসোমে থাকে।
- ইনস্যুলিন ৫১টি অ্যামাইনো এসিড নিয়ে গঠিত ক্ষুদ্রাকার সরল প্রোটিন
- আমেরিকার Eli Lilly & Company, যা ১৯৮২ সালে প্রথম বাজারজাত ক হয় হিউমুলিন নামে। ফার্মেন্টেশন ট্যাংক থেকে ইনস্যুলিন উৎপাদনকারী E নিয়ে ইনস্যুলিন সংগ্রহ করা হয় এবং তা উপযুক্ত এম্পলে বাজারজাত করা হ

➤ চিকিৎসা ক্ষেত্রে ইন্টারফেরন:
- ইন্টারফেরন হলো প্রতিরক্ষামূলক প্রোটিন।
- ইন্টারফেরনের আণবিক ওজন ২০০০০-৩০০০০ ডালটন।
- অনাক্রম্যতন্ত্রকে নিয়ন্ত্রণ করতে।
- NK কোষ এর ক্ষমতা ও বংশবৃদ্ধির মাধ্যমে ক্যান্সার কোষের সংখ্যা বৃদ্ধিতে বাধা দিয়ে

## TOPIC-05 জিনোম সিকোয়েন্স ও জিন ক্লোনিং

- মানবদেহে এক জোড়া বা দুইটি জিনোম আছে।
- একটি জীবের জিনোমকে ঐ জীবের মাস্টার ব্লুপ্রিন্ট বলা হয়।
- পাটের বেস পেয়ার ১২০ কোটি।
- বাংলাদেশি বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ও তার সহযোগীরা তোষা পাটের (*Corchorus olitorius*) জিনোম সিকোয়েন্সিং তথা পাটের জীবনরহস্য উন্মোচন করেছেন।

➤ কয়েকটি জীবের জিনোম সিকোয়েন্সিং তথ্য:

| জীবের নাম | ক্রোমোসোম সংখ্যা | জিনসংখ্যা | ক্ষারজোড় |
|---|---|---|---|
| *E. coli* | ১ | ৩২০০ | ৪.৬ মিলিয়ন |
| *Haemophilus influenzae* | ১ | ১৭০০ | ১.৮ মিলিয়ন |
| ইস্ট | ১৬ | ৬০০০ | ১২.১ মিলিয়ন |
| *Arabidopsis thaliana* (পুষ্পক উদ্ভিদ) | ১০ | ২৫০০০ | ১০০ মিলিয়ন |
| মানুষ | ৪৬ | ২৫০০০ (+বহু অপ্রকাশিত) | ৩.২ বিলিয়ন |

➤ জিন ক্লোনিং:
কোনো কাঙ্ক্ষিত জিনকে হুবহু কপি করা বা সংখ্যা বৃদ্ধি করাকে বলা হয় জিন ক্লোনিং।
i. বিনা ক্রাইটেরিয়ায় (random) তৈরি ক্রোমোসোমের খণ্ড যা ভেক্টর-এ অন্তর্ভুক্ত করা। এগুলো জিন-লাইব্রেরিতে রক্ষিত আছে
ii. সুনির্দিষ্ট mRNA থেকে রিভার্স ট্রান্সক্রিপশনে করা কমপ্লিমেন্টারি DNA
iii. গবেষণাগারে জৈবিক কেমিস্টগণ কর্তৃক বিশেষ প্রক্রিয়ায় তৈরিকৃত DNA খণ্ড

বিভিন্ন প্রকার ক্লোনিং: বিভিন্ন প্রকার ক্লোনিং পদ্ধতি আছে।
- DNA ক্লোনিং: রিকম্বিনেন্ট DNA তৈরির মাধ্যমে DNA ক্লোনিং করা হয়। এটি জিন ক্লোনিং নামেও পরিচিত।
- রিপ্রোডাকটিভ ক্লোনিং: জনন পদ্ধতিতে দাতা কোষের DNA এর মাধ্যমে তার হুবহু প্রতিচ্ছবি সম্পন্ন নতুন প্রজন্ম সৃষ্টি করার কৌশল হলো রিপ্রোডাকটিভ ক্লোনিং। ডলি নামক ভেড়া(১৯৯৬) সৃষ্টি এই পদ্ধতিতে করা হয়েছে।

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'Biotechnology' শব্দটি সর্বপ্রথম প্রবর্তন করেন- Karl Ereky
- টিস্যু কালচারের জনক- G. Haberlandt।
- কোনটি প্রাচীন জৈব প্রযুক্তি- টিস্যু কালচার।
- টিস্যু কালচারের জন্য ব্যবহৃত উদ্ভিদাংশ হলো- এক্সপ্লান্ট।
- টিস্যু কালচারের জন্য মৌলিক পুষ্টি- আবাদ মাধ্যম।
- টিস্যু কালচারে ব্যবহৃত উদ্ভিদের বিভাজনক্ষম অঙ্গ- শীর্ষমুকুল।
- শীর্ষমুকুল, পরাগরেণু ব্যবহৃত হয়- টিস্যু কালচারে।
- টটিপোটেন্সি নামকরণ করেন- Morgan।
- হ্যাপ্লয়েড চারা উৎপাদন করা যায়- পরাগরেণু কালচার করে।



CamScanner

- পরাগধানী আবাদের মাধ্যমে তৈরিকৃত উদ্ভিদ- হ্যাপ্লয়েড।
- সর্বপ্রথম শব্দটি কোন প্রক্রিয়ার সাথে জড়িত- টিস্যু কালচার।
- রোগমুক্ত উদ্ভিদ পাওয়া যায়- ভ্রূণ বা মেরিস্টেম কালচার করে।
- টিস্যু কালচার পদ্ধতিতে উৎপন্ন ভ্রূণকে বলা হয়- সোমাটিক এমব্রায়ো।
- রিকম্বিনেন্ট ডিএনএ টেকনোলজি প্রয়োগে সৃষ্ট জীবকে বলা হয়- ট্রান্সজেনিক জীব।
- জিন বা প্লাজমিডের নির্দিষ্ট অংশ কর্তনে ব্যবহৃত এনজাইম বা জৈবিক ছুরি বা বায়োলজিক্যাল নাইফ বা আণবিক কাঁচি- রেস্ট্রিকশন এনজাইম।
- জিন বা DNA খণ্ডকে জোড়া লাগানোর জন্য ব্যবহৃত এনজাইম-লাইগেজ।
- রিকম্বিনেন্ট DNA তৈরি করার জন্য প্রয়োজনীয় এনজাইম হলো- DNA Ligase ও Restriction endonuclease।
- প্লাজমিড পাওয়া যায়-ব্যাকটেরিয়ার (*E.coli*) সাইটোপ্লাজমে।
- সর্বপ্রথম *E.coli* ব্যাকটেরিয়া কোষে প্লাজমিড আবিষ্কার করেন- Laderberg।
- বর্তমানে কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা হয়- DNA প্রোব।
- টিকা তৈরি করা যায় কোন প্রযুক্তির মাধ্যমে- জীবপ্রযুক্তি।
- SIT (Sterial Insect Technique) প্রযুক্তি ব্যবহৃত হয় কোন শিল্পে- কৃষি শিল্পে।
- সুপার রাইসে কোন ভিটামিন থাকে- ভিটামিন A।
- ইনসুলিন তৈরিতে ভাইরাসের সংক্রমণ, জলাতঙ্ক ও ক্যান্সার প্রতিরোধ করে- ইন্টারফেরন।
- ক্যান্সার রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়- Interferon।
- ইন্টারফেরন ও ইনসুলিন কোন ধরনের পদার্থ- প্রোটিন।
- পানিতে তেল শোধনে ব্যবহৃত হয়- *Pseudomonas aeruginosa*।
- Bt- বেগুন উৎপন্ন করার জন্য ব্যবহার করা হয়- *Bacillus thuringiensis*।
- ট্রান্সজেনিক প্রাণী থেকে প্রথম উৎপাদিত হয়- Human-α antitrypsin।
- 'মাস্টার ব্লু-প্রিন্ট বলা হয়- জিনোমকে।

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আসা গুরুত্বপূর্ণ প্রশ্নের বিশ্লেষণ

**01. প্লাসমিড কে আবিষ্কার করেন?** [DU. 14-15; JU. 17-18;RU:SG-2,18-19; CU-A, Shift-1. 20-21]

A. Altman　　B. Perter
C. Kollirer　　D. Laderberg

**S Ⓓ Why** ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার DNA কে প্লাসমিড বলে। সর্বপ্রথম প্লাসমিড আবিষ্কার করেন বিজ্ঞানী ল্যাডেরবার্গ।

**02. কোন বিজ্ঞানী প্রথম প্লাসমিডের সন্ধান পান?** [JU-D, Set-H. 2022-23]

A. Walter Reed　　B. Gallow
C. Laderberg　　D. Bawden

**S Ⓒ Why** প্লাসমিড: ব্যাক্টেরিয়ার সাইটোপ্লাজমে মূল ক্রোমোসোম ছাড়াও যে বৃত্তাকার দ্বিসূত্রক DNA অণু থাকে তাকে প্লাসমিড বলে। Laderberg (1952) *E. coli* ব্যাকটেরিয়া কোষে সর্বপ্রথম প্লাসমিডের সন্ধান পান। প্লাসমিডের DNA অণু স্বাধীনভাবে অনুলিপন (Replicate) করতে পারে।

**03. বায়োটেকনলজি শব্দটি প্রথম কে ব্যবহার করেন?** [KU.18-19; RU. 08-09]

A. Karl Ereky　　B. Donald Parkinz
C. Robert Steave　　D. James Forklin　　Ⓐ

**04. টিস্যু কালচার প্রক্রিয়ায় উৎপাদিত চারাকে কী বলে?** [JU-D, Set-H. 23-24]

A. এক্সপ্লান্ট　　B. ক্যালাস
C. মুকুল　　D. প্ল্যান্টলেট

**S Ⓓ Why** টিস্যু কালচারের উদ্দেশ্যে মাতৃউদ্ভিদ হতে পৃথকীকরণ অংশকে এক্সপ্লান্ট বলা হয় এবং টিস্যু কালচার পদ্ধতির মাধ্যমে উৎপাদিত নতুন চারাকে অণুচারা (Plantlet) বলা হয়।

**05. টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন হ্যাপ্লয়েড উদ্ভিদ কোনটি?** [JU-D, Set-R. 2022-23]

A. Adhl　　B. স্বর্ণধান
C. পোমাটো　　D. জিনথুয়া-1 গম

**S Ⓓ Why** টিস্যুকালচারের মাধ্যমে হ্যাপ্লয়েড উদ্ভিদ উৎপাদন: পরাগরেণু এবং পরাগধানী কালচার-এর মাধ্যমে অ্যান্ড্রোজেনিক হ্যাপ্লয়েড উদ্ভিদ উৎপাদন করা সম্ভব। যেমন: চীন দেশের গুয়ান-18 (অ্যান্ড্রোজেনিক হ্যাপ্লয়েড ধান) ও জিনথুয়া-1 (অ্যান্ড্রোজেনিক হ্যাপ্লয়েড গম)। হ্যাপ্লয়েড উদ্ভিদসমূহ উদ্ভিদ প্রজননের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। Poaceae, Solanaceae ও Brassicaceae গোত্রের হ্যাপ্লয়েড লাইন প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে।

**06. জীব প্রযুক্তির (Biotechnology) কোন পদ্ধতিতে রোগমুক্ত উদ্ভিদ চারা উৎপাদিত হয়।** [DU. 16-17, 09-10; RU. 16-17; CU. 19-20; JnU. 13-14]

A. ভ্রূণ কালচার　　B. পরাগধানী কালচার
C. মেরিস্টেম কালচার　　D. কাললাস কালচার　　Ⓒ

**07. কালচার মিডিয়ামকে ঘন করতে জমাট বাঁধার উপাদান হিসেবে ব্যবহার করা হয়-** [RU-C, Corundum-1: 22-23]

A. ভিটামিন　　B. সুক্রোজ
C. আগার　　D. ফাইটোহরমোন

**S Ⓒ Why** টিস্যু কালচারের মিডিয়াম বা আবাদ মাধ্যম তৈরি:
- বিভিন্ন ধরনের মুখ্য ও গৌণ উপাদান, ভিটামিন, সুক্রোজ (২-৪%) ফাইটোহরমোন প্রভৃতি এ মিডিয়ামে থাকা প্রয়োজন। এ মাধ্যমকে ঘন করতে জমাট বাঁধার উপাদান, যেমন: আগার, সঠিক মাত্রায় মেশাতে হয়।
- এর মধ্যে MS মিডিয়াম (Murashinge and Skoog) ও $B_5$ মিডিয়াম (Gamborg) সর্বাধিক ব্যবহৃত হয়।
- মিডিয়ামের pH 5.5-5.8 রাখা হয়।

**08. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির অণুজীব হলো-** [RU. 11-12]

A. *E. coli*　　B. *Agrobacterium tumefaciens*
C. উভয়ই　　D. কোনটিই নয়　　Ⓒ

**09. মানুষের ডায়াবেটিস রোগ নিয়ন্ত্রণে রাখার ইনসুলিন তৈরিতে কোনটি ব্যবহৃত হয়/ কোনটিতে ইনসুলিন তৈরির জিন সংযোজন করা হয়েছে?** [DU. 17-18; KU. 15-16]

A. *Nostoc*　　B. *Spirulina*
C. *E. coli*　　D. *Bacillus*　　Ⓒ

**10. কোনটি তেল জাতীয় বর্জ্য অপসারণে ব্যবহৃত হয়?** [JU-D, Set-Q. 23-24]

A. *Pseudomonas aeruginosa*　　B. *Clostridium acetobutylicum*
C. *Bacillus megaterium*　　D. *Rhizobium lentis*

**S Ⓐ Why** *Pseudomonas, Nocardia, Mycobacteria,* বিশেষ ধরনের ঈস্ট ও মোল্ড জাতীয় ছত্রাক হাইড্রোকার্বন অক্সিডাইজিং অণুজীব হিসেবে কাজ করে থাকে। যা দ্বারা সমুদ্রের তেল নিৰ্মলন করা হয়।

**11. কোন জিনটি উদ্ভিদে কীটপতঙ্গরোধী বৈশিষ্ট্য প্রদানের জন্য ব্যবহৃত হয়?** [JU-D, Set-H. 23-24]

A. *csp* B　　B. *At* NHXI　　C. *nif*　　D. *Bt*

**S Ⓓ Why** ক্ষতিকারক কীট-পতঙ্গ রোধী উদ্ভিদ সৃষ্টি: *Bacillus thuringiensis* (Bt) নামক মৃত্তিকাবাসী বড় ব্যাকটেরিয়ার মাধ্যমে উদ্ভিদ তৈরি করা হয়েছে যা কীট-পতঙ্গনাশক। জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এর মাধ্যমে *Bacillus thuringiensis*-এর একটি জিন ভুট্টা উদ্ভিদে অনুপ্রবেশ ঘটিয়ে ক্ষতিকারক কর্নবোরার প্রতিরোধী ভুট্টার জাত উদ্ভাবন করা সম্ভব হয়েছে।

**12. কোন উদ্ভিদে সূর্যমুখীর সালফার অ্যামিনো এসিডের জিন স্থানান্তর হয়েছে?** [JU-D, Set-Q. 23-24]

A. সয়াবিন　　B. ক্লোভার ঘাস　　C. তুলা　　D. ভুট্টা

**S Ⓑ Why** উদ্ভিদের গুণগত মান উন্নয়নে জীবপ্রযুক্তির ভূমিকা: রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির মাধ্যমে সূর্যমুখীর সালফার অ্যামিনো অ্যাসিড সৃষ্টিকারী জিন *Agrobacterium tumefaciens* ব্যাকটেরিয়ার প্লাসমিড DNA-এর মাধ্যমে ক্লোভার ঘাসে স্থানান্তর করা হয়েছে। ফলে খাদ্য হিসেবে কেবল ঐ ঘাস খেলেই ভেড়ার লোম উন্নতমানের হচ্ছে।

## PRIME TEST

**01. 'বায়োটেকনোলজি' শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন হাঙ্গেরীয় কৃষি প্রকৌশলী-**

Ⓐ Gottileb Haberlandt　　Ⓑ Karl Ereky
Ⓒ I. Potrykus　　Ⓓ Novo Nordisk

**02. কালচার মিডিয়াম ঘন করতে জমাট বাঁধার উপাদান কোনটি?**

Ⓐ সুক্রোজ　　Ⓑ অ্যাগার
Ⓒ ফাইটোহরমোন　　Ⓓ সবগুলো



CamScanner

03. ড্যাফোডিল থেকে বিটা ক্যারোটিন তৈরির কয়টি জিন গোল্ডেন রাইসে প্রতিস্থাপিত হয়েছে?
Ⓐ ১টি Ⓑ ২টি Ⓒ ৩টি Ⓓ ৪টি

04. ট্রান্সজেনিক উদ্ভিদ কি?
Ⓐ নতুন প্রকার উদ্ভিদ Ⓑ রিকম্বিনেন্ট DNA যুক্ত উদ্ভিদ
Ⓒ উভয়ই Ⓓ কোনটিই নয়

05. সর্বপ্রথম কোন ব্যাকটেরিয়ার কোষে প্লাসমিড আবিষ্কৃত হয়?
Ⓐ *E. coli* Ⓑ *A. tumefaciens*
Ⓒ *V. cholerae* Ⓓ *C. perfringes*

06. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে বহুল ব্যবহৃত ব্যাকটেরিয়া কোনটি?
Ⓐ *Plasmodium* Ⓑ *Agrobacterium tumefaciens*
Ⓒ উভয়ই Ⓓ কোনটিই নয়

07. ১৯৮২ সালে প্রথম বাজারজাত করা মানব ইনসুলিন কী নামে পরিচিত ছিল?
Ⓐ প্রো-ইনসুলিন Ⓑ জেনেসুলিন Ⓒ লেপটোলিন Ⓓ হিউমুলিন

08. ইনসুলিন কত ধরনের অ্যামিনো এসিড সমন্বয়ে গঠিত?
Ⓐ 51 Ⓑ 16 Ⓒ 17 Ⓓ 18

09. ক্যালাস সৃষ্টির জন্য প্রয়োজনীয় তাপমাত্রা-
Ⓐ ১০° – ১৫° সে. Ⓑ ১৭° – ২০° সে.
Ⓒ ২৩° – ২৭° সে. Ⓓ ৩০° – ৩৫° সে.

10. জিন এর ক্লোনিং ঘটে-
Ⓐ কোষের মাধ্যমে Ⓑ রিপ্রোডাকটিভ ক্লোনিং দ্বারা
Ⓒ PCR প্রযুক্তির মাধ্যমে Ⓓ সবগুলো

11. কোন পদ্ধতিতে রিকম্বিনেন্ট DNA কাঙ্ক্ষিত জিন বহন করছে কিনা তা শনাক্ত করা হয়?
Ⓐ PCR পদ্ধতিতে Ⓑ Restrictiondigestion-এর মাধ্যমে
Ⓒ জেনেটিক প্রোব দ্বারা Ⓓ সবগুলো

12. নিচের কোন তথ্যটি ইন্টারফেরনের জন্য সঠিক?
Ⓐ ক্যান্সার কোষকে ধ্বংস করে
Ⓑ Natural killer cells এর ক্ষমতা কমিয়ে দেয়
Ⓒ B ও T লিম্ফোসাইটের সংখ্যা বৃদ্ধি করে
Ⓓ অ্যান্টিবডি উৎপন্ন করে

13. কোন পদ্ধতিতে মাতা কোষের DNA এর মাধ্যমে তার হুবহু প্রতিচ্ছবি সম্পন্ন নতুন প্রজন্ম সৃষ্টি করার কৌশলকে কী বলে?
Ⓐ DNA ক্লোনিং Ⓑ জিন ক্লোনিং
Ⓒ রিপ্রোডাকটিভ ক্লোনিং Ⓓ সবগুলো

14. GMMs কি?
Ⓐ রাসায়নিকভাবে রূপান্তরিত বস্তু Ⓑ গবেষণাগারে সৃষ্ট অণুজীব
Ⓒ বংশগতীয়ভাবে রূপান্তরিত অণুজীব Ⓓ কোনটিই নয়

15. জিন প্রকৌশলে DNA এর খণ্ডিত অংশ কোন এনজাইম জোড়া লাগায়?
Ⓐ অ্যামাইলেজ Ⓑ এন্ডোনিউক্লিয়েজ Ⓒ লাইগেজ Ⓓ লাইপেজ

16. গোল্ডেন রাইসে কোন ভিটামিন থাকে?
Ⓐ এ Ⓑ বি Ⓒ সি Ⓓ ডি

17. মানুষের দেহকোষে ক্রোমোসোমের সংখ্যা-
Ⓐ ১ জোড়া Ⓑ ২২ জোড়া Ⓒ ২৩ জোড়া Ⓓ ৪৬ জোড়া

18. কোন বাংলাদেশী বিজ্ঞানী তোষা পাটের জীবন রহস্য তথা জিনোম সিকোয়েন্সিং উন্মোচন করেছেন?
Ⓐ ড. ইনাম আলী Ⓑ ড. আবুল হাসান Ⓒ ড. মাহবুব আলম Ⓓ ড. মাকসুদ আলম

19. কোন টিস্যুতে রোগজীবাণু থাকে না?
Ⓐ জাইলেম Ⓑ মেরিস্টেম Ⓒ ফ্লোয়েম Ⓓ পেরিস্টেম

20. বামনত্বের চিকিৎসায় রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে উৎপাদিত কোন হরমোনটি বাণিজ্যিকভাবে ব্যবহৃত হচ্ছে?
Ⓐ থাইরক্সিন Ⓑ সোমাটোট্রফিন Ⓒ ইনসুলিন Ⓓ গ্লুকাগন

**☺ Answer Analysis ☺**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.D | 04.C | 05.A | 06.B | 07.D | 08.A | 09.B | 10.D |
| 11.D | 12.A | 13.C | 14.C | 15.C | 16.A | 17.C | 18.D | 19.B | 20.B |

# অধ্যায় ১২ জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ

জীববিজ্ঞান ১ম পত্র

| সাজেশনস | RATINGS ★★★ | ★★ | ★ |
|---|---|---|---|
| বাস্তুসংস্থান | খাদকের শ্রেণিবিভাগ | পিরামিড | – |
| অভিযোজন | লোনা মাটির উদ্ভিদের বৈশিষ্ট্য, উদ্ভিদ অভিযোজনের উদাহরণ | জলজ উদ্ভিদ | মরুজ উদ্ভিদ |
| প্রাণিভৌগলিক অঞ্চল ও বাংলাদেশের বনাঞ্চল | এন্ডেমিক ফনা, বিলুপ্ত প্রাণী ও উদ্ভিদ | প্রাণিভৌগোলিক অঞ্চল, জীববৈচিত্র্য সংরক্ষণ | বনাঞ্চল |

## TOPIC-01 ইকোলজিক্যাল পিরামিড

**01. Ecological পিরামিড:**
- সংখ্যার পিরামিড: প্রতি খাদ্যস্তরের জীবের সংখ্যা দেখায়।
- বায়োমাস/জীবভরের পিরামিড: প্রতিটি খাদ্যস্তরে মোট বায়োমাসের পরিমাণ দেখায়।
- শক্তির পিরামিড: প্রতিটি খাদ্যস্তরের বায়োমাসে শক্তির পরিমাণ নির্দেশ করে।
- উৎপাদক থেকে বিভিন্ন জীবস্তরের মধ্য দিয়ে খাদ্যশক্তির প্রবাহকে খাদ্য শৃঙ্খল বা ফুড চেইন বলে।
- ফুড চেইনের বিভিন্ন খাদ্যস্তরকে ট্রফিক লেভেল (Trophic level) বলে।

**02. শক্তিপ্রবাহ:**
- পর্যায়- শক্তি অর্জন, শক্তির ব্যবহার, শক্তির স্থানান্তর
- বৈশিষ্ট্য:
  - i. শক্তির প্রবাহ একমুখী।
  - ii. শক্তির মূল উৎস সৌরশক্তি।
  - iii. সৌরশক্তি প্রথমে উৎপাদকের দেহে আহরিত হয় এবং পরে তা বিভিন্ন খাদকে স্থানান্তরিত হয়।
  - iv. খাদ্য শৃঙ্খলের শুরু থেকে যত শেষের দিকে যাওয়া যায় ততই শক্তির ক্রমহ্রাস ঘটে।
  - v. শক্তি প্রবাহে থার্মোডিনামিক্স এর ১ম ও ২য় সূত্র সম্পূর্ণভাবে প্রযোজ্য।
- প্রবাহিত হওয়ার ধরণ: উৎপাদক, তৃণভোজী খাদক, মাংসাশী খাদক।

## TOPIC-02 জীবের অভিযোজন

**01. মরুজ উদ্ভিদ (জেরোফাইট):**
- চারপ্রকার- খরা এড়ানো, কৌশলে খরা এড়ানো, খরা সহ্যকারী, খরা প্রতিরোধী।
- এদের মূল খুব গভীরে যায় অথবা মাটির কাছাকাছি অধিক জায়গা নিয়ে বিস্তৃত থাকে।
- মরুজ উদ্ভিদের প্রস্বেদন চাপ অধিক থাকে, ফলে নেতিয়ে না পড়ার সহ্য শক্তি বেড়ে যায়। পাতা ও কাণ্ডের বহিঃত্বকে কিউটিকল থাকে।
- কাণ্ডের মেকানিক্যাল টিস্যু ও পরিবহণ টিস্যু সুগঠিত, মোটা প্রাচীরবিশিষ্ট ও ঘন সন্নিবেশিত। এটি পানির অপচয় রোধ, পানি ধরে রাখা এবং গাছকে খরাসহিষ্ণু করার কৌশল।

উদাহরণ: ফণিমনসা (*Opuntia dillenii*), শতাব্দী উদ্ভিদ (*Agave americana*), খেজুর (*Phoenix sylvestris, P. dactylifera, P. acaulis*), করবী (*Nerium indicum*), ঘৃতকুমারী (*Aloe vera*), শতমূলী (*Asparagus racemosus*), আকন্দ (*Calotropis procera*), দুধ লতা (*Euphorbia tenucalli*), পাথরকুচি (*Bryophyllum*)।

**02. জলজ উদ্ভিদ (হাইড্রোফাইট):**
- নিমজ্জিত জলজ উদ্ভিদের কাণ্ড নরম, দুর্বল, সরু ও লম্বা মধ্যপর্ব বিশিষ্ট হয়। মাটিতে নোঙরাবদ্ধ ভাসমান উদ্ভিদের কাণ্ড সাধারণত রাইজোম জাতীয় হয়।
- জলজ উদ্ভিদের মূল সুগঠিত হয় না, অনেক ক্ষেত্রে মূল থাকে না বললেই চলে।



CamScanner

- কাণ্ড ও পাতার বহিঃত্বক কিউটিনযুক্ত থাকে না, বা কম থাকে। পত্ররন্ধ্রের প্রহরী কোষ নাও থাকতে পারে। এদের মূল ও কান্ডে বড় বড় বায়ুকুঠরী থাকে।
- মেকানিক্যাল টিস্যু খুবই কম থাকে, তাই অঙ্গ-প্রত্যঙ্গ খুব শক্ত হয় না, অধিকাংশ জলজ উদ্ভিদে অঙ্গজ উপায়ে বংশবৃদ্ধি ঘটে।
- অভিযোজনের ভিত্তিতে জলজ উদ্ভিদের শ্রেণীবিভাগ:

| | |
|---|---|
| মুক্ত-ভাসমান জলজ | কচুরিপানা (*Eichhornia crassipes*), টোপাপানা (*Pistia stratiotes*), গুড়িপানা (*Wolffia*), স্পাইরোডেলা (*Spirodella*) |
| মূলাবদ্ধ পত্র-ভাসমান জলজ | শাপলা (*Nymphaea nouchali*), পদ্ম (*Nelumbo nucifera*), সিংগারা (*Trapa*), মাখনা (*Euryale*), পানিকলা (*Ottelia*) |
| মূলাবদ্ধ-নিমজ্জিত জলজ | হাইড্রিলা (*Hydrilla verticillata*), পাতা শেওলা (*Vallisneria*), পাতা ঝাঁঝি (*Potamogeton*) |
| মুক্ত-নিমজ্জিত জলজ | ঝাঁঝি (*Ceratophylum*), ন্যাজাস (*Najas indica*) |
| উভচর উদ্ভিদ | পানি মরিচ, হেলেঞ্চা, কলমিলতা (*Ipomoea aquatica*), কেশরদাম (*Ludwigia repens*), ধান (*Oryza sativa*), শুশনি শাক (*Marsilea minuta aquatica*) |

03. লোনা মাটির উদ্ভিদ (হ্যালোফাইট):
- মূল গুচ্ছমূল বা ঠেসমূল থাকে যা মাটির সামান্য নিচে বিস্তৃত থাকে।
- অনেক উদ্ভিদে শ্বাসমূল বা নিউমেটাফোর থাকে। মাটির নিচের মূল থেকে শ্বাসমূল মাটির উপরে উঠে আছে। এদের গায়ে শ্বাসছিদ্র থাকে।
- লোনা মাটির উদ্ভিদে প্রস্বেদন কম হয়।
- অনেক উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম হয়।

উদাহরণ: বোরা (*Rhizophora conjugata*), কেওড়া (*Sonneratia apetala*), পশুর (*Xylocarpus moluccensis*), গোলপাতা (*Nipa fruticans*), হারগোজা (*Acanthus illicifolius*), সুন্দরী (*Heritiera fomes*), গেওয়া (*Excoecaria agallocha*), ধুন্দুল (*Xylocarpus granatum*)।

## TOPIC-03 প্রাণিভৌগোলিক অঞ্চল ও বনাঞ্চল

01. প্রাণী ভৌগোলিক অঞ্চল এর শ্রেণীবিভাগ:

| অঞ্চলের নাম | প্রধান মেরুদণ্ডী প্রাণীদের নাম |
|---|---|
| প্যালিআর্কটিক অঞ্চল | চোষক মাছ, ব্ল্যাক ফিশ, হরিণ, ভাল্লুক, ভোঁদর, বলগা হরিণ, উট, গরু, কবুতর, ফ্লেমিংগো, উটপাখি, পেলিকন, এলিগেটর প্যাডেল ফিস, সাকারফিস, ক্যাটফিস ইত্যাদি। |
| ওরিয়েন্টাল অঞ্চল (বাংলাদেশ) | হাতি, বাঘ, গীবন, ভাল্লুক, ওরাংওটাং, টাপীর, বাদুর, কবুতর, ফিঙে, কোকিল, ব্লু বার্ড, ময়ূর, কুমির, গুইসাপ, রুই, কাতলা, মৃগেল, ক্যাট ফিস, পাঙ্গাস, উড়ুক্কু ব্যাঙ, বনরুই ইত্যাদি। |
| অস্ট্রেলিয়ান অঞ্চল | ক্যাঙ্গারু, ওয়ালাবি, কোয়েলা, ওমব্যাট, প্লাটিপাস, অপোসাম, লায়ার বার্ড, ক্যাসোয়ারি কাকাতোয়া, টিয়া, এমু, বার্ডস অব প্যারাডাইস, কাঠঠোকরা, কিউই, স্ফেনোডন, টিফলপস, লাং ফিস, টুয়াটার, ক্যাসোয়ারি ইত্যাদি। |
| নিওট্রপিক্যাল অঞ্চল | ভাল্লুক, হরিণ, কুকুর, লামা, অপোসাম, উটপাখি, রিয়া, অস্ট্রিচ, সারস, বাজ, প্যাঁচা, হামিংবার্ড, কুমির, কচ্ছপ, কোরাল, সাপ, বোয়া, ভাইপার, বাইন মাছ, ক্যাটফিস, লাংফিস, পিরানহা, অ্যানাকোন্ডা, যায়ান্ট টরটয়িজ ইত্যাদি। |
| ইথিওপিয়ান অঞ্চল | গরিলা, শিম্পাঞ্জী, লেমুর, হাতি, ভোঁদর, হায়না, গণ্ডার, আর্মাডিলো, জিরাফ, জেব্রা, জলহস্তী, উটপাখি, বাজ, শকুন, সারস, ফিঙে, কুমির, গুইসাপ, বোয়া, পাইথন, ক্যাটফিস, লাংফিস, বেবুন, আইবেক্স ইত্যাদি। |
| নিআর্কটিক অঞ্চল | ঘোড়া, উট, লামা, আলপাকা, গোয়াঙ্কা, নেকড়ে, মেরুশিয়াল, ভাল্লুক, ক্যাঙ্গারু, বাইসন, লালহরিণ, পেলিকান, শকুন, টার্কিস, হামিংবার্ড, ফিঙে, কচ্ছপ, এলিগেটর, কুমির, প্রবাল, সাপ, স্যালামান্ডার, প্যাডেল ফিস, বো ফিন, সাকার ফিস, ক্যাটফিস, বাইসন ইত্যাদি। |

- ওরিয়েন্টাল অঞ্চল: প্রধান চারটি উপ-অঞ্চলে ভাগ করা যায়-
  i. ভারতীয় উপঅঞ্চল ii. ইন্দো-চীন উপঅঞ্চল
  iii. ইন্দোমালয় উপঅঞ্চল iv. সিংহলীয় উপঅঞ্চল

02. সোয়াম্প ফরেস্ট: মিঠাপানি বা স্বাদুপানির জলাশয় দ্বারা জলাবদ্ধ বন। সিলেটের উত্তরাংশে জলাবদ্ধ বন (Swamp forest) আছে। এটি রাতারগুল জলাবন হিসেবে পরিচিত। এ বনের প্রধান উদ্ভিদ নল খাগড়া (*Phragmitis karka*), কাশ (*Saccharum spontaneum*), ইকড়া ঘাস (*Erianthus ravennae*)। বৃক্ষের মধ্যে হিজল (*Barringtonia acutangula*) এবং করচ গাছ (*Pongamia pinnata*) প্রধান। বাংলাদেশের একমাত্র বন্য গোলাপ (*Rosa involucrata*) এখানে পাওয়া যায়।

## TOPIC-04 বিলুপ্তপ্রায় জীব ও জীববৈচিত্র্য সংরক্ষণ

01. বিলুপ্তপ্রায় উদ্ভিদ:

| উদ্ভিদের শ্রেণী | নাম/বৈজ্ঞানিক নাম |
|---|---|
| ফার্নবর্গীয় উদ্ভিদ | *Psilotum triquetrum* |
| | *Tectaria chattagramica* |
| নগ্নবীজী উদ্ভিদ | *Cycas pectinata* |
| | *Podocarpus nerifolia* |
| | *Gnetum funiculare* |
| আবৃতবীজী উদ্ভিদ | কোরুদ- *Licuala peltata* |
| | মল্লিকা ঝাঁঝি- *Aldrovanda vesiculosa* |
| | বাংলাদেশের এন্ডেমিক { রোটেলা- *Rotela cimpliciuscula*; ফুলে বড়লা- *Knema bengalensis* } |
| | তালি পাম- *Corypha taliera* Roxb |
| | আগর- *Aquillaria agallocha* |
| | জংলি গোলাপ- *Rosa involucrata* |

02. বিলুপ্তপ্রায় প্রাণী:

| প্রাণীর নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|
| মিঠা পানির কুমির | *Crocodylus palustris* |
| রাজশকুন | *Sarcogyps calvus* |
| নীলগাই | *Boselaphus tragocamelus* |
| শুশুক | *Platanista gangetica* |
| ঘড়িয়াল | *Gavialis gangeticus* |
| রয়েল বেঙ্গল টাইগার | *Panthera tigris* |
| বন রুই | *Manis pentadactyla* |
| বেঙ্গল রুফ কাইট্টা | *Kachuga kachuga* |
| মহাশোল | *Tor tor* |
| উল্লুক | *Hylobates hoolock* |
| তক্ষক | *Gekko gecko* |
| হাতি | *Elephas maximus* |

03. ইনসিটু ও এক্স-সিটু কনজারভেশনের উদাহরণ:

| ইনসিটু-কনজারভেশন | এক্স-সিটু সংরক্ষণ |
|---|---|
| স্বাভাবিক বাসস্থানের পরিবেশের মধ্যে জীববৈচিত্র্য সংরক্ষণ।<br>• জাতীয় উদ্যান<br>• ইকোপার্ক<br>• সাফারী পার্ক- বঙ্গবন্ধু সাফারি পার্ক, ডুলহাজরা, কক্সবাজার (প্রথম) ও বঙ্গবন্ধু সাফারি পার্ক, গাজীপুর (দ্বিতীয়)।<br>• বন্যজীব অভয়ারণ্য<br>• গেম রিজার্ভ- টেকনাফ গেম রিজার্ভ (বর্তমানে এটি বন্য জীব অভয়ারণ্য)।<br>• বিশ্ব ঐতিহ্য- সুন্দরবন (1997- ইউনেস্কো ও 1999- বাংলাদেশ সরকার)। | জীবকে তার নিজস্ব বাসস্থান থেকে এনে অন্যত্র সংরক্ষণ।<br>• উদ্ভিদ উদ্যান বা বোটানিক্যাল গার্ডেন<br>• বীজ ব্যাংক<br>• ফিল্ড জিন ব্যাংক, জিন ব্যাংক<br>• চিড়িয়াখানা<br>• ইন-ভিট্রো সংরক্ষণ<br>• ডিএনএ সংরক্ষণ<br>• নিম্নতাপমাত্রায় সংরক্ষণ<br>• পরাগরেণু সংরক্ষণ। |



CamScanner

21. বাংলাদেশের একমাত্র গেম রিজার্ভ কোথায় অবস্থিত?
A. রামসাগর B. ডুলহাজরা
C. মাধবকুণ্ড D. টেকনাফ **D**

22. গোলপাতার বৈজ্ঞানিক নাম-
A. *Heritiera fomas* B. *Nipa fruticans*
C. *Excoecaria agullocha* D. *Phoenix palaudosa* **B**

23. কোনটি সুন্দরবনে সাধারণত জন্মায় না?
A. হিতাল B. ধুন্দুল
C. টাইগার ফার্ন D. বাঁশ **D**

24. *Ex-situ* কনজারভেশনের উদাহরণ হলো —।
A. সাফারি পার্ক B. ইকোপার্ক C. বোটানিক গার্ডেন
D. ন্যাশনাল পার্ক E. গেম রিজার্ভ **C**

25. UNESCO কত সালে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ বলে ঘোষণা দিয়েছে?
A. 1995 সালে B. 1996 সালে C. 1997 সালে
D. 1998 সালে E. 1999 সালে **C**

26. সুন্দরবনের প্রাণি নয় কোনটি?
A. *Panthera tigris* B. *Elephas maximus*
C. *Apis dorsata* D. *Axis axis*
E. *Crocodylus porosus* **B**

27. তেলী গর্জনের বৈজ্ঞানিক নাম কি?
A. *Dipterocarpus alatas* B. *Dipterocarpus costatus*
C. *Dipterocarpus gracilis* D. *Dipterocarpus turbinatus*
E. কোনটিই নয় **D**

28. ম্যানগ্রোভ প্রজাতির উদ্ভিদ কোনটি?
A. জারুল B. তেঁতুল C. বট
D. পাইন E. গরান **E**

29. 'রয়েল বেঙ্গল টাইগার' হলো-
A. উৎপাদক B. মুখ্য খাদক C. গৌণ খাদক
D. টারশিয়ারি খাদক E. বিয়োজক **D**

30. উদ্ভিদ সংরক্ষণে (Conservation) প্রধান ভূমিকা পালন করে কোন সংস্থা?
A. ICBN B. ICNCP C. IUCN
D. IAPT E. UNDP **C**

31. উটপাখি কোন মহাদেশে পাওয়া যায়?
A. অস্ট্রেলিয়া B. আফ্রিকা C. এশিয়া
D. এন্টার্কটিকা E. আমেরিকা **B**

## PRIME TEST

01. বাংলাদেশের সবচেয়ে বড় হাওড় কোনটি?
Ⓐ হাকালুকি হাওড় Ⓑ টাঙ্গুয়ার হাওড়
Ⓒ কালেঙ্গা হাওড় Ⓓ হাটহাজারী হাওড়

02. তৃণভূমির প্রধান ভেজিটেশন হলো-
Ⓐ লাইকেন Ⓑ মস
Ⓒ ঘাস Ⓓ পরাশ্রয়ী উদ্ভিদ

03. সব জীবের সব কমিউনিটি মিলিতভাবে কী তৈরি করে?
Ⓐ পপুলেশন Ⓑ বায়োম
Ⓒ ইকোসিস্টেম Ⓓ বায়োস্ফিয়ার

04. সুন্দরবনে কোনটি জন্মে না?
Ⓐ বোহাল Ⓑ টাইগার ফার্ন
Ⓒ হারগোজা Ⓓ পীতরাজ

05. কোন স্তরের জীব সবচেয়ে বেশি শক্তি ব্যবহার করে?
Ⓐ চতুর্থ Ⓑ তৃতীয়
Ⓒ দ্বিতীয় Ⓓ উৎপাদক

06. যেসব উদ্ভিদ পানিতে জন্মে তাদের বলে-
Ⓐ জেরোফাইট Ⓑ হাইড্রোফাইট
Ⓒ এপিফাইট Ⓓ হ্যালোফাইট

07. বীজকে শুকিয়ে কত ডিগ্রি তাপমাত্রায় ফ্রিজিং করলে বহুকাল সংরক্ষণ করা যায়?
Ⓐ –20°C Ⓑ –15°C
Ⓒ –10°C Ⓓ –5°C

08. নিমজ্জিত জলজ উদ্ভিদের কাণ্ড হয়-
Ⓐ শক্ত Ⓑ সরল
Ⓒ মোটা Ⓓ লম্বা মধ্যপর্ববিশিষ্ট

09. সর্বপ্রথম 'প্রজাতি' বা species শব্দটি কে ব্যবহার করেন?
Ⓐ John Ray Ⓑ Earnest Mayr
Ⓒ Dobzhansky Ⓓ E. P. Odum

10. হ্রদের কোন অঞ্চলে ফাইটোপ্লাংকটন ও জুপ্লাংক্টন থাকে?
Ⓐ লিটোরাল Ⓑ লিমনেটিক
Ⓒ প্রোফান্ডাল Ⓓ পেলাজিক

11. ওরিয়েন্টাল অঞ্চলটি কয়টি উপ-অঞ্চলে বিভক্ত?
Ⓐ ৩টি Ⓑ ৪টি
Ⓒ ৫টি Ⓓ ৬টি

12. লবণাক্ত পরিবেশে জন্মানো উদ্ভিদকে কী বলে?
Ⓐ হ্যালোফাইট Ⓑ এপিফাইট
Ⓒ হাইড্রোফাইট Ⓓ জেরোফাইট

13. বায়োস্ফিয়ার ও এর সাথে ভৌত পরিবেশের আন্তঃক্রিয়াকে বলে-
Ⓐ ইকোসিস্টেম Ⓑ বায়োম
Ⓒ ইকোস্ফিয়ার Ⓓ মিথস্ক্রিয়া

14. জীব সম্প্রদায়ের স্তর বিন্যাস কয়টি?
Ⓐ ৫ Ⓑ ৬
Ⓒ ৩ Ⓓ ৪

15. ইকোসিস্টেমে শক্তির প্রবাহ কয়টি পর্যায়ভুক্ত?
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

16. কোনটি শক্তি প্রবাহের বৈশিষ্ট্য নয়?
Ⓐ উভমুখী
Ⓑ মূল উৎস সৌরশক্তি
Ⓒ খাদ্য শৃঙ্খলের শুরু থেকে যত শেষের দিকে যাওয়া যায় ততই শক্তির ক্রমব্যয় ঘটে
Ⓓ সৌরশক্তি প্রথমে উৎপাদকের দেহে আহরিত হয়

17. মরু অঞ্চলে জন্মানো উদ্ভিদকে কী বলে?
Ⓐ জেরোফাইট Ⓑ এপিফাইট
Ⓒ হাইড্রোফাইট Ⓓ হ্যালোফাইট

18. কোনটি মূলাবদ্ধ পত্রভাসমান জলজ উদ্ভিদ?
Ⓐ শাপলা Ⓑ হাইড্রিলা
Ⓒ কচুরিপানা Ⓓ কলমিলতা

19. ম্যানগ্রোভ বনাঞ্চল কোন বায়োমের অন্তর্গত?
Ⓐ নদী Ⓑ হ্রদ
Ⓒ হাওড়-বাওড় Ⓓ ওয়েটল্যান্ড

20. কোনটি ইন সিটু কনজারভেশনের মাধ্যম নয়?
Ⓐ গেম রিজার্ভ Ⓑ ইকোপার্ক
Ⓒ বোটানিক্যাল গার্ডেন Ⓓ সাফারি পার্ক

### Answer Analysis

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.A | 02.C | 03.D | 04.D | 05.D | 06.B | 07.A | 08.D | 09.A | 10.B |
| 11.B | 12.A | 13.C | 14.A | 15.B | 16.A | 17.A | 18.A | 19.D | 20.C |



CamScanner

# অধ্যায় ০৯ প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস

জীববিজ্ঞান ২য় পত্র

| সাজেশন্স | RATINGS | | |
|---|---|---|---|
| | ★★★ | ★★★ | ★ |
| প্রাণি জগতের শ্রেণীবিন্যাস | সিলোম, প্রতিসাম্য | ভ্রূণস্তর, মেরুদণ্ড | খন্ডকায়ন, নটোকর্ড |
| বিভিন্ন পর্বের নাম, বৈশিষ্ট্য ও উদাহরণ সমূহ | কর্ডাটা, আর্থ্রোপোডা, নিডারিয়া | পরিফেরা, মলাস্কা | প্লাটিহেলমিনথেস, নেমাটোডা, অ্যানিলিডা, একাইনোডার্মাটা |

## TOPIC-01 শ্রেণীবিন্যাস

➤ **সিলোম:**

- **অ্যাসিলোমেট বা সিলোমবিহীন:** Porifera, Cnidaria, Ctenophora, Platyhelminthes
- **স্যুডোসিলোমেট বা অপ্রকৃত সিলোমযুক্ত:** *Loa Loa* (চোখ কৃমি), Nematoda, Rotifera, Kinorhyncha
- **ইউসিলোমেট বা প্রকৃত সিলোমযুক্ত:** Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata

➤ **প্রতিসাম্য:**

S C Wkt প্রাকৃতিক ঘাতক বা ঘাতক কোষ (Natural killer cells) একপ্রকার লিম্ফোসাইট। এরা কিছু T-কোষের মতোই কাজ করে তবে এরা দেহের প্রথম সারির প্রতিরক্ষা হিসেবে কাজ করে। প্রাকৃতিক ঘাতককোষ থেকে পারফোরিন, গ্র্যানজাইম এবং গ্র্যানুলাইসিন নিঃসৃত হয়ে দূষিত কোষের আবরণীতে ছিদ্র সৃষ্টি করে। এর ফলে ক্যান্সারকোষকে দ্রুত ধ্বংস করার জন্য সক্রিয় থাকে।
06. নিচের কোন কোনটি ক্যান্সার কোষের সাথে যুদ্ধ করে ধ্বংস করে? [JUST. 16-17]
A. B-কোষ B. NK-কোষ C. হেলপার T-কোষ D. মাস্ট কোষ
S C Wkt • B কোষ ইমিউন সাড়ার মুখ্য উপাদান।
• NK কোষ ক্যান্সার কোষ ও ভাইরাস আক্রান্ত কোষের সাথে যুদ্ধ করে।
• হেলপার T-কোষ সাইটোকাইন ক্ষরণ করে B কোষ। সাইটোটক্সিক T-লিম্ফোসাইট NK কোষ ও ম্যাক্রোফেজকে সক্রিয় করে।
• মাস্টকোষ হিস্টামিন ও অন্যান্য রাসায়নিক পদার্থ ক্ষরণ করে।
07. নিচের কোন অ্যান্টিবডি মায়ের দুধের মাধ্যমে সঞ্চারিত হয়? [DU. 20-21]
A. IgG B. IgA C. IgM D. IgE B
08. মানবদেহে মোট ইমিউনোগ্লোবিউলিনের কত ভাগ IgG? [DU. 19-20]
A. 75% B. 15% C. 10% D. 5%
S A Wkt বিভিন্ন অ্যান্টিবডির শতকরা পরিমাণ:

| অ্যান্টিবডি | শতকরা পরিমাণ | অ্যান্টিবডি | শতকরা পরিমাণ |
|---|---|---|---|
| IgG | 75% | IgD | <1% |
| IgA | 15% | IgE | 0.1% |
| IgM | 5-10% | | |

09. মায়ের দুধে কোন ধরনের ইমিউনোগ্লোবিউলিন পাওয়া যায়? [JU-D, Set-F, 20-21]
A. IgM B. IgG
C. IgE D. IgA D
10. প্যারাটোপ নিচের কোনটির অংশ? [JU; D, 15-16]
A. অ্যান্টিজেন B. অ্যান্টিবডি C. জিন D. কোষ B
11. অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার সাথে সংশ্লিষ্ট অ্যান্টিবডি কোনটি?
[PSTU: Unit-A; 19-20; RU. 17-18; JUST. 18-19]
A. IgG B. IgE C. IgD D. IgA B
12. কোন অ্যান্টিবডি ভ্রূণের সংক্রমণ প্রতিরোধ করে? [DAT: 22-23]
A. IgG B. IgM C. IgE D. IgA D
13. ভ্যাকসিন বা টিকা কে আবিষ্কার করেন?/কে বসন্তের টিকা আবিষ্কার করেন-
[DU. 15-16; KU. 17-18]
A. ওয়াটসন এবং ক্রিক B. এডওয়ার্ড জেনার
C. আলেকজান্ডার ফ্লেমিং D. ল্যামার্ক B

## PRIME TEST

01. স্পেসিফিক প্রতিরক্ষা স্তর কোনটি?
Ⓐ প্রথম প্রতিরক্ষা স্তর Ⓑ দ্বিতীয় প্রতিরক্ষা স্তর
Ⓒ তৃতীয় প্রতিরক্ষা স্তর Ⓓ সবগুলো

02. কমপ্লিমেন্ট কয় ধরনের প্রোটিন নিয়ে গঠিত?
Ⓐ দশ Ⓑ পনের Ⓒ বিশ Ⓓ পঁচিশ

03. জ্বর সৃষ্টিকারী যৌগসমূহকে এক কথায় কী বলা হয়?
Ⓐ পাইরোজেন Ⓑ সাইটোকাইন Ⓒ পারফরিন Ⓓ প্রোটিয়েজ

04. নিম্নের কোথায় লাইসোজাইম এনজাইম অনুপস্থিত?
Ⓐ রক্ত Ⓑ মূত্র Ⓒ ঘাম Ⓓ লালা

05. মানুষের সর্ববৃহৎ অঙ্গ কোনটি?
Ⓐ যকৃত Ⓑ স্নায়ু Ⓒ ত্বক Ⓓ ফুসফুস

06. প্রতিদিন আমাদের ত্বকের কতগুলো কোষ মারা যায়?
Ⓐ ২০-৩০ হাজার Ⓑ ৩০-৪০ হাজার Ⓒ ৪০-৫০ হাজার Ⓓ ৫০-৬০ হাজার

07. নিচের কোন কোষটি অ্যালার্জি সৃষ্টির জন্য দায়ী?
Ⓐ কাপফার কোষ Ⓑ অস্টিওব্লাস্ট Ⓒ মাস্ট কোষ Ⓓ নিউট্রোফিল

08. নিম্নের কোনটি ফ্যাগোসাইটিক প্রক্রিয়ার ধাপ নয়?
Ⓐ ভক্ষণ Ⓑ ফ্যাগোলাইসোসোম গঠন
Ⓒ এনজাইম নিঃসরণ Ⓓ অনুজীবের সাথে সংযুক্তি

09. অ্যান্টিবডির হালকা শৃঙ্খলের আণবিক ওজন কত?
Ⓐ 50 kD Ⓑ 70 kD Ⓒ 60 kD Ⓓ 23 kD

10. কোনো ক্ষতিকর অণুজীব কিংবা ক্ষতিকর পদার্থের প্রভাবে দেহে কোন প্রতিরক্ষা ব্যবস্থা সৃষ্টি হয়?
Ⓐ অর্জিত প্রতিরক্ষা Ⓑ সহজাত প্রতিরক্ষা
Ⓒ সাধারণ প্রতিরক্ষা Ⓓ নির্দেশিত প্রতিরক্ষা

11. জন্মের এক মাসের মধ্যে সুপারিশকৃত টিকা কোনটি?
Ⓐ BCG Ⓑ DPT-I Ⓒ DPT-II Ⓓ DPT-III

12. নিম্নের কোনটি সুনির্দিষ্ট প্রতিরক্ষা ব্যবস্থার উপাদান?
Ⓐ লিম্ফোসাইট Ⓑ অ্যাসিড Ⓒ ইন্টারফেরন Ⓓ ত্বক

13. লালাতে কোন ধরনের অ্যান্টিবডি পাওয়া যায়?
Ⓐ IgA Ⓑ IgG Ⓒ IgM Ⓓ IgD

14. লাইসোজাইম কোথা থেকে ক্ষরিত হয়?
Ⓐ তৃকীয় গ্রন্থি Ⓑ অ্যাড্রেনাল গ্রন্থি Ⓒ অশ্রুগ্রন্থি Ⓓ কোনটিই নয়

15. কোনটি সহজাত প্রতিরক্ষার অন্তর্ভুক্ত নয়?
Ⓐ ইন্টারফেরন Ⓑ প্রদাহ Ⓒ ভ্যাক্সিন Ⓓ কমপ্লিমেন্ট

16. অ্যান্টিবডির গড়ন কোন আকৃতির?
Ⓐ V Ⓑ U Ⓒ Y Ⓓ কোনটিই নয়

17. সর্বপ্রথম আবিষ্কৃত ভ্যাক্সিন কোনটি?
Ⓐ এইডস Ⓑ হেপাটাইটিস-A Ⓒ হেপাটাইটিস-B Ⓓ গুটিবসন্ত

18. ইনফ্লুয়েঞ্জা ভ্যাক্সিন কোন ধরনের?
Ⓐ নিষ্ক্রিয় Ⓑ টক্সোয়েড Ⓒ সাবইউনিট Ⓓ কনজুগেট

19. নিম্নের কোনটি DPT ভ্যাক্সিন এর অন্তর্ভুক্ত নয়?
Ⓐ ডিপথেরিয়া Ⓑ পোলিও Ⓒ টিটেনাস Ⓓ পারটুসিস

20. নিম্নের কোনটি নিষ্ক্রিয় অনাক্রম্যতার বৈশিষ্ট্য?
Ⓐ প্রভাব ক্ষণস্থায়ী
Ⓑ কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যায় না
Ⓒ এ ধরনের অনাক্রম্যতায় নির্দিষ্ট অ্যান্টিবডি উৎপাদনের মাধ্যমে দীর্ঘ সময় পরে উপশম ঘটে
Ⓓ এটি দেহে সরাসরি সক্রিয়ভাবে উৎপন্ন হয়

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.C | 02.C | 03.A | 04.A | 05.C | 06.C | 07.C | 08.C | 09.D | 10.A |
| 11.A | 12.A | 13.A | 14.C | 15.C | 16.C | 17.D | 18.A | 19.B | 20.A |

# অধ্যায় ১১ জিনতত্ত্ব ও বিবর্তন

জীববিজ্ঞান ২য় পত্র

| সাজেশনস | RATINGS ★★★ | ★★ | ★ |
|---|---|---|---|
| বংশগতি | প্রাথমিক আলোচনা এবং অনুপাতসমূহ | আবিষ্কার ও আবিষ্কারক | — |
| ইনহেরিট্যান্স | পলিজিনের প্রভাব, সেক্স লিংকড ডিসঅর্ডার | [illegible] | [illegible] |
| রক্তের গ্রুপ | রক্তের গ্রুপ | Rh ফ্যাক্টর | — |
| বিবর্তন | — | বিবর্তনের মতবাদ | — |

## TOPIC-01 প্রাথমিক আলোচনা

- ফ্যাক্টর বা জিন: DNA অণুর খণ্ডাংশ বা জীবের বংশগতির মৌলিক, ভৌত ও কার্যিক একক এবং বংশ থেকে বংশান্তরে জীবের বৈশিষ্ট্য বহন করে।
- অ্যালিল বা অ্যালিলোমর্ফ: Homologous Chromosome জোড়ের নির্দিষ্ট লোকাসে অবস্থানকারী জীবের নির্দিষ্ট বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী জীন জোড়ের একটিকে অপরটির অ্যালিল বলে।
- লোকাস: ক্রোমোজোমে জিনের নির্দিষ্ট স্থানের নাম লোকাস।
- হোমোজাইগাস: কোন জীবে একটি নির্দিষ্ট বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী অ্যালিল দুটি সমপ্রকৃতির হলে তাকে হোমোজাইগাস বলে। যেমন- BB, bb
- হেটারোজাইগাস: কোন জীবে একটি নির্দিষ্ট বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী অ্যালিল দুটি অসমপ্রকৃতির হলে তাকে হেটারোজাইগাস বলে। যেমন- Bb, bB
- জিনোটাইপ: কোন জীবের লক্ষণ নিয়ন্ত্রণকারী জীন যুগলের গঠনকে জিনোটাইপ বলে।
- ফিনোটাইপ: জীবের বাহ্যিক লক্ষণকে ফিনোটাইপ বলে।
- টেস্ট ক্রস: কোনো প্রাণি হোমোজাইগাস না হেটারোজাইগাস তা জানার জন্য বিশুদ্ধ প্রচ্ছন্ন লক্ষণ বিশিষ্ট হোমোজাইগাস প্রাণির সাথে যে ক্রস তাই টেস্ট ক্রস।
- ব্যাক ক্রস: $F_1$ ও Parents (Recessive ও Dominant) এর মধ্যে ক্রস।

## TOPIC-02 মেন্ডেলিজম

➤ মেন্ডেল:
- বংশগতিবিদ্যার জনক।
- মেন্ডেল অস্ট্রিয়াবাসীর একজন ধর্মযাজক ছিলেন, যার জন্ম ১৮২২ সালে এক কৃষক পরিবারে।
- ৩৪ প্রকার মটরশুটির ৭ জোড়া বিপরীত বৈশিষ্ট্য নিয়ে গবেষণা করেন

➤ মেন্ডেলের মটরশুটি বেছে নেয়ার কারণ:
- একবর্ষবীজী
- আয়ুষ্কাল স্বল্প
- ফুলগুলো আকারে বড়
- বিপরীত বৈশিষ্ট্য সম্পন্ন
- ফুল উভলিঙ্গ
- উর্বর প্রকৃতির সংকর
- বহু প্রকরণ

➤ মেন্ডেলের বিভিন্ন সূত্রের গুরুত্বপূর্ণ তথ্যাবলী:

| সূত্র | সূত্রের ব্যতিক্রম | ফিনোটাইপ | গুরুত্বপূর্ণ তথ্য |
|---|---|---|---|
| প্রথম সূত্র: মনোহাইব্রিড ক্রস বা জননকোষ শুদ্ধতার সূত্র বা পৃথকীকরণ সূত্র; ফিনোটাইপ ৩:১; জিনোটাইপ ১:২:১ | অসম্পূর্ণ প্রকটতা | ১:২:১ | ইন্টারমিডিয়েট জিনধারী, সন্ধ্যামালতীর লাল ও সাদা ফুলবিশিষ্ট উদ্ভিদের মধ্যে ক্রস ঘটালে গোলাপী ফুল পাওয়া যায় |
| | সমপ্রকটতা | ১:২:১ | বিপরীতধর্মী বৈশিষ্ট্যই সমান প্রকাশ পায়, কালোপালক × সাদা পালক = সাদা ছাপযুক্ত। |
| | মারণ জিন বা লিথাল জিন | ২:১ | হোমোজাইগাস অবস্থায় জীবের মৃত্যু ঘটায়, মিউট্যান্ট জিন দায়ী। কুয়েনো আবিষ্কার করেন, ২৫% মারা যায়। > ৫০% মৃত্যু = সেমিলিথাল (হিমোফিলিয়া) = |

| সূত্র | সূত্রের ব্যতিক্রম | ফিনোটাইপ | গুরুত্বপূর্ণ তথ্য |
|---|---|---|---|
| | | | < ৫০% মৃত্যু = সাবভাইটাল (ড্রসোফিলা মাছির লুপ্ত ডানা)। এছাড়া ক্রীপার মুরগি, পা বিহীন বাছুর, মানুষের ব্র্যাকিফ্যালাঞ্জি, হিমোফিলিয়া, জন্মগত ইকথিওসিস, থ্যালাসেমিয়া রোগ হয় লিথাল জীনের কারণে। |
| দ্বিতীয় সূত্র: জিনের স্বাধীন সঞ্চারণ বা স্বাধীনভাবে আত্তীকরণ সূত্র; ফিনোটাইপিক অনুপাত ৯:৩:৩:১ | পরিপূরক জিন | ৯:৭ | দুটি প্রকট জিনের জন্য একটি চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পায়। |
| | এপিস্ট্যাসিস দুই প্রকার | | যে জিন বৈশিষ্ট্য প্রকাশে বাঁধা দেয় তাকে এপিস্ট্যাটিক, যে বাঁধা পায় তাকে হাইপোস্ট্যাটিক জিন বলে। |
| | প্রকট | ১৩:৩ | একটি প্রকট জিন-নন অ্যালিলিক প্রকট জিনের কার্যকারিতা প্রকাশে বাধা দেয়। |
| | দ্বৈত প্রচ্ছন্ন | ৯:৭ | অ্যালিল একে অপরকে বাঁধা দেয় (মুকবধিরতা)। |

➤ **পলিজেনিক ইনহেরিট্যান্স:** জিন তত্ত্ববিদ **K. Mather (১৯৫৪)** সালে পলিজিন নামকরণ করেন।

**ইনহেরিট্যান্সের প্রকারভেদ:**

| নাম | উদাহরণ |
|---|---|
| পলিজেনিক | উচ্চতা, ওজন, ত্বকের রং, গাভীর দুধ, চোখের বর্ণ, বুদ্ধিমত্তা, আচরণ, ভুট্টা, গমের দানার রং, হৃদরোগ, কতিপয় ক্যান্সার, মানসিক রোগ। পলিজেনিক জিনের অস্বাভাবিকতার কারণে মানুষের কিছু বংশগতীয় রোগ দেখা দেয় যেমন- ক্যান্সার, অটিজম, ডায়াবেটিস টাইপ-২ |
| মনোজেনিক | লিঙ্গ নির্ধারণ, রক্তের গ্রুপ |

## TOPIC-03 লিঙ্গ নির্ধারণ

➤ **লিঙ্গ নির্ধারণের নীতি:**

| ধরন | স্ত্রী | পুরুষ | যেসব প্রাণীতে ঘটে |
|---|---|---|---|
| XX-XY | XX | XY | *Drosophila*, বিভিন্ন ধরনের পতঙ্গ, গাজা, তেলাকুচা, ইলোডিয়া, কক্কিনিয়া ও মানুষসহ সকল স্তন্যপায়ী প্রাণী। |
| XX-XO | XX | XO | Dioscorea শ্রেণীভূক্ত উদ্ভিদ ও ঘাসফড়িং, গান্ধিপোকা, আরশোলা, ছারপোকা, অর্থোপ্টেরা, হেটারোপ্টেরা শ্রেণিভুক্ত প্রাণী। |
| ZZ-ZW | ZW | ZZ | পাখি, প্রজাপতি ও কিছু মাছ। |
| ZZ-ZO | ZO | ZZ | কিছু মথ ও প্রজাপতি। |

➤ **সেক্সড লিকড ডিসঅর্ডার:** মানুষের যেসব জিন নিয়ন্ত্রিত বংশগতিয় রোগ সেক্স ক্রোমোজোমের (X ও Y) মাধ্যমে বংশপরম্পরায় সঞ্চরিত হয় তাদের সেক্স লিঙ্কড ডিসঅর্ডার বা অস্বাভাবিকতা বলে।

- **X-জিন নিয়ন্ত্রিত কিছু রোগ:** লাল-সবুজ বর্ণান্ধতা, হিমোফিলিয়া, ডুশেনি মাসকুল্যার ডিস্ট্রফি।
- **Y-জিন নিয়ন্ত্রিত বৈশিষ্ট্য হলো:** কানের লোম।
- মানুষে এ পর্যন্ত প্রায় ৬০টিরও বেশি সেক্স লিংকড জিন পাওয়া যায়।

**কয়েকটি লিঙ্গজড়িত অস্বাভাবিকতা:**

| লিঙ্গজড়িত অস্বাভাবিকতা | লক্ষণ |
|---|---|
| লাল-সবুজ বর্ণান্ধতা | লাল ও সবুজ বর্ণের পার্থক্য বুঝতে পারে না। আমেরিকার ৮% পুরুষ ও ০.৫% মহিলাতে দেখা যায়। |
| হিমোফিলিয়া | রক্ততঞ্চন বিলম্বিত হয়, ফলে ক্ষতস্থান থেকে অবিরাম রক্ত ক্ষরিত হয়ে মৃত্যু পর্যন্ত ঘটে। পুরুষে দেখা যায়। রাশিয়ান সিজার রাজ বংশে এই রোগ ছিল। |
| ডুশেনি মাসকুল্যার ডিস্ট্রফি | পেশী শক্ত হয়ে যায়, 10 বছর বয়সেই চলন ক্ষমতা হারিয়ে ফেলে, 20 বছরের মধ্যে মারা যায়। |
| রাতকানা | রাতে কোন কিছু দেখতে পায় না। |
| ফ্রাজাইল-X সিনড্রম | অটিজম ও মানসিক ভারসাম্যহীনতা দেখা দেয়। |
| টেস্টিকুলার ফেমিনাইজেশন | পুরুষ ধীরে ধীরে স্ত্রীতে পরিণত হয়। |
| হাইপারট্রাইকোসিস | সমগ্র দেহে ঘন লোমের উপস্থিতি। |
| ডায়াবেটিস ইনসিপিডাস | অস্বাভাবিক মূত্রত্যাগ, শারীরিক অক্ষমতা। |
| এনহাইড্রোটিক এক্টোডার্মাল ডিসপ্লাসিয়া | দাঁত, লোম এবং ঘার্মগ্রন্থির অনুপস্থিত। |
| মায়োপিয়া | দৃষ্টিক্ষীণতা, নিকটের জিনিস ভালোভাবে দেখতে না পারা |
| হোয়াইট ফোরলক | মাথার চুল আংশিক সাদা হওয়া। |
| জুভেনাইল গ্লুকোমা | চক্ষুগোলকের কাঠিন্য এবং ছানি পড়া। |
| স্পাজটিক প্যারাপেলাজিয়া | মাংসপেশির আংশিক অবশতা ও অনিয়ত কাঠিন্য। |
| অপটিক এট্রফি | অপটিক নার্ভের ক্ষয়িষ্ণুতা |

➤ **হিমোফিলিয়া:** হিমোফিলিয়া হচ্ছে বংশগতভাবে সঞ্চারণশীল বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত একপ্রকার রক্ত তঞ্চনঘটিত ত্রুটি বা অস্বাভাবিকতা।

**প্রকারভেদ:**

১. **ক্লাসিক/হিমোফিলিয়া A (৮০%):**
   - VIII নম্বর ফ্যাক্টরের অনুপস্থিতি
   - অ্যান্টি হিমোফিলিক ফ্যাক্টরের অনুপস্থিতি

২. **খ্রিস্টমাস/হিমোফিলিয়া B (২০%):**
   - IX নম্বর ফ্যাক্টরের অনুপস্থিতি
   - প্লাজমা থ্রম্বোপ্লাস্টিন কমপোনেন্ট বা খ্রিস্টমাস ফ্যাক্টরের অনুপস্থিতি।

## TOPIC-04 রক্তের গ্রুপ

- অ্যান্টিজেনের উপর ভিত্তি করে রক্তের শ্রেণিবিন্যাস করা হয়।
- **কার্ল ল্যান্ডস্টেইনার** ১৯০১ সালে মনুষ্য রক্তের শ্রেণী বিন্যাস করেন। তাই তাকে বলা হয় ব্লাড গ্রুপের জনক।

| ব্লাড গ্রুপ | অ্যান্টিজেন (লোহিত কনিকায় থাকে) | অ্যান্টিবডি (রক্ত রসে থাকে) | যে গ্রুপকে দিতে পারে | যে গ্রুপ থেকে রক্ত নিতে পারে |
|---|---|---|---|---|
| A (২৩%) | A | b বা β (anti-B) | A, AB | A, O |
| B (৩২%) | B | a বা α (anti–A) | B, AB | B,O |
| AB (৮%) | A, B | নেই | AB | A, AB, B, O |
| O (৩৭%) | নেই | ab বা α ও β (anit-A, anti-B) | A,B, AB, O | O |

- 1940 সালে **কার্ল ল্যান্ডস্টেইনার** এবং **উইনার** রেসাস বানরে (*Macaca mulatta*) Rh ফ্যাক্টর আবিষ্কার করেন।
- রেসাস বানরের নাম অনুসারে এই অ্যান্টিজেনকে Rhesus factor বা সংক্ষেপে Rh factor বলে।
- Fisher এর মতে, Rh ফ্যাক্টর মোট 6টি অ্যান্টিজেনের সমষ্টি এদের তিন জোড়ায় ভাগ করা যায়। যেমন- C, c ; D, d; E, e.
- C,D,E হচ্ছে মেন্ডলীয় প্রকট ও c,d,e হচ্ছে মেন্ডলীয় প্রচ্ছন্ন।

**Rh ফ্যাক্টরের কারণে সৃষ্ট সমস্যা: গর্ভধারণজনিত জটিলতা (এরিথ্রোব্লাস্টোসিস ফিটালিস)।**

## TOPIC-05 বিবর্তন

ল্যামার্কের 'অর্জিত বৈশিষ্ট্যের উত্তরাধিকার মতবাদ/ল্যামাকির্জম' (বায়োলজি শব্দের প্রবর্তক এবং প্রাণীজগতে মেরুদন্ডী ও অমেরুদন্ডী দু'ভাগে বিভক্ত করেন)।

➤ **ল্যামার্কের সূত্রসমূহ:**

i. প্রথম সূত্র- বৃদ্ধি
ii. দ্বিতীয় সূত্র- পরিবেশের প্রভাব এবং জীবের সক্রিয় প্রচেষ্টা ও আঙ্গিক পরিবর্তন
iii. তৃতীয় সূত্র- ব্যবহার ও অব্যবহার
iv. চতুর্থ সূত্র- অর্জিত বৈশিষ্ট্যের উত্তরাধিকার মতবাদ।



CamScanner

- ডারউইনের 'প্রাকৃতিক নির্বাচন' মতবাদ/ডারউইনিজম:

| ঘটনা প্রবাহ | সিদ্ধান্ত |
|---|---|
| বংশবৃদ্ধির উচ্চহার | জীবন সংগ্রাম |
| খাদ্য ও বাসস্থানের সীমাবদ্ধতা | |
| জীবন সংগ্রাম | যোগ্যতমের জয় |
| পরিবৃত্তির অসীম ক্ষমতা | |
| যোগ্যতমের উর্দ্ধতন | নতুন প্রজাতির উৎপত্তি |
| প্রাকৃতিক নির্বাচন | |

- আধুনিক সংশ্লেষ মতবাদ/নিউ ডারউইনিজম
- দ্রিসের পরিব্যক্তি মতবাদ
- ভাইজম্যানের জার্মপ্লাজম মতবাদ
- পুনরাবৃত্তি মতবাদ- হেকেল

বিবর্তনের স্বপক্ষে প্রমাণসমূহ:

১. অঙ্গসংস্থানিক প্রমাণ:

ক. তুলনামূলক শারীরস্থান:

- মেরুদণ্ডী প্রাণীর হৃৎপিণ্ডের প্রকোষ্ঠ:

| প্রকোষ্ঠ | উদাহরণ |
|---|---|
| দুই প্রকোষ্ঠ | মাছ |
| তিন প্রকোষ্ঠ | উভচর |
| আংশিক চার প্রকোষ্ঠ | সরীসৃপ (কুমির ব্যতিক্রম) |
| সম্পূর্ণ চার প্রকোষ্ঠ | পাখি ও স্তন্যপায়ী |

- মেরুদণ্ডী প্রাণীর মস্তিষ্ক

খ. সমসংস্থ ও সমবৃত্তি অঙ্গ:

- **সমসংস্থ অঙ্গ:** যেসব অঙ্গের উৎপত্তি ও অভ্যন্তরীণ গঠনের ভিত্তি এক সেসব অঙ্গকে সমসংস্থ অঙ্গ বলে। বিভিন্ন মেরদণ্ডী প্রাণীর অগ্রপদ, যেমন- পাখির ডানা, বাদুড়ের ডানা, তিমি বা সীল-এর ফ্লিপার (দাঁড়ের মতো হাত), ঘোড়া বা বিড়ালের অগ্রপদ, মানুষের হাত সমসংস্থ অঙ্গের উদাহরণ।

- টেস্ট ক্রসে কোন জীবের সাথে সংকরায়ণ বা ক্রস ঘটানো হয়- মাতৃবংশের বিশুদ্ধ প্রচ্ছন্ন (Tt × tt)।
- অসম্পূর্ণ প্রকটতার জন্য দায়ী জিনগুলোকে বলা হয়- ইন্টারমিডিয়েট জিন।
- বাবা ও মা উভয়ের রক্তরূপ AB হলে সন্তানের রক্তরূপ AB হওয়ার সম্ভাবনা কতটুকু- ৫০%।
- পিতা স্বাভাবিক ও মাতা বর্ণান্ধ হলে, ছেলেগুলো হবে- ১০০% বর্ণান্ধ।
- হিমোফিলিয়ায় আক্রান্ত মহিলার সম্ভাব্য পিতামাতাকে- বাহক মা ও হিমোফিলিক বাবা।
- পাখি ও সরীসৃপের বিবর্তনসূচক সংযোগকারী প্রাণী- *Archaeopteryx*।
- 'Theory of Natural Selection' মতবাদটি প্রকাশিত হয়- Origin of Species by means of Natural Selection।
- স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন (বাহক নয়) স্ত্রী এবং বর্ণান্ধ পুরুষের বিয়ে হলে তাঁদের কন্যা সন্তানদের স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন হওয়ার সম্ভাবনার হার- ১০০%।
- রেসাস বানরের বৈজ্ঞানিক নাম- *Macaca mulatta*।
- মানুষের উদ্ভব হয়েছে- প্লিওসিন যুগে।
- জুরাসিক সময়কাল বলা হয় কত আগের সময়কে?- সাড়ে ১৬ কোটি বছর।
- পুরুষ স্বাভাবিক এবং স্ত্রী বর্ণান্ধ হোমোজাইগাস হলে ছেলেটি কী হবে?- বর্ণান্ধ।
- যে জিন বৈশিষ্ট্য প্রকাশে বাধা পায় তাকে বলে- Hypostatic gene।
- জীবের প্রকাশিত লক্ষণকে বলা হয়- ফিনোটাইপ।
- $F_1$ ও $F_2$ জনুর বংশধরগুলো হোমোজাইগাস নাকি হেটেরোজাইগাস তা জানার প্রক্রিয়া- টেস্ট ক্রস।
- এম্পেডোক্লিসকে বিবর্তনের জনক বলা হয়।
- বায়োলজি শব্দের প্রবর্তক ল্যামার্ক, তিনি মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণির শ্রেণীকরণ করেন।
- রাসেল ওয়ালেস প্রাণীর বিস্তারের উপর ভিত্তি করে পৃথিবীকে ৬ অঞ্চলে ভাগ করেন।
- ডায়নোসরের উদ্ভব হয় ট্রায়াসিক যুগে, ডায়নোসরের বিলুপ্তি ঘটে ক্রিটেসিয়াস যুগে।
- আলব্রেখট ফন হেলার সর্বপ্রথম Evolution শব্দটি ব্যবহার করেন
- ডারউইন ১৮৩১ সালের ২৭ শে ডিসেম্বর এইচ.এম.এস. বিগল নৌজাহাজের

10. অসম্পূর্ণ প্রকটতার কারণে লাল ফুল এবং সাদা ফুল বিশিষ্ট উদ্ভিদের সংকরায়নে $F_1$ জনুতে কোন রঙের ফুল বেশি দেখা যায়? [JU-D, Set-M. 23-24]
A. লাল    B. গোলাপী
C. সাদা    D. লাল-সাদার মিশ্রণ    Ⓑ

11. ইন্টারমিডিয়েট জিন দায়ী কোনটির জন্য? [JU-D, Set-J. 2021-22]
A. সমপ্রকটতা    B. মাস্কুলার ডিস্ট্রফি
C. এপিস্ট্যাসিস    D. অসম্পূর্ণ প্রকটতা
S Ⓓ Why যখন একজোড়া বিপরীত বৈশিষ্ট্যসম্পন্ন দুটি জীবে সংকরায়ন (ক্রস) ঘটে কিন্তু প্রথম বংশধরে ($F_1$ জনুতে) প্রকট ফিনোটাইপ পূর্ণ প্রকাশে ব্যর্থ হয় এবং উভয় বৈশিষ্ট্যের মাঝামাঝি এক বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে, তখন তাকে অসম্পূর্ণ প্রকটতা বলে। অসম্পূর্ণ প্রকটতার জন্য দায়ী জিনগুলোকে ইন্টারমিডিয়েট জিন বলে। অসম্পূর্ণ প্রকটতার কারণে মেন্ডেলের মনোহাইব্রিড ক্রসের অনুপাত 3:1 এর পরিবর্তে 1:2:1 হয়।

12. মেন্ডেল কর্তৃক নির্বাচিত মটরশুঁটির চারিত্রিক বৈশিষ্ট্যগুলোর মধ্যে কোনটি ছিল না? [JU-D, Set-H. 2021-22]
A. বীজপত্রের বর্ণ    B. কাণ্ডে ফুলের অবস্থান
C. খোসার আকার    D. গাছের বয়স
S Ⓓ Why মেন্ডেলের গবেষণায় মটরশুঁটি গাছের সাতজোড়া বিপরীতধর্মী বৈশিষ্ট্য:
- বীজের আকার।
- মটরশুঁটির আকার
- ফুলের রং
- কাণ্ডের দৈর্ঘ্য।
- বীজের রং
- কাঁচা মটরশুঁটির রং
- ফুলের অবস্থান

13. কোনটি মেন্ডেলের প্রথম সূত্রের ব্যতিক্রমের উদাহরণ? [JU-D, Set-D. 20-21; KU. 11-12]
A. এপিস্ট্যাসিস    B. পরিপূরক জিন
C. পলিজেনিক ইনহেরিট্যান্স    D. অসম্পূর্ণ প্রকটতা    Ⓓ

14. মানুষের হিমোফিলিয়া রোগ সৃষ্টিকারী লিথাল জিন কি ধরনের? [JU: Unit-D; Set-Q;19-20]
A. সাবভাইটাল    B. সেমিলিথাল    C. অ্যালিলিক    D. নন-অ্যালিলিক
S Ⓑ Why যেসব লিথাল জিনের প্রভাবে 50% এর বেশি জীব মারা যায় সেগুলোকে সেমিলিথাল জিন বলে। মানুষে হিমোফিলিয়া রোগ সৃষ্টিকারী লিথাল জিন সেমিলিথাল ধরনের। অন্যদিকে, যেসব লিথাল জিনের প্রভাবে 50% এর কম সংখ্যক জীব মারা যায় সেগুলোকে সাবভাইটাল জিন বলে। ড্রসোফিলা মাছির লুপ্তপ্রায় ডানা সৃষ্টিকারী লিথাল জিন সাবভাইটাল ধরনের।

15. কোন জিনের কারণে মোরগ-মুরগীর পালক সাদা বর্ণের হয়? [RU-C, Jupitar-1, Set-1. 2021-22]
A. সেমিলিথাল জিন    B. এপিস্ট্যাটিক জিন
C. হাইপোস্ট্যাটিক জিন    D. নন- অ্যালিলিক জিন
S Ⓑ Why 1918 খ্রিস্টাব্দে বেটসন এবং প্যানেট পরিচালিত এক পরীক্ষায় আবিষ্কৃত হয় যে সাদা লেগহর্ন গোষ্ঠীর মোরগ-মুরগীতে রঙিন পালক সৃষ্টির জন্য দায়ী একটি প্রকট জিন (C) থাকে। কিন্তু এপিস্ট্যাটিক জিন (I)-এর কারণে রঙিন পালক সৃষ্টি হতে না পারায় পালকগুলো সাদা হয়। $F_1$ জনুতে সব সাদা পালক বিশিষ্ট হলেও $F_2$ জনুতে 13:3 অনুপাতে সাদা ও রঙিন পালক-বিশিষ্ট মোরগ-মুরগী সৃষ্টি হয়।

16. ড্রসোফিলা মাছির জিন কোন ধরনের? [BUP. 2021-22]
A. সাব ভাইটাল    B. মিউট্যান্ট জিন    C. সেমিলিথাল    D. ইন্টারমিডিয়েট
S Ⓐ Why ড্রসোফিলা মাছির লুপ্তপ্রায় ডানা সৃষ্টিকারী জিনটি সাবভাইটাল ধরনের।

17. Lethal gene এর প্রভাবে কোনটি হয় না? [MAT.13-14; RU.17-18,11-12, 12-13]
A. ক্রীপার মুরগী
B. পা যুক্ত বাছুর/অস্থি ওপোরেসিস/ লিউকেমিয়া
C. Thalassemia    D. Haemophilia    Ⓑ

18. খর্বতা ও মানসিক ভারসাম্যহীনতা দেখা যায় কোন রোগের কারণে? [JU-D, Set-J. 23-24]
A. মাসকুলার ডিস্ট্রফি    B. ফ্রাজাইল X সিন্ড্রোম
C. হাইপার ট্রাইকোসিস    D. ক্রিস্টমাস ডিজিজ    Ⓑ

19. রক্ত তঞ্চনের কত নম্বর ফ্যাক্টর অনুপস্থিত থাকলে হিমোফিলিয়া B রোগটি হয়? [JU-D, Set-T. 23-24]
A. VIII    B. IX    C. X    D. XI    Ⓓ

20. মানুষের X জিন নিয়ন্ত্রণ সেক্সলিঙ্কড অস্বাভাবিকতা নয় কোনটি? [JU-D, Set-N. 2021-22]
A. কানের লোম    B. হিমোফিলিয়া
C. লাল সবুজের বর্ণান্ধতা    D. ডুসেনি মাস্কুলার ডিস্ট্রফি
S Ⓐ Why কানের লোম Y জিন নিয়ন্ত্রিত বৈশিষ্ট্য।

21. মাসকুলার ডিস্ট্রফি রোগের লক্ষণ– [GST-A. 2021-22]
A. সারা শরীরে ঘন লোম হওয়া    B. বর্ণান্ধতা
C. পেশির দুর্বলতা ও সমন্বয়ের অভাব    D. অ্যান্টিবডি তৈরি না হওয়া    Ⓒ

22. একাদশ শ্রেণির ছাত্রী মিনি স্বাভাবিক বর্ণ দর্শনে সক্ষম হলেও তার এক ভাই বর্ণান্ধ। মিনির পিতা-মাতার জিনোটাইপ হলো- [রা.বো. ২০২২]
A. $X^BX^B$ ও $X^bY$    B. $X^bY$
C. $X^BX^B$ ও $X^BY$    D. $X^bX^b$ ও $X^bY$    Ⓒ

23. সেক্স লিঙ্কড রোগ নয় কোনটি? [দি. বো. ২০১৯]
A. মাসকুলার ডিস্ট্রফি    B. গনোরিয়া
C. বর্নান্ধতা    D. হিমোফিলিয়া    Ⓑ

24. রক্তের কোন গ্রুপে অ্যান্টিজেন অনুপস্থিত? [DU. 23-24]
A. গ্রুপ O    B. গ্রুপ A    C. গ্রুপ B    D. গ্রুপ AB    Ⓐ

25. O রক্তের গ্রুপধারী ব্যক্তির রক্তের প্লাজমাতে কী ধরনের অ্যান্টিবডি থাকে? [JU-D, Set-L. 23-24]
A. অ্যান্টি A    B. অ্যান্টি B
C. অ্যান্টি O    D. অ্যান্টি A ও B    Ⓓ

26. $Rh^-$ মহিলার সাথে $Rh^+$ পুরুষের বিয়ে হলে প্রথম সন্তানের কোন রোগটি হতে পারে? [JU-D, Set-P. 2021-22]
A. মাসকুলার ডিস্ট্রফি    B. হাইপারট্রাইকোসিস
C. হিমোফিলিয়া    D. এরিথ্রোব্লাস্টোসিস ফিটালিস
S Ⓓ Why গর্ভধারণজনিত জটিলতা: সন্তানসম্ভবা মহিলাদের ক্ষেত্রে Rh ফ্যাক্টর খুব গুরুত্বপূর্ণ। একজন $Rh^-$ মহিলার $Rh^+$ পুরুষের সাথে বিয়ে হলে তাদের প্রথম সন্তান হবে $Rh^+$, কারণ $Rh^+$ একটি প্রকট বিশিষ্ট। ভ্রূণ অবস্থায় সন্তানের $Rh^+$ ফ্যাক্টরযুক্ত লোহিত কণিকা অমরার মাধ্যমে মায়ের রক্তে এসে পৌঁছাবে, ফলে মায়ের রক্ত $Rh^-$ হওয়ায় তার রক্তরসে অ্যান্টি Rh ফ্যাক্টর (অ্যান্টিবডি) উৎপন্ন হবে। অ্যান্টি Rh ফ্যাক্টর মায়ের রক্ত থেকে অমরার মাধ্যমে ভ্রূণের রক্তে প্রবেশ করলে ভ্রূণের লোহিত কণিকাকে ধ্বংস করে, ভ্রূণও বিনষ্ট হয় এবং গর্ভপাত ঘটে। এ অবস্থায় শিশু জীবিত থাকলেও তার দেহে প্রচণ্ড রক্তাল্পতা এবং জন্মের পর জন্ডিস রোগ দেখা দেয়। এ অবস্থাকে এরিথ্রোব্লাস্টোসিস ফিটালিস বলে।

27. কোন গ্রুপের রক্তদাতাকে সার্বজনীন দাতা বলা হয়? [JU-D, Set-L. 2021-22]
A. $AB^+$    B. $O^-$    C. $B^+$    D. AB    Ⓑ

28. 'অরিজিন অব স্পিসিস বাই মিনস অব ন্যাচারাল সিলেকশান' বইটি কত সালে প্রকাশিত হয়? [DU. 15-16]
A. 1865    B. 1859    C. 1959    D. 1836
S Ⓑ Why প্রাকৃতিক নির্বাচনের যুক্তিযুক্ত বিশ্লেষণ ও প্রমাণাদিসহ 1859 সালের 24 শে নভেম্বর "On the Origin of Species by means of Natural Selection" গ্রন্থটি প্রকাশিত হয়।

29. দুইজন প্রকৃতিবিদ একই সময়ে অভিব্যক্তি সম্পর্কিত প্রাকৃতিক নির্বাচন উপস্থাপন করেন, এদের একজন চার্লস ডারউইন, অপরজন কে? [DU. 09-10]
A. লিনিয়াস    B. ওয়ালেস
C. কুভিয়ে    D. লায়েল
S Ⓑ Why 1858 খ্রিস্টাব্দে ডারউইন ও ওয়ালেস জৈব বিবর্তন সম্বন্ধে যে বক্তব্য রেখেছিলেন তাই পরবর্তীতে ডারউইনবাদ নামে পরিচিতি পেয়েছে।

30. পাখির ডানা, তিমির ফ্লিপার, বিড়ালের অগ্রপদ, এবং মানুষের হাত কিসের উদাহরণ? [JU-D, Set-O. 23-24]
A. সমসংস্থ অঙ্গ    B. সমবৃত্তি অঙ্গ
C. বিবর্তনীয় অঙ্গ    D. সমকার অঙ্গ    Ⓐ



CamScanner

31. 'ব্যক্তিজনি জাতিজনির পুনরাবৃত্তি করে'- মতবাদটি কে প্রবর্তন করেন? [JU-D, Set-U. 23-24]
A. দ্য ল্যামার্ক B. চার্লস রবার্ট ডারউইন
C. আর্নেস্ট হেকেল D. কার্ল ভন বেয়ার

S Ⓒ Why আর্নেস্ট হেকেল 1866 খ্রিস্টাব্দে বিভিন্ন প্রাণীর ভ্রূণের সাদৃশ্য এবং ভ্রূণের পরিস্ফুটন পর্যবেক্ষণ করে যে সিদ্ধান্তে উপনীত হন তাকে পুনরাবৃত্তি মতবাদ নামে আখ্যায়িত করা হয়। এ মতবাদ অনুযায়ী, ব্যক্তিজনি জাতিজনির পুনরাবৃত্তি করে। অর্থাৎ একটি জীবের ভ্রূণের পরিস্ফুটনকালে তার পূর্বপুরুষের ক্রমবিকাশের ঘটনাবলি পুনরাবৃত্ত হয়।

32. কোন পিরিয়ডকে সামুদ্রিক অমেরুদণ্ডী প্রাণীর যুগ বলা হয়? [JU-D, Set-N. 2022-23]
A. ডেভোনিয়ান B. ট্রায়াসিক C. পারমিয়ান D. ক্যামব্রিয়ান Ⓓ

33. আধুনিক মানুষ ও সভ্যতার উদ্ভব হয় কোন পিরিয়ডে? [JU-D, Set-T. 2022-23]
A. কোয়ার্টারনারী B. টারশিয়ারি C. ক্রিটেসিয়াস D. জুরাসিক Ⓐ

34. নব্য-ডারউইনবাদের প্রবক্তা নয় কে? [JU-D, Set-T. 2021-22]
A. ভাইজম্যান B. হাক্সলি C. হেকেল D. কোনটিই নয়

S Ⓐ Why নব্য-ডারউইনবাদীদের মধ্যে ভাইজম্যান ছাড়া হাক্সলি (T.H. Huxley), স্পেনসার (H. Spencer), জর্ডান (B.S. Jordan), গ্রে (Asa Gray) এবং হেকেল (E. Haeckel) এর নাম উল্লেখযোগ্য।

35. কোন মহাকালকে 'সরীসৃপের যুগ' বলে? [JU: Unit-D; Set-A/B;19-20]
A. আর্কিওজোয়িক B. সিনোজয়িক
C. প্যালিওজোয়িক D. মেসোজয়িক Ⓓ

36. জার্মপ্লাজম মতবাদের প্রবক্তা-
[JU:D.13-14; RU.08-09, 10-11, 11-12; JnU.07-08; BAU.06-07]
A. হেকেল B. ভাইজম্যান
C. দে ভ্রিস D. মর্গান Ⓑ

37. 'The Theory of Natural Selection'-কে প্রবর্তন করেন?/প্রাকৃতিক নির্বাচনের প্রবক্তা কে? [JU:D, 13-14]
A. Charles Robert Darwin B. Carolus Linnaeus
C. Aristotle D. Antony Von Laeeuwenhoek Ⓐ

38. কে প্রাকৃতিক নির্বাচন মতবাদ প্রদান করেন? [CoU: A. 19-20]
A. ল্যামার্ক B. ডারউইন
C. মেন্ডেল D. ভাইজম্যান

S Ⓑ Why 1859 সালে "Origin of species by means of natural selection" গ্রন্থে চার্লস রবার্ট ডারউইন অভিব্যক্তি সম্পর্কে তার সুচিন্তিত ও জোড়ালো মতবাদ প্রকাশ করেন যা প্রাকৃতিক নির্বাচন মতবাদ বা ডারউইনিজম নামে পরিচিত।

39. কোনটি পাখি ও সরীসৃপের বিবর্তনসূচক সংযোগকারী প্রাণী? [JKKNIU: B; 17-18]
A. Seymouria B. Diplovertebran
C. *Archaeopteryx* D. Cynagnathus Ⓒ

40. 'Survival of the fittest' তত্ত্বের প্রবক্তা কে? [JnU. 15-16]
A. Charles Darwin B. Charles Morgan
C. Gregor Mendel D. Lamerk Ⓐ

41. জীবাশ্ম সম্পর্কে বিজ্ঞানসম্মত আলোচনাকে বলে- [Ref: আজমল স্যার]
A. Ornithology B. Ethology
C. Etiology D. Palaeontology Ⓓ

42. জৈব বিবর্তন সম্পর্কে জার্মপ্লাজম মতবাদটি প্রবর্তন করেন- [Ref: আজমল স্যার]
A. ল্যামার্ক B. ডারউইন
C. ভাইজম্যান D. হুগো দ্য ভ্রিস Ⓒ

43. সর্বপ্রথম Genetics শব্দটি ব্যবহার করেন কে? [Ref: আলীম স্যার]
A. Bateson B. Mendel
C. Karl Correns D. De Vries Ⓐ

44. কোন ক্রসের সাহায্যে স্বাধীন সৃষ্টি প্রমাণ করা যায়? [Ref: মাজেদা ম্যাডাম]
A. টেস্ট ক্রস B. ব্যাক ক্রস
C. মনোহাইব্রিড ক্রস D. ডাই হাইব্রিড ক্রস Ⓓ

## PRIME TEST

01. সমসংস্থ ক্রোমোসোম জোড়ের নির্দিষ্ট লোকাসে অবস্থানকারী নির্দিষ্ট জিন জোড়কে কী বলে?
Ⓐ লোকাস Ⓑ অ্যালিলোমর্ফ Ⓒ জিন Ⓓ ফ্যাক্টর

02. জীবের লক্ষণ নিয়ন্ত্রণকারী জিনগুলোকে কী বলে?
Ⓐ জিনোটাইপ Ⓑ ফিনোটাইপ Ⓒ ফ্যাক্টর Ⓓ লোকাস

03. কোন মহাযুগে প্রথম স্তন্যপায়ী ও সরীসৃপ দেখা যায়?
Ⓐ প্যালিওজয়িক Ⓑ মেসোজয়িক Ⓒ প্যালিওলিক Ⓓ প্রাচীনযুগ

04. নিচের কোনটি প্রথম সূত্রের ব্যতিক্রম নয়?
Ⓐ অসম্পূর্ণ প্রকটতা Ⓑ সমপ্রকটতা Ⓒ সহ-প্রকটতা Ⓓ লিথাল জিন

05. ডুপ্লিকেট রিসিসিভ এপিস্ট্যাসিসের কারণে মেন্ডেলের সূত্রের ব্যতিক্রম অনুপাত কত হয়?
Ⓐ ৩:১ Ⓑ ৯:৭ Ⓒ ২:১ Ⓓ ১৩:৩

06. ZZ – ZW লিঙ্গ নির্ধারণ নীতি দেখা যায় নিচের কোন প্রাণিতে?
Ⓐ পাখি Ⓑ প্রজাপতি Ⓒ কিছু মাছ Ⓓ উপরের সবগুলো

07. কোনটি উভচর ও সরীসৃপের বিবর্তনসূচক সংযোগকারী প্রাণী?
Ⓐ ডিপ্লোভার্টিব্রান Ⓑ সেমুরিয়া Ⓒ মারসুপিয়াল Ⓓ পিনিপিপ

08. বর্ণান্ধ পুরুষের সাথে স্বাভাবিক নারীর বিয়ে হলে কোনটি ঘটবে না?
Ⓐ সকল কন্যা বাহক হবে Ⓑ সকল পুত্র স্বাভাবিক হবে
Ⓒ সকলের ফিনোটাইপ স্বাভাবিক হবে Ⓓ সকলের জিনোটাইপ স্বাভাবিক হবে

09. O ব্লাড গ্রুপের রক্তে কোন ধরনের অ্যান্টিবডি থাকে?
Ⓐ b Ⓑ a Ⓒ a,b Ⓓ নেই

10. যে সব লিথাল জিনের প্রভাবে 50% এর বেশি জীব মারা যায় সেগুলোকে কী বলে?
Ⓐ Mass lethal gene Ⓑ Semi lethal gene
Ⓒ Lethal gene Ⓓ Half lethal gene

11. মেন্ডেলের প্রথম সূত্রের ফিনোটাইপিক অনুপাত কোনটি?
Ⓐ ২:১ Ⓑ ৩:১ Ⓒ ৯:৩:৩:১ Ⓓ ৯:৭

12. নিচের কোনটি পলিজেনিক জিনের অস্বাভাবিকতার কারণে সৃষ্টি হয়?
Ⓐ অটিজম Ⓑ ক্যান্সার
Ⓒ ডায়াবেটিস টাইপ-২ Ⓓ সবগুলো

13. হাইপারট্রাইকোসিসে কোনটি হয়?
Ⓐ অস্বাভাবিক মূত্রত্যাগ Ⓑ শারীরিক অক্ষমতা
Ⓒ সমগ্র দেহে ঘন লোমের উপস্থিতি Ⓓ সবগুলো

14. হিমোফিলিয়ার ক্ষেত্রে পুরুষে কোন অবস্থা সম্ভব নয়?
Ⓐ স্বাভাবিক Ⓑ স্বাভাবিক কিন্তু বাহক
Ⓒ হিমোফিলিক Ⓓ কোনটিই নয়

15. কত সালে মানুষের রক্তের গ্রুপ আবিষ্কৃত হয়?
Ⓐ 1901 Ⓑ 1902 Ⓒ 1903 Ⓓ 1904

16. $Rh^{+}$ পিতা ও $Rh^{-}$ মাতার ২য় সন্তানের যে সকল সমস্যা হয় তাকে একত্রে কী বলে?
Ⓐ হিমোফিলিয়া Ⓑ Muscular dystrophy
Ⓒ Erythroblastosis Ⓓ সবগুলো

17. প্রাণিজগৎ-কে মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী-এ ২ ভাগে ভাগ করেন কে?
Ⓐ ল্যামার্ক Ⓑ এরিস্টটল Ⓒ ডেমোক্রিটাস Ⓓ ভাইজ ম্যান

18. জার্মপ্লাজম-সোমাটোপ্লাজম তত্ত্বের প্রবক্তা কে?
Ⓐ ডারউইন Ⓑ ভাইজম্যান Ⓒ ল্যামার্ক Ⓓ এরিস্টটল

19. পৃথিবীকে ৬টি অঞ্চলে ভাগ করেন কে?
Ⓐ আলফ্রেড রাসেল ওয়ালেস Ⓑ ওয়েবার
Ⓒ ডারউইন Ⓓ ল্যামার্ক

20. কোন জীবাশ্ম পাওয়া যায় না কোন যুগে?
Ⓐ প্যালিওজয়িক Ⓑ সিনোজয়িক Ⓒ আর্কিওজয়িক Ⓓ মেসোজয়িক

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.A | 03.B | 04.C | 05.B | 06.D | 07.B | 08.D | 09.C | 10.B |
| 11.B | 12.D | 13.C | 14.B | 15.A | 16.C | 17.A | 18.B | 19.A | 20.C |



CS CamScanner

অধ্যায় ১২

# প্রাণীর আচরণ

জীববিজ্ঞান ২য় পত্র

| সাজেশনস্ | RATINGS | | |
|---|---|---|---|
| | ★★★ | ★★ | ★ |
| আচরণ | বিভিন্ন বিজ্ঞানীর অবদান | উদ্দীপনা | – |
| সহজাত আচরণ | চলন আচরণ বা ট্যাক্সিস এবং এর প্রকারভেদ | অ্যাল্ট্রুইজম ও এর উদাহরণ | সহজাত আচরণের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও উদাহরণ |

## TOPIC-01 ট্যাক্সেস ও রিফ্লেক্স

01. উদ্দীপনা উৎসের ভিত্তিতে ট্যাক্সেসের প্রকারভেদ:

| প্রকারভেদ | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|
| অ্যারোট্যাক্সিস | জীব যখন অক্সিজেন ঘনত্বের পার্থক্যের কারণে সাড়া দেয় | - |
| কেমোট্যাক্সিস | জীব এক্ষেত্রে পরিবেশে রাসায়নিক ঘনত্বের তারতম্যের কারণে সাড়া দেয়। | *Amoeba* গাঢ় ক্ষার ও চিনি দ্রবণে *Paramecium* বেশির ভাগ রাসায়নিক দ্রব্যের প্রতি ঋণাত্মক সাড়া প্রদান করে কিন্তু মৃদু এসিডের প্রতি ধনাত্মক সাড়া প্রদান করে। |
| এনার্জি ট্যাক্সিস | এ ধরনের দিকমুখিতায় জীবকোষের অভ্যন্তরস্থ শক্তির অবস্থা বিবেচনা করে সর্বোচ্চ বিপাকীয় কাজের দিকে সাড়া দেয়। | - |
| গ্র্যাভিট্যাক্সিস বা জিওট্যাক্সিস | জীবের অভিকর্ষজনিত সাড়াদান। বিভিন্ন প্রাণীর লার্ভা দশায় পজিটিভ ও নেগেটিভ দুধরনের গ্র্যাভিট্যাক্সিসই দেখা যায়। | *Catterpilar, Paramecium* |
| গ্যালভানো ট্যাক্সিস বা ইলেক্ট্রোট্যাক্সিস | এ ক্ষেত্রে সাড়াদানের উৎস হচ্ছে বৈদ্যুতিক ক্ষেত্র। | *Paramecium*, চিংড়িধারী অ্যাকুরিয়াম |
| ম্যাগনেটোট্যাক্সিস | চুম্বকক্ষেত্র সংশ্লিষ্ট সাড়াদান। | পাখির অভিপ্রয়াণ সঠিক পথে চলতে সহায়তা করে |
| ফোনোট্যাক্সিস | শব্দের প্রতি সাড়া দিয়ে জীবের চলন। | পানিতে শব্দ করার ফলে মাছের ধনাত্মক ও ঋণাত্মক ট্যাক্সিস |
| ফটোট্যাক্সিস | আলোর তীব্রতা ও দিকের প্রতি সাড়া দিয়ে জীবের চলন। | উইপোকা, আরশোলা, *Paramecium*, মাছি, *Euglena*, কেঁচো, *Planaria*। |
| রিওট্যাক্সিস | তরল পদার্থে প্রাণীর স্রোতজনিত ট্যাক্সিস। | অধিকাংশ প্ল্যাঙ্কটন ও মাছের পোনা পানির স্রোতের সঙ্গে ধনাত্মক এবং *Paramecium*, ইলিশ মাছ, কার্পজাতীয় মাছ, স্যামন মাছ ইত্যাদি প্রজনন ঋতুতে স্রোতের বিপরীত দিকে ঋণাত্মক রিওট্যাক্সিস প্রদর্শন করে। |
| থার্মোট্যাক্সিস | জীবের তাপের তারতম্যের কারণে প্রাণীর চলন। | *Amoeba, Euglena, Paramecium*, মানুষ উষ্ণ তাপমাত্রার পক্ষে ঋণাত্মক থার্মোট্যাক্সিস এবং তুলনামূলক শীতলতার পক্ষে ধনাত্মক থার্মোট্যাক্সিস। |
| থিগমোট্যাক্সিস | স্পর্শের প্রতিক্রিয়াজনিত ট্যাক্সিস। | *Paramecium*, মানুষ কোনো কিছুর স্পর্শে ধনাত্মক এবং নরম স্পর্শে ঋণাত্মক থিগমোট্যাক্সিস প্রদর্শন করে। |
| হাইগ্রোট্যাক্সিস | আর্দ্রতা যখন প্রাণীর চলাচলকে প্রভাবিত করে তখন তাকে হাইগ্রোট্যাক্সিস বলে। | কেঁচোর ভেজা মাটির দিকে গমন |
| অ্যানিমোট্যাক্সিস | বায়ু প্রবাহ দ্বারা প্রভাবিত হয়ে প্রাণীর চলাচলকে অ্যানিমোট্যাক্সিস বলে। | পাখি, পতঙ্গ |
| সাপেক্ষ ট্যাক্সিস | যখন কোনো প্রাণী একই সময়ে দুই বা ততোধিক ট্যাক্সিস প্রদর্শন করে তখন তাকে সাপেক্ষ ট্যাক্সিস বলে। | কিছু প্রজাপতি স্থির পাতার জন্য বিশেষ উদ্ভিদের গন্ধ ও সবুজ পাতার দিকে গমন করে। |
| স্টেরিওট্যাক্সিস | কোনো প্রাণীর সমতল ও মসৃণ তলে সাড়া প্রদান করে চলাচলকে বলা হয় স্টেরিওট্যাক্সিস। | ইঁদুর, তেলাপোকা ইত্যাদি প্রাণী মসৃণ প্রাচীর বা ছাদের দিকে বেয়ে চলতে পারে যা ধনাত্মক স্টেরিওট্যাক্সিস। |
| স্কোটোট্যাক্সিস | যখন কোনো প্রাণী আলোর উৎস হতে দূরে যায় না কিন্তু ছায়া পছন্দ করে, তখন তাদের এরূপ আচরণকে স্কোটোট্যাক্সিস বলে। | - |

02. উদ্দীপক ও গ্রাহক অঙ্গের সম্পর্কের উপর ভিত্তি করে ট্যাক্সিস এর প্রকারভেদ:

| প্রকারভেদ | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|
| ক্লাইনোট্যাক্সিস | যে সব প্রাণীতে এ ট্যাক্সিস ঘটে সে সব প্রাণীতে কোনো জোড় সংবেদী অঙ্গ থাকে না। | [illegible] ও ব্লোফ্লাই, *Musca, Calliphora, Lucilia* ইত্যাদি। |
| মেনোট্যাক্সিস | প্রাণীর দিকমুখিতা থাকে কৌণিক ধরনের। | সূর্যের প্রতি সাড়া দিয়ে পিঁপড়া, মৌমাছির চলন। |
| নেমোট্যাক্সিস | এটি কোনো প্রাণীর স্মৃতিমূলক সাড়াদান। | পিঁপড়া, *Neomys fodiens* নামক জলজ প্রাণী। |
| টেলোট্যাক্সিস | শক্তিশালী উদ্দীপকের প্রতি সাড়াদান। এ ক্ষেত্রে প্রাণিদেহে জোড় সংবেদী অঙ্গ থাকে। | একটি মৌমাছি যখন খাদ্যের খোঁজে চাক থেকে বের হয় তখন একদিকে সূর্য, অন্যদিকে ফুল এ দুটি উদ্দীপক থাকে। এ দুই উদ্দীপকের মধ্যে ফুল এর উদ্দীপনা বেশি হওয়ায় মৌমাছি ফুলে গিয়ে বসে, তারপর বাসায় ফেরে মধ্যপথে অগ্রসর হয় না। |

| প্রকারভেদ | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|
| ট্রোপোট্যাক্সিস | দুই বা ততোধিক সংবেদগ্রাহী অঙ্গে একটি উদ্দীপকের উদ্দীপনা একসঙ্গে গৃহীত হলে ভারসাম্যমূলক ট্যাক্সিস। | মাছের উকুনে এ ধরনের ট্যাক্সিস দেখা যায়। |

## TOPIC-02 আচরণ

জন্মগত যে শক্তির সাহায্যে একটি প্রজাতির সকল সদস্য কোনো শিক্ষণ ছাড়া এবং উদ্দেশ্য ও ফলাফল সম্বন্ধে অবহিত না থেকে আত্মরক্ষা ও প্রজাতিরক্ষায় বংশ পরম্পরায় একইভাবে কাজ করে থাকে সেটাই ইনসটিংক্ট'স।

**01. FAP (Fixed Action Pattern):**
বিশ্বখ্যাত আচরণবিজ্ঞানী লরেঞ্জ প্রদত্ত মানদন্ড অনুযায়ী একটি FAP কে অবশ্যই নিম্নোক্ত বৈশিষ্ট্যসম্পন্ন হতে হবে।
- **ছাঁচসম্মত:** আচরণ সব সময় একই রকম হবে।
- **সার্বজনীনতা:** একটি প্রজাতির সকল সদস্যে এ আচরণ প্রদর্শিত হবে।
- **ব্যক্তিগত অভিজ্ঞতা বহির্ভূত:** বিচ্ছিন্ন অবস্থায় থাকলেও প্রজাতির সব সদস্যে একই আচরন প্রকাশিত হবে।
- **ব্যালিসটিকনেস:** সাড়া একবার দেওয়া হলে পরিস্থিতির পরিবর্তন সাপেক্ষেও তা অপরিবর্তিত থাকে।
- **উদ্দেশ্যের একনিষ্ঠতা:** একটিমাত্র কাজ করে।

**02. রাণী মৌমাছি, পুরুষ ও কর্মী মৌমাছির মধ্যে পার্থক্য:**

| বিষয় | রাণী মৌমাছি (উর্বর) | পুরুষ মৌমাছি (ড্রন মৌমাছি) | কর্মী মৌমাছি (বন্ধ্যা মৌমাছি) |
|---|---|---|---|
| আকার | আকারে বড় | আকারে কিছুটা ছোট তবে কর্মী মৌমাছির চেয়ে অপেক্ষাকৃত বড় | আকারে সবচেয়ে ছোট |
| প্রজনন | প্রজননে সক্ষম | প্রজননে সক্ষম | প্রজননে অক্ষম |
| ক্রোমোসোম সংখ্যা | 2n | n | 2n |
| মধু ও পরাগ সংগ্রহ | অংশ নেয় না | অংশ নেয় না | অংশ নেয় |
| ফেরোমন | নিঃসৃত করে | নিঃসৃত করে না | নিঃসৃত করে না |
| আয়ুষ্কাল | প্রায় 2-3 বছর | প্রায় 50-60 দিন | প্রায় 50 দিন |
| প্রতি মৌচাকে সংখ্যা | একটি | কয়েকটি | 10-80 হাজার |
| মৌচাকের কাজ | অংশ নেয় না | অংশ নেয় না | অংশ নেয় |
| খাদ্য সংগ্রহ | খাদ্য সংগ্রহে অক্ষম | খাদ্য সংগ্রহে অক্ষম | খাদ্য সংগ্রহে সক্ষম |

- **রাজকীয় জেলি:** এটি কর্মী মৌমাছির হাইপোফ্যারিনজিয়াল ও ম্যান্ডিবুলার গ্রন্থি থেকে ক্ষরিত ভিটামিন, প্রোটিন ও স্টেরয়েড সমৃদ্ধ এক ধরনের পুষ্টিকর খাদ্য যা রাণী মৌমাছিকে লার্ভা দশায় ও পূর্ণাঙ্গ দশায় খাওয়ানো হয় (পানি ৬০-৭০%, প্রোটিন ১২-১৫%, লিপিড ৩-৬%, চিনি ১০-১৬%, ভিটামিন ২%-৩%, লবণ ও অ্যামিনো এসিড)।
- মৌচাকে কর্মী মৌমাছির সংখ্যা অধিক বেড়ে গেলে রাণী মৌমাছি কর্মী মৌমাছির চাপে নতুন আবাস গড়ার উদ্দেশ্যে চাকের অর্ধেক কর্মী মৌমাছি নিয়ে ঝাঁক বেড়ে উড়ে যায়। একে সোয়ার্মিং বলে।
- কর্মী মৌমাছির মধ্যে অ্যালট্রুইজম সবচেয়ে বেশি দেখা যায়, পরিত্যাক্ত চাকে নতুন রাণীর পুরুষ অনুগামী সহ উড্ডয়নকে নাপসিয়াল উড্ডয়ন বলে।
- **মৌমাছির নৃত্য:** মৌমাছির নৃত্যকে মৌমাছির ভাষা বলে। 1947 খ্রিস্টাব্দে বিজ্ঞানি কার্ল ফন ফ্রিস মৌমাছির নৃত্যের গতি-প্রকৃতি সম্পর্কে প্রথম আলোকপাত করেন। এ জন্য তাঁকে 1973 খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার প্রদান করা হয়। মৌমাছির নৃত্য দু'প্রকারের- i. চক্রাকার নৃত্য (১০০ মিটারের কম দূরত্বের জন্য) ii. ওয়াগল নৃত্য (ইংরেজি '8' এর মতো দেখায়, ১৫০ মিটারের অধিক দূরত্বের জন্য)।

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- Niko Tinbergen কে ইথোলজির জনক বলা হয়।
- বিখ্যাত আচরণ বিজ্ঞানী লরেঞ্জ (Lorenz) সর্বপ্রথম Releaser শব্দটি প্রয়োগ করেন।
- ম্যাগনেটোট্যাক্সিস হলো চুম্বকক্ষেত্র সংশ্লিষ্ট সাড়া দান।
- জিওট্যাক্সিস হলো জীবের অভিকর্ষজনিত সাড়া দান।
- দৈহিক স্পর্শজনিত ট্যাক্সিস হলো থিগমোট্যাক্সিস।
- তরল পদার্থে প্রাণির স্রোতজনিত ট্যাক্সিস হলো রিওট্যাক্সিস।
- ব্লোফ্লাই ও বাটারফ্লাই এর লার্ভায় ক্লাইনোট্যাক্সিস দেখা যায়।
- মেনোট্যাক্সিস হলো সূর্যের প্রতি সাড়া দিয়ে পিঁপড়ার চলন।
- মাছের উকুনে ট্রোপোট্যাক্সিস দেখা যায়।
- ডারউইন সর্বপ্রথম ইনসটিংক্টের বাস্তবমুখী সংজ্ঞা দেন।
- মাকড়সার জাল বোনা, মৌমাছির মৌচাক তৈরি, বাবুই পাখির বাসা তৈরি এবং শিশুর স্তন্যপান হলো সহজাত আচরণের উদাহরণ।
- ক্যাটারপিলার লার্ভা উপরের দিকে এবং এদের পিউপা নিচের দিকে গমন করে যথাক্রমে ধনাত্মক ও ঋণাত্মক জিওট্যাক্সিস প্রদর্শন করে।
- ঘাসফড়িং আলোর প্রতি ধনাত্মক এবং আরশোলা ঋণাত্মক ফটোট্যাক্সিস প্রদর্শন করে।
- কার্প জাতীয় মাছ প্রজননের সময় ঋণাত্মক রিওট্যাক্সিস প্রদর্শন করে।
- বাংলাদেশে প্রায় ৫০০ প্রজাতির স্থায়ী পাখি রয়েছে এবং অস্থায়ী বা বিদেশী পাখি রয়েছে প্রায় ৩০০ প্রজাতির।
- হ্যান্স পিটার্স (Hans Peters) সর্বপ্রথম মাকড়সার জাল বোনার ধাপ পর্যবেক্ষণ করেছিলেন।
- একই ব্যাসের ইস্পাতের সুতা অপেক্ষা মাকড়শার সুতা বেশি শক্তিশালী এবং নাইলনের চেয়ে দ্বিগুণ স্থিতিস্থাপক।
- মাকড়শার সুতা টান দিয়ে ছিঁড়তে গেলে ছেঁড়ার আগে সুতা এক পঞ্চমাংশ পর্যন্ত লম্বা হতে পারে।
- মাকড়শার সুতায় স্ক্লেরোপ্রোটিন নামক প্রোটিন থাকে।
- কুকুরের লালা ক্ষরণের সাপেক্ষ প্রতিবর্ত চমৎকার ব্যাখ্যা দিয়েছেন বিজ্ঞানী প্যাভলভ।
- রাণী মৌমাছি একমাত্র উর্বর মৌমাছি।
- ড্রোন বা পুরুষ মৌমাছি সংখ্যায় কয়েকশ থাকে। সঙ্গমই পুরুষ মৌমাছির একমাত্র কাজ।
- কর্মী বা বন্ধ্যা মৌমাছি সংখ্যায় ৬০-৮০ হাজার।
- কার্ল ভন ফ্রিস মৌমাছির নৃত্যের গতি প্রকৃতি সম্পর্কে প্রথম আলোকপাত করেন।
- কর্মী মৌমাছি ৩-৪ দিন বয়সে চাকের মধু-কুঠুরি পরিষ্কারের কাজে লেগে যায়।
- বন্ধ্যা মৌমাছি ১৮-২০ দিন বয়সে মধু আহরণে বের হয়।
- স্থানাভাব দেখা দিলে রাণী মৌমাছি চাকের প্রায় অর্ধেক কর্মী মৌমাছিসহ ঝাঁক বেঁধে উড়ে যায় যাকে সোয়ার্মিং বলে।
- রাজকীয় জেলি রাণী মৌমাছিকে লার্ভা দশায় ও পূর্ণাঙ্গ দশায় খাওয়ানো হয়।
- রাণী মরে গেলে কিংবা প্রজননে অক্ষম হলে কর্মীরা বিকাশরত লার্ভাকে বিশেষভাবে তৈরি রাজকীয় জেলি খাওয়ায়ে কলোনিতে ১৬ দিনের মধ্যে নতুন রাণী সৃষ্টি করে। এ ঘটনাকে সুপার সিডিওর বলে।
- ওয়ালগল নৃত্যের মাধ্যমে মৌমাছি বাসা থেকে ১৫০ মিটার অধিক দূরত্বের কোন খাদ্যের উৎস সম্পর্কে অন্যান্য সদস্যদের অবহিত করে।
- তিন কাটা স্টিকলব্যাক অক্সিজেন চাহিদা নিশ্চিত করতে পানিস্রোত অব্যাহত রাখে। এ প্রক্রিয়ার নাম ফ্যানিং।
- কিছু পাখি আছে যা অন্যদেশে যাওয়ার আগে দু একদিন বাংলাদেশে অবস্থান করার পর নির্দিষ্ট দেশে উড়াল দেয়। এসব পাখি ট্রানসিয়েন্ট পরিযায়ী।



CamScanner

| প্রকারভেদ | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|
| ট্রোপোট্যাক্সিস | দুই বা ততোধিক সংবেদগ্রাহী অঙ্গে একটি উদ্দীপকের উদ্দীপনা একসঙ্গে গৃহীত হলে ভারসাম্যমূলক ট্যাক্সিস। | মাছের উকুনে এ ধরনের ট্যাক্সিস দেখা যায়। |

## TOPIC-02 আচরণ

জন্মগত যে শক্তির সাহায্যে একটি প্রজাতির সকল সদস্য কোনো শিক্ষণ ছাড়া এবং উদ্দেশ্য ও ফলাফল সম্বন্ধে অবহিত না থেকে আত্মরক্ষা ও প্রজাতিরক্ষায় বংশ পরম্পরায় একইভাবে কাজ করে থাকে সেটাই ইনসটিংক্ট'স।

**01. FAP (Fixed Action Pattern):**
বিশ্বখ্যাত আচরণবিজ্ঞানী লরেঞ্জ প্রদত্ত মানদণ্ড অনুযায়ী একটি FAP কে অবশ্যই নিম্নোক্ত বৈশিষ্ট্যসম্পন্ন হতে হবে।
- **ছাঁচসম্মত:** আচরণ সব সময় একই রকম হবে।
- **সার্বজনীনতা:** একটি প্রজাতির সকল সদস্যে এ আচরণ প্রদর্শিত হবে।
- **ব্যক্তিগত অভিজ্ঞতা বহির্ভূত:** বিচ্ছিন্ন অবস্থায় থাকলেও প্রজাতির সব সদস্যে একই আচরন প্রকাশিত হবে।
- **ব্যালিসটিকনেস:** সাড়া একবার দেওয়া হলে পরিস্থিতির পরিবর্তন সাপেক্ষেও তা অপরিবর্তিত থাকে।
- **উদ্দেশ্যের একনিষ্ঠতা:** একটিমাত্র কাজ করে।

**02. রাণী মৌমাছি, পুরুষ ও কর্মী মৌমাছির মধ্যে পার্থক্য:**

| বিষয় | রাণী মৌমাছি (উর্বর) | পুরুষ মৌমাছি (ড্রন মৌমাছি) | কর্মী মৌমাছি (বন্ধ্যা মৌমাছি) |
|---|---|---|---|
| আকার | আকারে বড় | আকারে কিছুটা ছোট তবে কর্মী মৌমাছির চেয়ে অপেক্ষাকৃত বড় | আকারে সবচেয়ে ছোট |
| প্রজনন | প্রজননে সক্ষম | প্রজননে সক্ষম | প্রজননে অক্ষম |
| ক্রোমোসোম সংখ্যা | 2n | n | 2n |
| মধু ও পরাগ সংগ্রহ | অংশ নেয় না | অংশ নেয় না | অংশ নেয় |
| ফেরোমন | নিঃসৃত করে | নিঃসৃত করে না | নিঃসৃত করে না |
| আয়ুষ্কাল | প্রায় 2-3 বছর | প্রায় 50-60 দিন | প্রায় 50 দিন |
| প্রতি মৌচাকে সংখ্যা | একটি | কয়েকটি | 10-80 হাজার |
| মৌচাকের কাজ | অংশ নেয় না | অংশ নেয় না | অংশ নেয় |
| খাদ্য সংগ্রহ | খাদ্য সংগ্রহে অক্ষম | খাদ্য সংগ্রহে অক্ষম | খাদ্য সংগ্রহে সক্ষম |

- **রাজকীয় জেলি:** এটি কর্মী মৌমাছির হাইপোফ্যারিনজিয়াল ও ম্যান্ডিবুলার গ্রন্থি থেকে ক্ষরিত ভিটামিন, প্রোটিন ও স্টেরয়েড সমৃদ্ধ এক ধরনের পুষ্টিকর খাদ্য যা রাণী মৌমাছিকে লার্ভা দশায় ও পূর্ণাঙ্গ দশায় খাওয়ানো হয় (পানি ৬০-৭০%, প্রোটিন ১২-১৫%, লিপিড ৩-৬%, চিনি ১০-১৬%, ভিটামিন ২%-৩%, লবণ ও অ্যামিনো এসিড)।
- মৌচাকে কর্মী মৌমাছির সংখ্যা অধিক বেড়ে গেলে রাণী মৌমাছি কর্মী মৌমাছির চাপে নতুন আবাস গড়ার উদ্দেশ্যে চাকের অর্ধেক কর্মী মৌমাছি নিয়ে ঝাঁক বেড়ে উড়ে যায়। একে সোয়ার্মিং বলে।
- কর্মী মৌমাছির মধ্যে অ্যালট্রুইজম সবচেয়ে বেশি দেখা যায়, পরিত্যাক্ত চাকে নতুন রাণীর পুরুষ অনুগামী সহ উড্ডয়নকে নাপসিয়াল উড্ডয়ন বলে।
- **মৌমাছির নৃত্য:** মৌমাছির নৃত্যকে মৌমাছির ভাষা বলে। 1947 খ্রিস্টাব্দে বিজ্ঞানি কার্ল ফন ফ্রিস মৌমাছির নৃত্যের গতি-প্রকৃতি সম্পর্কে প্রথম আলোকপাত করেন। এ জন্য তাঁকে 1973 খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার প্রদান করা হয়। মৌমাছির নৃত্য দু'প্রকারের- i. চক্রাকার নৃত্য (১০০ মিটারের কম দূরত্বের জন্য) ii. ওয়াগল নৃত্য (ইংরেজি '8' এর মতো দেখায়, ১৫০ মিটারের অধিক দূরত্বের জন্য)।

### এক নজরে গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- Niko Tinbergen কে ইথোলজির জনক বলা হয়।
- বিখ্যাত আচরণ বিজ্ঞানী লরেঞ্জ (Lorenz) সর্বপ্রথম Releaser শব্দটি প্রয়োগ করেন।
- ম্যাগনেটোট্যাক্সিস হলো চুম্বকক্ষেত্র সংশ্লিষ্ট সাড়া দান।
- জিওট্যাক্সিস হলো জীবের অভিকর্ষজনিত সাড়া দান।
- দৈহিক স্পর্শজনিত ট্যাক্সিস হলো থিগমোট্যাক্সিস।
- তরল পদার্থে প্রাণির স্রোতজনিত ট্যাক্সিস হলো রিওট্যাক্সিস।
- ব্লোফ্লাই ও বাটারফ্লাই এর লার্ভায় ক্লাইনোট্যাক্সিস দেখা যায়।
- মেনোট্যাক্সিস হলো সূর্যের প্রতি সাড়া দিয়ে পিঁপড়ার চলন।
- মাছের উকুনে ট্রোপোট্যাক্সিস দেখা যায়।
- ডারউইন সর্বপ্রথম ইনসটিংক্টের বাস্তবমুখী সংজ্ঞা দেন।
- মাকড়সার জাল বোনা, মৌমাছির মৌচাক তৈরি, বাবুই পাখির বাসা তৈরি এবং শিশুর স্তন্যপান হলো সহজাত আচরণের উদাহরণ।
- ক্যাটারপিলার লার্ভা উপরের দিকে এবং এদের পিউপা নিচের দিকে গমন করে যথাক্রমে ধনাত্মক ও ঋণাত্মক জিওট্যাক্সিস প্রদর্শন করে।
- ঘাসফড়িং আলোর প্রতি ধনাত্মক এবং আরশোলা ঋণাত্মক ফটোট্যাক্সিস প্রদর্শন করে।
- কার্প জাতীয় মাছ প্রজননের সময় ঋণাত্মক রিওট্যাক্সিস প্রদর্শন করে।
- বাংলাদেশে প্রায় ৫০০ প্রজাতির স্থায়ী পাখি রয়েছে এবং অস্থায়ী বা বিদেশী পাখি রয়েছে প্রায় ৩০০ প্রজাতির।
- হ্যান্স পিটার্স (Hans Peters) সর্বপ্রথম মাকড়সার জাল বোনার ধাপ পর্যবেক্ষণ করেছিলেন।
- একই ব্যাসের ইস্পাতের সুতা অপেক্ষা মাকড়শার সুতা বেশি শক্তিশালী এবং নাইলনের চেয়ে দ্বিগুণ স্থিতিস্থাপক।
- মাকড়শার সুতা টান দিয়ে ছিঁড়তে গেলে ছেঁড়ার আগে সুতা এক পঞ্চমাংশ পর্যন্ত লম্বা হতে পারে।
- মাকড়শার সুতায় স্ক্লেরোপ্রোটিন নামক প্রোটিন থাকে।
- কুকুরের লালা ক্ষরণের সাপেক্ষ প্রতিবর্ত চমৎকার ব্যাখ্যা দিয়েছেন বিজ্ঞানী প্যাভলভ।
- রাণী মৌমাছি একমাত্র উর্বর মৌমাছি।
- ড্রোন বা পুরুষ মৌমাছি সংখ্যায় কয়েকশ থাকে। সঙ্গমই পুরুষ মৌমাছির একমাত্র কাজ।
- কর্মী বা বন্ধ্যা মৌমাছি সংখ্যায় ৬০-৮০ হাজার।
- কার্ল ভন ফ্রিস মৌমাছির নৃত্যের গতি প্রকৃতি সম্পর্কে প্রথম আলোকপাত করেন।
- কর্মী মৌমাছি ৩-৪ দিন বয়সে চাঁকের মধু-কুঠুরি পরিষ্কারের কাজে লেগে যায়।
- বন্ধ্যা মৌমাছি ১৮-২০ দিন বয়সে মধু আহরণে বের হয়।
- স্থানাভাব দেখা দিলে রাণী মৌমাছি চাকের প্রায় অর্ধেক কর্মী মৌমাছিসহ ঝাঁক বেঁধে উড়ে যায় যাকে সোয়ার্মিং বলে।
- রাজকীয় জেলি রাণী মৌমাছিকে লার্ভা দশায় ও পূর্ণাঙ্গ দশায় খাওয়ানো হয়।
- রাণী মরে গেলে কিংবা প্রজননে অক্ষম হলে কর্মীরা বিকাশরত লার্ভাকে বিশেষভাবে তৈরি রাজকীয় জেলি খাওয়ায়ে কলোনিতে ১৬ দিনের মধ্যে নতুন রাণী সৃষ্টি করে। এ ঘটনাকে সুপার সিডিওর বলে।
- ওয়ালগল নৃত্যের মাধ্যমে মৌমাছি বাসা থেকে ১৫০ মিটার অধিক দূরত্বের কোন খাদ্যের উৎস সম্পর্কে অন্যান্য সদস্যদের অবহিত করে।
- তিন কাটা স্টিকলব্যাক অক্সিজেন চাহিদা নিশ্চিত করতে পানিস্রোত অব্যাহত রাখে। এ প্রক্রিয়ার নাম ফ্যানিং।
- কিছু পাখি আছে যা অন্যদেশে যাওয়ার আগে দু একদিন বাংলাদেশে অবস্থান করার পর নির্দিষ্ট দেশে উড়াল দেয়। এসব পাখি ট্রানসিয়েন্ট পরিযায়ী।



CamScanner

...গোল্ডেন প্লোভার পাখিরা বিরতিহীনভাবে উড়ে ১৪০০ মাইল দূরবর্তী দক্ষিণ আমেরিকায় পৌঁছার প্রমাণ আছে।
- বায়ুপ্রবাহ দ্বারা প্রভাবিত হয়ে প্রাণীর চলাচলকে বলে- অ্যানিমোট্যাক্সিস
- ...রিফ্লেক্স (প্রতিবর্তী চক্র) ৫টি অংশ নিয়ে গঠিত হয়।
- ...মাছের জনন সম্পন্ন হয়- বসন্তকালে
- ...ব্যাঙের রূপান্তরের সময় লাগে- 40 দিন

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য কমনউপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্ন

01. জীব যখন বৈদ্যুতিক ক্ষেত্রের প্রতি সাড়া দেয় তাকে কি বলে? [JU-D, Set-H, 2022-23]
A. Aerotaxis B. Phototaxis
C. Galvanotaxis D. Rheotaxis **Ⓒ**

02. অক্সিজেনের ঘনত্বের পার্থক্যের সাথে সম্পর্কিত কোনটি? [JU-D, Set-F, 2022-23]
A. Aerotaxis B. Chemotaxis
C. Phototaxis D. Rheotaxis **Ⓐ**

03. শব্দের প্রতি সাড়া দিয়ে জীবের চলনকে কী বলে? [JU-D, Set-L, 2022-23]
A. Aerotaxis B. Phonotaxis
C. Galvanotaxis D. Geotaxis **Ⓑ**

04. জীবকোষের অভ্যন্তরীণ শক্তির অবস্থা বিবেচনায় সাড়া প্রদানকে কি বলে? [JU-D, Set-R, 2022-23]
A. Phonotaxis B. Thigmotaxis
C. Enetaxis D. Energytaxis **Ⓓ**

05. শীতের পাখি অভিপ্রয়াণ (পরিযান) কোন ধরনের আচরণ? [DU. 17-18]
A. অভ্যাসগত B. সহজাত
C. শিক্ষণ D. অনুকরণ **Ⓑ**

06. ফেরোমন ক্ষরণ করে কোন ধরনের মৌমাছি? [JU-D, Set-F, 20-21]
A. পুরুষ B. রাণী
C. কর্মী D. সবকটি

**SⒷWhy** রাণী মৌমাছির ম্যান্ডিবুলার গ্রন্থি থেকে Queen substance নামক এক বিশেষ ধরনের ফেরোমন নিঃসৃত হয়। এ ফেরোমন কর্মীদের জননাঙ্গের পরিপক্বতায় বাধা প্রদান করে।

07. কোন মৌমাছি রয়েল জেলি তৈরি করে? [CU-A, Shift-2: 22-23]
A. রাণী B. ড্রোন
C. কর্মী D. ড্রোন ও কর্মী মৌমাছি

**SⒸWhy** কর্মী মৌমাছির গঠন ও কাজ: এদের পায়ে পরাগ সংগ্রহের থলি বা পরাগঝুড়ি এবং রেণু চিরুনি থাকে। এদের উদরের অঙ্কীয়দেশে মোম নিঃসরণের জন্য মোমগ্রন্থি থাকে। দেহের শেষভাগে হুল এবং মস্তকে একটি শোষক নল বা দীর্ঘ প্রোবোসিস বিদ্যমান।

- রয়েল বা রাজকীয় জেলী কর্মী মৌমাছির হাইপোফ্যারিনজিয়াল ও ম্যান্ডিবুলার গ্রন্থি থেকে ক্ষরিত ভিটামিন, প্রোটিন ও স্টেরয়েড সমৃদ্ধ এক ধরনের পুষ্টিকর খাদ্য যা রাণী মৌমাছিকে লার্ভা দশায় ও পূর্ণাঙ্গ দশায় খাওয়ানো হয়।

## PRIME TEST

01. 'Historia Animalium' কার রচনা?
Ⓐ William Harvey Ⓑ Aristotle
Ⓒ Charles Darwin Ⓓ Manning

02. FAP এর বৈশিষ্ট্য নয় কোনটি?
Ⓐ ছাঁচ সম্পন্ন Ⓑ সার্বজনীনতা
Ⓒ ব্যক্তিগত অভিজ্ঞতা অন্তর্গত Ⓓ উদ্দেশ্যের একনিষ্ঠতা

03. মাছের উকুনে কোন ট্যাক্সিস দেখা যায়?
Ⓐ ক্লাইনোট্যাক্সিস Ⓑ ট্রোপোট্যাক্সিস
Ⓒ মেনোট্যাক্সিস Ⓓ নেমোট্যাক্সিস

04. পিপীলিকা কোন উদ্দীপক ব্যবহার করে অন্য প্রাণীদের আকর্ষণ করে?
Ⓐ রাসায়নিক উদ্দীপক Ⓑ শব্দ উদ্দীপক
Ⓒ দর্শন উদ্দীপক Ⓓ স্পর্শ উদ্দীপক

05. গিরগিটি অতিরিক্ত গরমের সময় নিজেকে রক্ষা করার জন্য শীতল স্থানে যায় একে কী বলে?
Ⓐ শীতনিদ্রা Ⓑ গ্রীষ্মনিদ্রা
Ⓒ সহজাত আচরণ Ⓓ মাইগ্রেশন

06. FAP কীভাবে নির্ধারিত?
Ⓐ স্থানভেদে Ⓑ জিনগতভাবে
Ⓒ কোষ অনুযায়ী Ⓓ কোনটিই নয়

07. নিচের কোনটি থার্মোট্যাক্সিসের আচরণের উদাহরণ নয়?
Ⓐ Paramecium Ⓑ Amoeba Ⓒ Euglena Ⓓ Ascidia

08. প্রাণী উদ্দীপকের উৎসের দিকে গমন করা কোন ট্যাক্সিসের অন্তর্গত?
Ⓐ ধনাত্মক Ⓑ নেগেটিভ Ⓒ নিউট্রাল Ⓓ কোনটিই নয়

09. কোনটি মৌমাছির সম্প্রদায় নয়?
Ⓐ রানী Ⓑ কর্মী Ⓒ ড্রোন Ⓓ রাজা

10. সর্বপ্রথম 'Releaser' শব্দ প্রয়োগ করেন কে?
Ⓐ লরেঞ্জ Ⓑ হার্ভে Ⓒ টিনবারগেন Ⓓ ম্যানিং

11. সহজাত আচরণ সংক্রান্ত সঠিক তথ্য নয় কোনটি?
Ⓐ সাধারণত জন্মগত Ⓑ প্রজাতি নির্দিষ্ট
Ⓒ বংশ পরম্পরায় সঞ্চারিত হয়
Ⓓ জৈবিক বা অভিযোজনিক উদ্দেশ্যে এ আচরণ প্রকাশ করা হয়

12. বিগ্রহ আচরণ কোন আচরণের উদাহরণ?
Ⓐ অর্জিত Ⓑ পরিবেশগত Ⓒ স্থানগত Ⓓ সহজাত

13. প্রতিটি FAP-ই ইনসটিংক্ট; কে বলেছেন?
Ⓐ টিনবারগেন Ⓑ ল্যামার্ক
Ⓒ হেরিংগাল Ⓓ লরেঞ্জ

14. স্পর্শের প্রতি সাড়া দেওয়ার প্রক্রিয়াকে কী বলে?
Ⓐ Rheotaxis Ⓑ Thonotaxis
Ⓒ Tropotaxis Ⓓ Thigmotaxis

15. নিচের কোনটি প্রতিবর্তী ক্রিয়ার সঠিক বৈশিষ্ট্য নয়?
Ⓐ সম্পূর্ণ অনৈচ্ছিক ধরনের প্রতিক্রিয়া
Ⓑ এটি সহজেই সংশোধিত বা পরিবর্তিত হয়
Ⓒ এটি সহজাত বা জন্মগত, শিক্ষালব্ধ নয়
Ⓓ এটি খুব দ্রুতগতিতে সম্পন্ন হয়

16. বাবুই পাখির বাসা তৈরি করা কোন ধরনের আচরণ?
Ⓐ শিক্ষন আচরণ Ⓑ অভিজ্ঞতালব্ধ আচরণ
Ⓒ সহজাত আচরণ Ⓓ পরিবেশীয় আচরণ

17. Altruism শব্দটি সর্বপ্রথম প্রণয়ন করেন কোন দার্শনিক?
Ⓐ R. Ⓐ King Ⓑ C.T. Morgan
Ⓒ August Comte Ⓓ Niko Tinbergan

18. কলোনিতে প্রধান ব্যক্তিত্ব কে?
Ⓐ রাণী Ⓑ শ্রমিক
Ⓒ লার্ভা Ⓓ পুরুষ

19. কর্মী মৌমাছির আয়ুষ্কাল কত?
Ⓐ ৭ দিন Ⓑ ২ মাস
Ⓒ ৭ সপ্তাহ Ⓓ ২ বছর

20. বাংলাদেশে কয় প্রজাতির স্থায়ী পাখি রয়েছে?
Ⓐ ২০০ Ⓑ ৪০০
Ⓒ ৫০০ Ⓓ ৬০০

### ☺ Answer Analysis ☺

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.C | 03.B | 04.C | 05.B | 06.B | 07.D | 08.A | 09.D | 10.A |
| 11.D | 12.D | 13.D | 14.D | 15.B | 16.C | 17.C | 18.A | 19.C | 20.C |



CS CamScanner